ইজিপ্তিয় লোকেরা স্বীয় দুরবস্থায় সচেতন হইয়া বিবেচনা করুক তাহারা আমারদের ভৃত্য মাত্র, আমরা কোন বিষয়ে তাহারদের উপর নির্ভর রাখি না, তাহারা যেন এমত না মনে করে যে জাহাজ যোগে প্রেরিত তাহারদের শস্যেতে আমারদের নিতান্ত প্রয়োজন, বরং তদ্দ্বারা কেবল নিয়মিত রাজস্ব দান করিয়া আপনারাই অঋণি হয়, আর ইহাও যেন মনো মধ্যে অনুধারন করিয়া বুঝে যে আমরা তাহারদের উপর কিঞ্চিন্মাত্র নির্ভর রাখি না তাহারাই আমারদের প্রত্যাশা রাখে, তাহারদের উর্ব্বরা ভূমি রোমান সাম্রাজ্যের অধীন না হইলে সদ্য বিনষ্ট হইয়া যাইত এক্ষণে রোম রাজই ইজিপ্তীয়দের রক্ষক পিতৃ স্বরূপ হইয়াছেন, তাহারা আপনারদের শূন্য শস্যাগার অনায়াসে পূর্ণ দেখিয়া চমৎকৃত হইয়াছে এবং কাহার বদান্যতায় বিদেশীয় সামগ্রী বিনামূল্যে প্রাপ্ত হইয়াছে তাহা বিস্ময় প্রযুক্ত নিশ্চয় করিতে পারে না, ফলতঃ এমত দূরস্থিত দেশে দুর্ভিক্ষ্য ভয় শীঘ্র দূরীকৃত হওয়াতে তাহারা অবশ্য বুঝিবে আমারদের সাম্রাজ্যাধীন থাকাতে কীদৃশ উপকার। নীল নদীর গুণে ইজিপ্ত দেশীয় শস্যের ন্যুনাধিক্য হইতে পারে বটে কিন্তু তাহাতে আমারদের ইষ্টাপত্তি কি? তাহাতে আমারদের মহিমার কোন প্রকার হ্রাস বৃদ্ধি নাই, যাহা হউক পরমেশ্বর দুর্ভিক্ষের উপলক্ষে প্রজার সহিষ্ণুতা এবং রাজার বদান্যতার যথেষ্ট পরীক্ষা করিলেন অতএব এখন অবধি ইজিপ্ত ভূমি যেন চির উর্ব্বরা হয়।

প্লিনি ইজিপ্ত দেশীয় লোকদিগকে নীল নদীর উত্তমজলে গর্ব্বিত দেখিয়া উক্ত প্রকারে তিরস্কার করিয়াছিলেন ফলতঃ ঐ নির্ব্বোধ লোকেরা স্বভাবতঃ বৃথা অভিমানে মত্ত হইত বটে একারণ ইজিকিএল নামক আচার্য্যের প্রণীত বচনে জানা যায় যে পরমেশ্বর স্বয়ং ইজিপ্ত রাজ ফারোকে সম্বোধন করত কহিয়া-

own, and I have made it for myself." God perceived an insupportable pride in the heart of this prince: a sense of security and confidence in the inundations of the Nile, independent entirely of the influences of heaven; as though the happy effects of this inundation had been owing to nothing but his own care and labour, or those of his predecessors: "The river is mine, and I have made it."

Before I conclude this second part of the manners of the Egyptians, I think it incumbent on me, to bespeak the attention of my readers to different passages scattered in the history of Abraham, Jacob, Joseph, and Moses, which confirm and illustrate part of what we meet with in profane authors upon this subject. They will there observe the perfect polity which reigned in Egypt, both in the court and the rest of the kingdom; the vigilance of the prince, who was informed of all transactions, had a regular council, a chosen number of ministers, armies ever well maintained and disciplined, and of every order of soldiery, horse, foot, armed chariots; intendants in all the provinces, overseers or guardians of the public granaries; wise and exact dispensers of the corn lodged in them; a court composed of great officers of the crown, a captain of his guards, a cup-bearer, a master of his pantry: in a word, all things that compose a prince's household, and constitute a magnificent court. But above all these, the reader will

ছিলেন "ওহে ইজিপ্ত রাজ ফারো তুমি নদী মধ্যস্থ বৃহৎ অজা-
গর স্বরূপ হইয়া কহিয়া থাক 'এ নদী আমার নিজস্ব, আমিই
ইহার সৃষ্টি করিয়াছি' কিন্তু দেখ আমি তোমার প্রতিকুল
হইলাম"। অন্তর্যামী পরমেশ্বর জানিতেন ঐ রাজা অতিশয়
অহঙ্কারে মত্ত হইয়াছিল এবং নীল নদীর বৃদ্ধি দেখিয়া
বিধাতার শাসন অমান্য করত অভিমান বশতঃ নিশ্চিন্ত
হইয়া অকুতোভয়ে এই মনে করিত যে পূর্ব্বোক্ত মঙ্গলদায়িকা
নদীর বৃদ্ধি দৈবাধীন নহে তাহা কেবল তাহার আপনার
এবং পূর্ব্বপুরুষদিগের যত্ন ও কৌশল প্রযুক্ত হয় সুতরাং
কহিত "নদী আমার নিজস্ব, আমিই ইহার সৃষ্টি করিয়াছি"

মিসর দেশীয় লোকদিগের রীতি নীতির বিবরণ সমাপ্ত করি-
বার পূর্ব্বে অতিরিক্ত বক্তব্য এই যে সামান্য পুরাবৃত্ত লেখক-
দিগের গ্রন্থে এতদ্বিষয়ের যে২ বর্ণনা আছে আব্রাহাম য়াকোব
যোসেফ এবং মোজেশের উপাখ্যানে তাহার কোন২ অংশ
উল্লেখিত হওয়াতে দৃঢ়রূপে সপ্রমাণ হইয়াছে অতএব পাঠকবর্গ
বিবেচনা করিবেন ইজিপ্ত দেশের রাজসদনাদি সকল স্থানে
কেমন সুনিয়ম চলিত ছিল, ফলতঃ তথাকার চারচক্ষু রাজারা
সর্ব্ব বিষয় উত্তমরূপে অবগত হইয়া সদা সতর্ক থাকিতেন
এবং রাজকীয় কার্য্য নির্ব্বাহার্থ কর্ম্মক্ষম অমাত্য ও পারি-
ষদের নিকট সৎপরামর্শ জিজ্ঞাসা করিতেন আর রাজ্যরক্ষা
নিমিত্ত পদাতিক অশ্বারোহি রথারোহি প্রভৃতি সর্ব্বপ্রকার
সেনা সুশাসন পূর্ব্বক সুসজ্জীভূত করিয়া প্রতিপালন করিতেন।
প্রত্যেক প্রদেশে এক২ জন অধিপতি এবং রাজকীয় শস্যাগারে
পরিণামদর্শি অধ্যক্ষ ছিল আর প্রজারদের মধ্যে যথার্থ বিবেচনা
পূর্ব্বক শস্য বণ্টনের নিমিত্ত বিচক্ষণ লোকও নিযুক্ত ছিল।
অপর রাজসদনে প্রধান২ রাজপুরুষদের মধ্যে কেহ২ রাজর-
ক্ষক সৈন্যের শাসক কেহ বা রাজার পানীয় পাত্র বাহক কেহ
বা নৃপতির পাকশালায় মহানসের কার্য্য সম্পাদকরূপে কর্ম্ম

admire the fear in which the threatenings of God were held, the inspector of all actions, and the judge of kings themselves; and the horror the Egyptians had for adultery, which was acknowledged to be a crime of so heinous a nature, that it alone was capable of bringing destruction on a nation.—*Rollin's Ancient History.*

THE HISTORY OF ANCIENT EGYPT.

The early history of Egypt claims a much higher antiquity than that of any other country, excepting perhaps China and Hindustan, and is consequently involved in darkness the more impenetrable. It is utterly impossible, indeed, to reconcile the accounts of different authors with each other, or with any common standard; and even the same authors are not always consistent with themselves. But some idea may be formed of the comparative value of the different catalogues of sovereigns, by observing which of them is confirmed by the testimony of the greatest number of respectable and unconnected writers, and by inquiring, at the same time, what internal evidence they afford of the truth or falsehood of their statements.

The only authorities on which dependence can be placed respecting the early history of Egypt, are

করিতেন সুতরাং তথায় প্রধান২ রাজসভা এবং রাজ বাটীর উপযুক্ত সমারোহ অহরহ থাকিত। অপর সেখানকার সর্ব্বাপেক্ষা প্রশংসনীয় ব্যাপার এই যে সর্ব্বাধ্যক্ষ পরমেশ্বর যিনি রাজাধিরাজেরও শাসনকর্ত্তা, প্রজারা তাঁহাকে ভয় করিয়া পরস্ত্রীগমনকে মহা পাপ জ্ঞান করিত কেননা তাহা প্রবল হইলে অন্যান্য দোষ না থাকিলেও রাজ্য সদ্য নষ্ট হইতে পারে।

ইজিপ্ত দেশের পুরাবৃত্ত।

বোধ হয় ইজিপ্ত দেশের আদ্য ইতিহাস চীন এবং ভারতবর্ষ ব্যতীত অন্যান্য তাবৎ দেশাপেক্ষা অত্যন্ত প্রাচীন একারণ তাহাতে এমত অস্পষ্ট বর্ণনা আছে যে তদ্বিষয়ে নিশ্চয়াত্মক জ্ঞান প্রাপ্ত হওয়া সুকঠিন, আর যে২ গ্রন্থকারেরা তাহার প্রসঙ্গ করিয়াছেন তাঁহারদের বাক্যের পরস্পর সমন্বয় করাও দুঃসাধ্য কেননা তাঁহারা কোন২ স্থলে আপন২ মতেরও বিরুদ্ধ উক্তি করিয়াছেন অতএব এবিষয়ে তথ্যাতথ্য স্থির করিবার এইমাত্র উপায় আছে যে গ্রন্থকার দিগের দ্বারা উল্লেখিত নৃপতি বর্গের মধ্যে কোন্২ রাজার উপাখ্যান ভূরি২ মান্যবর এবং নিরপেক্ষ লেখকদিগের বচনে দৃঢীকৃত হইয়াছে আর সে সকল গ্রন্থকার দিগের রচনার ধারায় সত্যাসত্যের কীদৃশ লক্ষণ প্রকাশ পায় ইহা বিবেচনা করিলে ভিন্ন২ রাজবংশাবলীর মধ্যে কোন্ বংশের বর্ণনা কি পর্য্যন্ত বিশ্বাস্য তাহা হৃদয়ঙ্গম হইতে পারে।

ইজিপ্তের আদ্য পুরাবৃত্ত প্রকরণে হিরদতস, মানেথো, ইরাতস্থিনিস, দাইওদোরস সিকুলস, স্ত্রাবো প্রভৃতি গ্রন্থকার

Herodotus, Manetho, Eratosthenes, Diodorus Siculus, and Strabo, all of whom had been for longer or shorter periods in the country. Herodotus lived soon after the conquest of Egypt by the great Persian conqueror Cambyses, when the names of the later monarchs could scarcely have been forgotten. The earlier part of his history is certainly of a very apocryphal character; but as he does not continue the series of the kings further than Sesostris and Mœris, almost all his names are, therefore, sufficiently recent to be considered as within the province of legitimate history. Manetho lived under Ptolemy Philadelphus, to whom he dedicated his three books of the *History of Egypt;* and there is little doubt that the extracts preserved by Josephus, Eusebius, and Syncellus although some of these may have passed from one compiler to another, are in general perfectly authentic. How much of the work was originally fabulous, and how much has been distorted by transposition and anachronism, it is impossible accurately to determine. But besides the original inadmissibility of so long a series of successive generations, the invention of which may possibly be imputed to the same national vanity which led the priests to boast to Herodotus of three hundred and thirty kings between Menes and Sesostris, there are several coincidences pointed out by Marsham, in the names and qualifications of princes mentioned at very remote periods, which tend strongly

দিগের কর্ত্তৃক যেং বিষয় বর্ণিত হইয়াছে কেবল তাহাই বিশ্বাস করা যাইতে পারে কেননা ঐ গ্রন্থকারেরা সকলেই তদ্দেশে কিয়ৎকাল বাস করিয়াছিলেন। পারস্য দেশের জয়িষ্ণু বীর কাম্বাইশেস যৎকালীন ইজিপ্তদেশ জয় করেন তাহার অল্পকাল পরেই হিরদতস জন্ম গ্রহণ করিয়াছিলেন সুতরাং সে সময়ে অনেকানেক অতীত রাজারদের নাম অবশ্য সাধারণের স্মরণে ছিল, যদিও তাঁহার রচনার আদ্যাংশ সংশয় স্থল বটে তথাচ তিনি শিসস্ত্রিস এবং মিরিস অপেক্ষা অধিক পূর্ব্বতন রাজাদের প্রসঙ্গ না করাতে তাঁহার উল্লেখিত সকল নৃপতিরাই সে কালের পক্ষে নব্য ছিলেন অতএব হিরদতসকে তদ্বিষয়ের তথ্যাতথ্য নির্ণয় করণে সক্ষম কহা যাইতে পারে। মানেথো তলমি ফিলাদেল্‌ফসের সময়ে বর্ত্তমান ছিলেন তিনি "ইজিপ্তের পুরাবৃত্ত" নামে তিন গ্রন্থ লিখিয়া ঐ রাজাকে নিবেদন করিয়াছিলেন, যোসিফস ইউসিবিয়স এবং সিনশেলস সেই গ্রন্থ হইতে যেং বচন উদ্ধৃত করিয়াছেন তাহা অনেকানেক সংগ্রহ কর্ত্তার হস্তে লিখিত হওয়াতে কোনং স্থলে কল্পিত শব্দে পূর্ণ হইয়া থাকিবে কিন্তু তাহা সর্ব্বাংশে কৃত্রিম নহে বরং তাহাকে সামান্যতঃ অকৃত্রিম কহা যাইতে পারে। পরন্তু ঐ গ্রন্থ সংক্রান্ত উপাখ্যান আদৌ কিয়ৎ পরিমাণে অলীক গল্পেতে পূর্ণ ছিল এবং তাহার বিষয় সত্য হইলেও দেশ কাল নাম রূপের নির্দ্দেশে কি পর্য্যন্ত বিকৃতি প্রাপ্ত হইয়াছিল তাহা এক্ষণে সম্যক্ রূপে নির্ণয় করা যায় না, ইজিপ্তীয় যাজকেরা হিরদতসের নিকট বোধ হয় কেবল জাত্যাভিমান প্রযুক্ত দর্প করিয়া কহিয়াছিলেন যে তাহারদের দেশে মিনিস এবং শিসস্ত্রিসের মধ্যে ৩৩০ জন রাজা গত হইয়াছিলেন, কিন্তু এমত বহুসংখ্যক ধারা বাহিক নৃপতি বর্গের ইতিহাস কখনই গ্রাহ্য হইতে পারে না, আর মার্সাম স্পষ্ট রূপে সিদ্ধান্ত করিয়াছেন যে অনেকানেক

to encourage the opinion that the originals were respectively one and the same person. There are also other instances which render it not improbable that several of the persons enumerated may have been contemporary sovereigns of different subdivisions of the country: but, perhaps, this portion of Marsham's theory has been carried a little too far; and, amidst so much confusion, it is not to be wondered that all his learning and ingenuity should have failed to establish any satisfactory result. He holds the catalogue of Eratosthenes in high and just estimation, although he was not acquainted with the very strong argument in favour of its authenticity, derived from the agreement of many of the etymologies with the acknowledged meaning of the terms in the Egyptian language; an agreement, indeed, which renders it more than probable that Eratosthenes, who lived in the reign of Ptolemy Euergetes, did actually receive these names from the priests of Diospolis. This interesting catalogue has been successively copied by Apollodorus, Africanus, Eusebius, and Syncellus; but how many of the names contained in it were really those of actual sovereigns of Egypt, and how many had been negligently or ignorantly read and pronounced, it is by no means easy to ascertain. It may be observed, that scarcely any of them are to be found in the works of other chronologers or historians. Diodorus is upon the whole, a very candid

প্রাচীন মহীপাল দিগের নামে ও গুণ কীর্ত্তনে এমত সাদৃশ্য আছে যে তাহাকে স্বতন্ত্র২ পুরুষের বর্ণনা না কহিয়া অনুমান ন্যায়েতে সকলকেই এক জনের প্রকারান্তর বিবরণ কহা যাইতে পারে, অধিকন্তু কোন২ স্থলে এমত ও বোধ হয় যে উক্ত রাজারদেব মধ্যে অনেক ব্যক্তি পূর্ব্বাপর ক্রমে রাজ্য না করিয়া একেকালে ভিন্ন২ প্রদেশে আধিপত্য করিয়া থাকিবেক। পরন্ত মার্সামের এই সিদ্ধান্তে অত্যুক্তির আভাস প্রকাশ পায় অনেকে তাহা বিবেচনা না করিয়া তাঁহার কথায় নির্ভর রাখিয়াছে ফলতঃ তিনি অতিশয় বিদ্বান ও বিজ্ঞবর হইলেও যদি এমত বিজাতীয় গোল চক্রে ভ্রান্ত হইয়া যথার্থ সিদ্ধান্ত করণে অক্ষম হইয়া থাকেন ইহা চমৎকারের বিষয় নহে। ঐ গ্রন্থকার ইরাতস্থিনিসের প্রণীত রাজাবলীর মহা সমাদর করিয়াছেন তাহাও যুক্তি সিদ্ধ বটে কিন্তু অনেক নৃপতিদের নামের ব্যুৎপত্তি ইজিপ্তীয় ভাষার প্রসিদ্ধ শব্দার্থের সহিত ঐক্য হওয়াতে ইরাতস্থিনিসের বর্ণনা কি পর্য্যন্ত বিশ্বাস্য হয় তাহা মার্সাম স্বয়ং জানিতেন না, শব্দার্থের সহিত ঐক্য হওয়াতে প্রায় নিশ্চয় উপলব্ধি হয় ইরাতস্থিনিস তলমি ইউর্গেতিসের অধিকার কালে বাস করত দিয়স্পালিশস্থ যাজকগণের নিকট ঐ সকল নাম অবগত হইয়াছিলেন, এপলোদোরস আফ্রিকেনস ইউসিবিয়স এবং সিনসেলসও ক্রমশঃ উক্ত নামের উল্লেখ করিয়াছেন কিন্তু কোন২ নাম বস্তুতঃ ইজিপ্তীয় রাজারদের উপাধি ছিল আর কোন২ উপাধি অযত্ন অথবা অবিদ্যা বশতঃ অশুদ্ধ রূপে পঠিত ও উচ্চারিত হইয়া থাকে তাহা সহজে নিরূপণ করা যায় না। বিশেষতঃ অন্যান্য পুরাবত্ত রচক ও কালগণনা কারকদের গ্রন্থে সে সকল নাম প্রায় পাওয়া যায় না। দাইওদোরস সামান্যতঃ বিবেচক ও সরলচিত্ত গ্রন্থকারক রূপে গণ্য হইতে পারেন যদিও তিনি আধুনিক কোন২ পণ্ডিতগণের বিবেচনায়

and judicious writer; and although some modern critics have entertained considerable prejudices against him, it will be afterwards found that he had a correct knowledge of the Egyptian institutions. The accuracy and good sense of Strabo are so well known, that we cannot but regret the paucity of historical facts respecting Egypt to be found in his writings. Besides the works of these authors, there is an anonymous chronicle copied by Africanus, and from him by Syncellus, which affords a series of kings somewhat shorter than that of Manetho, and also more regularly filled; but it seems to be principally a compilation from Manetho, with some reference to the contemporary events of the Scriptural chronology.

Such being the principal sources of early Egyptian history, we shall now proceed to the more immediate object of this section, namely, to exhibit an outline of the civil history of ancient Egypt. And here, in order to render our narrative intelligible, it is proper to state both the ancient and modern divisions of the country. These have been suggested by the course of the river, and the general configuration of the valley of the Nile, between the cataract of Assouan and the sea. Anciently this remarkable country was divided into three parts, namely, Upper Egypt, called the *Thebaid*, because Thebes was its capital; Middle Egypt, called the *Heptanomis*, or Seven Governments; and Lower Egypt, or the Delta,

প্রশংসাভাজন না হইয়া থাকেন তথাপি পরে প্রকাশ হইবেক তিনি ইজিপ্তদেশীয় রাজনীতি প্রভৃতিতে পারদর্শী ছিলেন। এস্থলে স্ত্রাবোর সদ্বিবেচনা ও শুদ্ধ বর্ণনাশক্তির প্রসঙ্গ করা নিষ্প্রয়োজন কেননা তাহা সকলেই অবগত আছেন কেবল ক্ষোভের বিষয় এই যে ইজিপ্তীয় পুরাবৃত্ত সম্বন্ধে তিনি অত্যল্প মাত্র লিখিয়াছেন। ইজিপ্তদেশের ইতিহাস উক্ত গ্রন্থকার গণ ব্যতীত আর এক জন দ্বারা লিখিত হয় তাহার নাম প্রকাশিত হয় নাই, অফ্রিকেনস এবং সিনসেলস তাহার রচিত বচন উদ্ধৃত করিয়াছেন ঐ ইতিহাস সংক্রান্ত রাজাবলী মানেথোর ন্যায় দীর্ঘ নহে তাহাতে রাজারদের উপাখ্যানও সুনিয়ম পূর্ব্বক লিখিত হইয়াছে তথাপি তাহা মানেথোর গ্রন্থের সার সংগ্রহ মাত্র বোধ হয়, তাহার মধ্যে কেবল ধর্ম্ম শাস্ত্রোক্ত কাল নিরূপণানুসারে তৎকালীন অন্যান্য বিষয়ের প্রসঙ্গ অতিরিক্ত আছে।

ইজিপ্তদেশীয় পুরাবৃত্তের এই২ মূল সূত্রের উল্লেখ করিয়া সম্প্রতি আমরা উপস্থিত অধ্যায়ের নির্দ্দিষ্ট বিষয় বর্ণনা করত প্রাচীন ইজিপ্তের রাজাদির বৃত্তান্ত সংক্ষেপে লিখিব। ঐ দেশের পুরাবত্ত বর্ণনা স্পষ্ট করণার্থ তথাকার ভূমি পূর্ব্বাপর কালে কি২ খণ্ডে বিভক্ত হইয়াছে আদৌ তাহার বর্ণনা করা আবশ্যক, ফলতঃ নীল নদীর জল প্রবাহের রেখানুসারে এবং আসুএনস্থ নির্ঝর ও সমুদ্রের মধ্য স্থলে নীল নদ তীরস্থ উপত্যকার আকৃতি ক্রমে ঐ সকল খণ্ড ধার্য্য হইয়াছে উক্ত বিচিত্র দেশ পূর্ব্বকালে তিন খণ্ডে বিভক্ত হইয়াছিল যথা (১) উচ্চতর ইজিপ্ত থিবিস রাজধানীর নামানুসারে যাহার নামান্তর থিবাইস হইয়াছিল, (২) মধ্য ইজিপ্ত যাহার নামান্তর হেপ্তনোমিস অর্থাৎ সপ্ত প্রদেশ, (৩) নিম্ন ইজিপ্ত অথবা

extending to the Mediterranean. The Arabs and Ottomans have only changed the names of these divisions, which in fact are marked out by the hand of nature. First, Upper Egypt is called the *Said*, and includes the provinces of Thebes, Djirdjeh, and Siout; second, Middle Egypt, called the *Vostani*, consists of the provinces of Fayoum, Benisouef, and Minyeh; third, Lower Egypt, called *Bahari*, or the maritime country, includes the provinces of Bahyreh, Raschid or Rosetta, Gharbyeh, Menouf, Massoura, Sharkieh, and the Cairo district, consisting of the subdivisions of Kelioubeh and Atfihieh. The appellation of Upper Egypt is sometimes taken in a strictly physical acceptation, and made to include all the provinces above Cáiro.

The first tribes who peopled Egypt, that is, the valley of the Nile between the cataract of Assouan and the sea, probably came from Abyssinia or Sennaar. The current of population appears to have descended, along the course of the stream, and to have gradually overspread the valley fertilized by its waters; but it is impossible to fix the period of the first migration which, however, must have been very remote. The ancient inhabitants of Egypt belonged to a race of men in most respects resembling the Kennous or Barabras, the actual inhabitants of Nubia. In the Copts of Egypt we find none of the characteristics of the ancient population of that country. The Copts

দেল্‌তা যাহা ভূমধ্যস্থ সাগর পর্য্যন্ত বিস্তীর্ণ ছিল। অনন্তর ইদানীন্তন কালে আরবি এবং তুর্কি লোকেরা ইজিপ্তদেশ অধিকার করিলেও উক্ত স্বাভাবিক তিন খণ্ডের অন্যথা হয় নাই কেবল নামান্তর হইয়াছে, প্রথমতঃ তাহারা উচ্চতর ইজিপ্তকে সাইদ কহে এবং থিবিস জির্জে এবং সিউট নামক তিন প্রদেশকে তাহার অন্তঃপাতি জ্ঞান করে, দ্বিতীয়তঃ তাহারা মধ্য ইজিপ্তের বস্তানি নাম দিয়া ফেউম বিনিস্থএফ ও মিনিএ নামক প্রদেশত্রয়কে তদন্তর্গত কহে, ততীয়তঃ তাহারা নিম্ন ইজিপ্তকে বাহারি অর্থাৎ সমুদ্র কূলস্থ খণ্ড রূপে বিখ্যাত করিয়া বেহিরে, রশিদ অথবা রসেতা, ঘার্বিএ, মেনুফ, মাসুরা, শার্কিএ, এবং কেলিউবে ও আৎফিহিএ সমেত কাইরো প্রদেশকে তাহার মধ্যবর্ত্তি রূপে গণ্য করে। উচ্চতর ইজিপ্তের উপাধি কথন২ শব্দার্থানুসারে ব্যবহৃত হইয়া কাইরোর উপরিস্থ সকল প্রদেশকেই বুঝায়।

যে সকল জাতি ইজিপ্ত দেশে অর্থাৎ আসুয়ানের নির্ঝর এবং সাগরের মধ্যস্থিত নীল নদী সন্নিহিত উপত্যকাতে প্রথমতঃ বসতি করে বোধ হয় তাহারা আবিসিনিয়া অথবা সিনের হইতে আগমন করিয়া নদী প্রবাহের পার্শ্ব দিয়া ভ্রমণ করত ঐ স্রোতস্বতীর জলে উর্ব্বরীভূত সমস্ত ভূমিতে আপনাদের বসতি ক্রমশ ব্যাপ্ত করিয়াছিল, এই আদ্য বসতি অবশ্য অতি প্রাচীন কালে হইয়া থাকিবে কিন্তু তাহার তথ্য নিরূপণ করা অসাধ্য। যে২ জাতিরা আদৌ বসতি করে তাহারা সর্ব্বতোভাবে প্রায় নুবিয়া দেশস্থ কেম্নুস অথবা বরব্রা জাতির সদৃশ ছিল, সম্প্রতি কপ্ত নামে যে লোকেরা ঐ দেশে আছে তাহারা কোন মতে তথাকার প্রাচীন বসতিকারদের সদৃশ নহে, যে২ জাতি ইজিপ্ত দেশে ক্রমশ আধিপত্য করিয়াছিল,

are the product of a confused mixture of all the nations who have successively domineered over Egypt; and it would therefore be absurd to expect to find amongst them the characteristic features of the ancient race. The first settlers who arrived in Egypt were nomadic, and had not more fixed dwellings than the Bedouins of the present day; they were then destitute of science, of arts, and of definite forms of civilization. It was the work of ages of favourable circumstances which led the Egyptians, at first errant, to apply at length to agriculture, and to establish themselves in a fixed and permanent manner: then, and then only, arose the first towns, which in their beginnings were only small villages, but, by the successive development of civilization, became at length great and powerful cities. The most ancient towns of Egypt were Thebes (Luxur and Karnak) Esneh, Edfou, and the others of the Said above Dendera. Middle Egypt was then peopled; but Lower Egypt had neither inhabitants nor towns until a later period. It was only in consequence of prodigious works executed by the labour of man that Lower Egypt became habitable.

The Egyptians in the early stage of their progress were ruled by priests. The latter administered the government in every district of Egypt under a high priest, who again pretended to issue his orders in the name of God. This form of government, which is called a

সে সকলের মিশ্রণে ঐ জাতি সঙ্কীর্ণ বর্ণ স্বরূপে উৎপন্ন হইয়াছে সুতরাং তাহাদের মধ্যে প্রাচীন জাতির লক্ষণ দেখিবার প্রত্যাশা করা অসঙ্গত। ইজিপ্তের প্রথম বসতিরা বন্য রাখাল মাত্র ছিল আধুনিক বেঁদুই আরবিরদের ন্যায় তাহারদেরও গৃহাশ্রম ছিলনা, তৎকালে তাহারা বিদ্যা ও শিল্প ক্রিয়াতে নিতান্ত অনভিজ্ঞ ছিল এবং সভ্যতার ধারা কিঞ্চিন্মাত্র জানিত না। ইজিপ্তীয় লোকেরা প্রথমতঃ উদাসীনের ন্যায় থাকিয়া পরে যে কৃষি কার্য্যে মনোযোগ করিয়া গৃহাশ্রমে স্থায়ি হইয়াছিল তাহা অল্প কালের মধ্যে হয় নাই, তাহারা অনেক দিবস পর্য্যন্ত নির্ব্বিঘ্নে বাস করাতে ঐ সভ্যতার উপক্রম হইয়াছিল তাহাতে প্রথমতঃ জনপদাদির নির্ম্মাণ হয় যাহা আদ্যাবস্থায় ক্ষুদ্রং গ্রাম মাত্র ছিল, অবশেষে সভ্যতার ক্রমিক বৃদ্ধি হওয়াতে মহা পরাক্রমশালিনী নগরী হইয়া উঠে। ইজিপ্ত দেশে থিবিস (অর্থাৎ লক্সর এবং কার্ণাক) এস্নে এড্‌ফো এবং দেন্দেরার উপরে সাইদ প্রদেশস্থ অন্যান্য নগর সর্ব্বাদৌ নির্ম্মিত হয়, তৎপরে মধ্য ইজিপ্তে লোকের বসতি হয় কিন্তু নিম্ন ইজিপ্তে অনেক কাল পর্য্যন্ত নগর নির্ম্মাণ কিম্বা লোকের বসতি হয় নাই, ইজিপ্তের প্রকাণ্ডং কৃত্রিম রচনা বহু পরিশ্রমে সমাপ্ত হওয়াতেই তথায় লোকের বসতি হইয়াছিল।

ইজিপ্তীয় লোকেরদের আদ্যাবস্থায় যাজকেরাই রাজ্য শাসন করিত, তাহারা এক জন সার্ব্বভৌম মহাযাজকের আদেশানুসারে প্রত্যেক প্রদেশে রাজকীয় কার্য্য নির্ব্বাহ করিত সেই সার্ব্বভৌম আপনাকে দেব প্রেরিত বলিয়া অভিমান করত ঈশ্বরের নামে আজ্ঞা প্রচার করিতেন সুতরাং

theocracy, resembled that by which the Arabians were governed under the first caliphs, though, in several respects, its construction was much less perfect. From its peculiar character, a government of this kind easily became unjust and oppressive, and, for a very long period, it retarded the advance of civilization. It had divided the nation into three distinct parts or castes; first, the priests, then the military, and, thirdly, the people. The people alone laboured, and the fruit of all their toils was devoured by the priests, who kept the military in their pay, and employed them in keeping in check the rest of the population. But a period arrived when the military became weary of yielding a blind obedience to the priests. A revolution broke out, and the change which proved fortunate for Egypt was brought about by a military chief, named Menei or Menes, who became the head of the nation, established the royal government, and transmitted the power to his descendants in the direct line. From this period the country was ruled by kings, and the government became milder and more enlightened; for the royal power found a sort of counterpoise in the influence which the priesthood necessarily possessed, now that it was confined to its proper province of inculcating the laws of morality, and teaching the principles of the arts. Thebes, still remained the capital of the kingdom; but king Menes, and his son and successor

এই রূপ রাজ্য শাসনের ধারা দৈবশাসন নামে প্রসিদ্ধ হয়. উক্ত ধারা কোন২ বিষয়ে সম্পূর্ণরূপ সুশৃঙ্খল না হইলেও আরবি দেশে আদ্য খালিফদিগের অধিকার কালে যে প্রকার শাসনের প্রথা হয় তাহার সদৃশ ছিল। যাজক লোক সার্ব্বভৌম রাজা হইলে স্বভাবতঃ দোষ ঘটিবার সম্ভাবনা সুতরাং উক্ত শাসনে সর্ব্বদাই অন্যায় ও অত্যাচার হইত অতএব বহুকাল পর্য্যন্ত সভ্যতায় ব্যাঘাত পড়িয়াছিল। যাজকদিগের শাসন বশতঃ দেশের মধ্যে তিন প্রকার জাতি অর্থাৎ বর্ণভেদ হইয়াছিল, তন্মধ্যে যাজকেরা প্রথম, যোদ্ধারা দ্বিতীয়, এবং অবশিষ্ট প্রজারা তৃতীয় বর্ণ রূপে গণিত হইত, কিন্তু তৃতীয় শ্রেণির লোকেরদের পরিশ্রমেই কৃষি কর্ম্মাদির নির্ব্বাহ হইত যাজকেরা তাহারদের শ্রমের ফলভোগি হইয়া যোদ্ধারদিগকে বেতন দান করিয়া তাহারদের উপলক্ষে অবশিষ্ট প্রজারদিগকে আপনারদের অধীনে রাখিত। কিয়ৎকাল পরে যোদ্ধারা যাজকদিগের আজ্ঞাকারি কিঙ্কর হইয়া থাকা আর সহিষ্ণুতা করিল না সুতরাং পুর্ব্ব রীত্যনুযায়ি শাসনের বিপর্য্যয় হওয়াতে ইজিপ্তের পক্ষে অনেক মঙ্গল হইল, মিনাই অথবা মিনিস নামে এক জন যুদ্ধবীর প্রজা পালনের নূতন প্রথার সৃষ্টি করিয়া আপনি দেশাধিপতি হইলেন এবং রাজার দ্বারা শাসনের নিয়ম স্থির করিয়া চরম কালে পুত্র পৌত্রাদির প্রতি রাজ্য শাসনের ভারার্পণ করিয়া গেলেন। অতএব ঐ সময়াবধি দেশের মধ্যে রাজার আধিপত্য স্থাপিত হইল তাহাতে বিবেচনা ও সৌষ্ঠব পুর্ব্বক রাজকীয় কার্য্য নির্ব্বাহ হইতে লাগিল, আর যাজকেরা আচার্য্যের প্রকৃত ব্যবসায়ে অর্থাৎ শাস্ত্রাধ্যয়ন নীতি শিক্ষা এবং বিদ্যাধ্যাপনাদিতে ব্যাপৃত হওয়াতে তাহারদেরও মান সম্ভ্রম ও প্রভাবের ত্রুটি হইল না সুতরাং রাজাও তাহারদের ভয়ে অত্যাচার করিতে পারিতেন না। থিবিস নগর তখন পর্য্যন্ত

Athothes, laid the foundations of Memphis, which they rendered a strong city, and constituted their second capital. It was built at a short distance from the Nile; and its ruins have been found in the villages of Menf, Mokhnan, and particularly Mit-Rhahinch.

As the reign of Menes forms the extreme limit of legitimate curiosity in this interesting field of inquiry; and as all correct notions of Egyptian chronology must in a great measure rest on the determination of the period at which that monarch assumed or exercised the supreme power; various attempts have been made to fix this important epoch, from the data furnished either by monuments or by lists of dynasties and kings as given by the ancient authors. It will be sufficient for our present purpose, however, merely to state the results at which different inquirers have arrived. Menes, then, commenced his reign,

	B. C.	
According to Dr. Hales, *New Analysis of Ancient Chronology*, vol. iv. p. 418............	2412	
According to Old Chronicle, *New Analysis*, vol. iv. p. 407............................	2231	
According to Eratosthenes, Prichard's *Egyptian Antiquities*.....................	2220	
According to Eusebius, *New Analysis*, vol. iv. p. 417..........................	2258	or 2262
According to Julius Africanus, *ibid*........	2218	
According to Dr. Prichard, *Egyptian Antiquities*, p. 91..........................	2214	

The mean of these different calculations is 2256, which, therefore, may be taken as perhaps the closest

রাজধানী স্বরূপ ছিল পরে মিনিস রাজা এবং তাঁহার পুত্র অথচ উত্তরাধিকারি অথোথিস মেম্ফিস নগর স্থাপন করিয়া সুদৃঢ় জনপদ করত দ্বিতীয় রাজধানী করেন তাহা নীল নদীর অত্যল্প দূরে নির্ম্মিত হইয়াছিল, মেন্‌ফ মথনান বিশেষতঃ মিত্রাহিন্নী নামক গ্রামে ঐ নগরের অবশিষ্টাংশ পাওয়া গিয়াছে।

পুরাবৃত্ত জিজ্ঞাসু লোকেরা মিনিসের রাজ্যলাভ পর্য্যন্তই ঐ দেশের ইতিহাস জানিবার নিমিত্ত যথার্থ রূপে উৎসুক হইতে পারেন, আর মিনিস রাজার প্রভুত্বের সময় নিরূপণের সত্যাসত্যানুসারেই ইজিপ্তদেশ সম্বন্ধীয় কাল গণনা শুদ্ধাশুদ্ধ হইবার সম্ভাবনা একারণ অনেকানেক পণ্ডিত তথাকার স্মরণীয় বস্তু কিম্বা প্রাচীন গ্রন্থকার দিগের রচিত রাজ বংশাবলীর সূক্ষ্ম বিবেচনা করিয়া মিনিস রাজার কাল গণনা করিতে বহুতর যত্ন করিয়াছেন কিন্তু এস্থলে তাঁহারদের বিচারের বিস্তারিত বর্ণনা করা নিষ্প্রয়োজন তাঁহারা কি২ মত স্থাপন করিয়াছেন তাহার উল্লেখ করিলেই পর্য্যাপ্ত হইবে। অতএব মিনিসের রাজ্যারম্ভ খ্রীষ্টের পূর্ব্ব

ডাং হেলিসের মতে .. ..২৪১২ বর্ষে হয়
পুরাতন কালনিরূপণানুসারে .. ....২২৩১ বর্ষে
ইরাতস্থিনিসের মতে .. ..২২২০ বর্ষে
ইউসিবিয়সের মতে .. ..২২৫৮ বর্ষে } [illegible]
জুলিয়ন অফ্রিকেনসের মতে .. ..২২১৮ বর্ষে } [illegible]
ডাং প্রিচার্ডের মতে.. .. ..২২১৩ বর্ষে

এই২ কাল নিরূপণের মধ্যে যে বৈলক্ষণ্য আছে তাহার ন্যূনাধিক্য গণনা করিলে ফলে ২২৫৩ বর্ষ লব্ধ হইবে, সূক্ষ্ম

approximation to the truth. Amongst the principal authorities on which the reign of Menes has been determined as above, may be mentioned the statement of Josephus, that Menes lived many years before Abraham, and that he governed Egypt more than 1300 years before Solomon. But Abraham was born 2153 years, and the son of David ascended the throne of Israel 1030 years before Christ; and these facts, combined with the account which is given in the old chronicle of the dynasty of kings which proceeded from Mitzraim, seem to warrant the conclusions of modern chronologers. It is evident, therefore, that Champollion has committed an egregious error in stating that, according to the ancient histories of Egypt, the epoch of the revolution which placed Menes on the throne was about six thousand years before the publication of Islamism. This is very nearly the double of the truth as ascertained by the very authorities to which he refers.

The actions of this monarch have been conveyed to us through the obscure and uncertain channel of tradition. On his accession he found the kingdom, like all priest-governed countries, in a most deplorable condition. Excepting the Thebais, the whole of it was a morass; and, though ruled by priests, the people were destitute of every kind of religion, as well as sunk in utter ignorance. According to Herodotus, Menes applied himself to remedy these evils.

গণনায় ইহাকেই প্রায় সত্য কহা যাইতে পারে। মিনিসের রাজত্বের কাল এই রূপে মীমাংসা করিবার যেং মূল প্রমাণ আছে তাহার মধ্যে যোসিফসের বচন অতি প্রসিদ্ধ, তিনি কহেন মিনিস আব্রাহমের অনেক কাল পূর্ব্বে বর্ত্তমান ছিলেন এবং সলমনের ১৩০০ বৎসরের অধিক অগ্রে ইজিপ্তে রাজত্ব করিয়াছিলেন কিন্তু আব্রাহম খ্রীষ্টের পূর্ব্ব ২২৫৩ বৎসরে জন্ম গ্রহণ করেন এবং সলমন ১০৩০ বৎসরে ইস্রাএলের রাজপদে অভিষিক্ত হয়েন অতএব যোসিফসের উক্তির সহিত মিস্রেম বংশীয় রাজারদের পুরাতন কাল নির্ণয়ের সমন্বয় করিলে আধুনিক কাল নির্ণায়কদিগের সিদ্ধান্ত সপ্রমাণ হয় সুতরাং এবিষয়ে চম্পোলিয়নের ভ্রম স্পষ্ট রূপে প্রকাশ পাইতেছে তিনি কহেন যে ইজিপ্তের প্রাচীন ইতিহাসানুসারে মোসলমান ধর্ম্ম প্রচারের ছয় সহস্র বৎসর পূর্ব্বে মিনিসের রাজ্যলাভ হইয়াছিল কিন্তু তাঁহার আপনার উল্লেখিত গ্রন্থকারদিগের মতেই তাহা বস্তুতঃ কেবল তিন সহস্র বৎসর অগ্রে হইয়াছিল।

মিনিস রাজার বৃত্তান্ত কোন প্রত্যক্ষ দর্শক দ্বারা লিখিত হয় নাই কেবল পরম্পরায় শ্রুত হইয়াছিল সুতরাং তাহা অনিশ্চিত এবং অস্পষ্ট ঐতিহ্য কথায় পরিপূর্ণ হইয়াছে, কথিত আছে তাঁহার রাজ্যারম্ভ কালে অন্যান্য যাজক শাসিত দেশের ন্যায় ইজিপ্ত রাজ্যেরও মহা দুর্গতি হইয়াছিল, থিবাইস খণ্ড ব্যতীত সমুদয় দেশ জলাভূমির সদৃশ ছিল এবং যাজকেরদের প্রভুত্ব সত্ত্বেও প্রজারদের ধর্ম্মজ্ঞান মাত্র জন্মে নাই বরং সকল বিষয়েই ঘোর অবিদ্যা ছিল। হিরদতস কহেন মিনিস ঐ মহা

He diverted the course of the Nile, which before his time had washed the base of the sandy ridge near the borders of the Libyan desert, and thus protected from the inundations of the river the ground on which Memphis was afterwards erected. To accomplish this object, he erected a mound about twelve miles south from the future capital of Egypt; turned the course of the stream, a large branch of which had previously made its way through the valley of Fayoum, towards the Delta; and conducted it to the sea at an equal distance from the elevated ground by which on either side the country is bounded. Menes also acquired glory in war; but his best renown consists in having improved his country, and instructed his subjects in the arts of life. His death is said to have been occasioned by a hippopotamus.

We may here give an example of the fabulous extravagance of Egyptian chronology, as founded on the statements of the priests. Menes or Menas was the first mortal who sat upon the throne of Egypt, the country having before his time been governed by eight god in succession. But Herodotus mentions, that the priests recited to him, from books, three hundred and thirty sovereigns, successors of Menes, of whom eighteen were Æthiopian princes, and one a queen called Nitocris. Now, allowing thirty-three year for a generation, the joint reigns of three hundred and thirty kings would amount to about eleven thousand

দুর্গতির উপায় করিতে প্রবৃত্ত হইয়া নীল নদীর জল প্রবাহের মার্গ পরিবর্ত্তন করেন, ঐ স্রোতস্বতী পূর্ব্বে লিবিয়া দেশের সমীপস্থ বালুকাময় গিরি শ্রেণীর তল দিয়া বহিত, মিনিস রাজা তাহার স্থানান্তর করিয়া পরে যেখানে মেম্ফিস নগর নির্ম্মাণ হয় সে স্থলকে নদী প্লাবন হইতে রক্ষা করিলেন, তিনি এই ব্যাপারে প্রবৃত্ত হইয়া প্রথমতঃ ইজিপ্তের ভাবি রাজধানী মেম্ফিস নগরের ছয়* ক্রোশ দক্ষিণে এক আলি বন্ধন করিয়াছিলেন পরে ঐ স্রোতস্বতীর যে বৃহৎ শাখা ফেয়ুম উপত্যকা দিয়া দেল্‌তাভিমুখে গমন করিত তাহার পথ পরিবর্ত্তন করত দেশের উভয় পার্শ্বস্থ উচ্চভূমির সমদূরে ঐ নদীকে সমুদ্রবাহিনী করিলেন। মিনিস যুদ্ধ ব্যাপারেও নিজ নামোজ্জ্বল করিয়াছিলেন কিন্তু দেশের অবস্থা শোধন এবং প্রজারদের মধ্যে ব্যবসায়িক বিদ্যা স্থাপনেই তাঁহার সর্ব্বাপেক্ষা অধিক যশোলাভ হয়। কথিত আছে নদ ঘোটক নামক বিশেষ জল জন্তুর আঘাতে অবশেষে তাঁহার প্রাণ বিয়োগ হয়।

ইজিপ্তীয় যাজকদের বচন প্রমাণ ঐ দেশের পূর্ব্ব বৃত্তান্তে কীদৃশ উৎকট জল্পনা প্রচার হইয়াছে এস্থলে তাহার এক দৃষ্টান্ত লেখা যাইতেছে, তাহারা কহিত দেশের মধ্যে আদৌ অষ্ট জন দেবতা ক্রমশঃ রাজত্ব করিয়াছিলেন পরে মিনিস অথবা মিনাস প্রথম নর রাজা হয়েন। হিরদতস কহেন উক্ত যাজকেরা তাঁহার নিকট আপনারদের গ্রন্থ হইতে মিনিসের উত্তরাধিকারি তিন শত ত্রিংশৎ রাজার নামোল্লেখ করিয়াছিল ইহাঁরদের মধ্যে অষ্টাদশ জন ইথিওপীয় রাজা এবং এক জন নিতক্রিশ নাম্নী রাণী ছিলেন, এ কথা সত্য হইলে যদি স্থূল গণনায় প্রত্যেক রাজার রাজত্বের স্থিতি ত্রয়স্ত্রিংশৎ

years; a period which, according to the forged records of these priests, must have intervened between the reign of Menes and that of Sesostris. The statement of Diodorus Siculus, however, is by no means so violently opposed to truth and probability. He agrees with Herodotus in representing Menes as the first king of Egypt who reigned after the gods; but he says that after Menes fifty-two kings reigned during a period of fourteen hundred years, or about twenty-seven years at an average for each reign. This statement, though it falls short of the ordinary calculation, has at least a reasonable amount of probability in its favour, and indeed seems to be a pretty close approximation to the truth. Of the three hundred and thirty monarchs mentioned by Herodotus, on the authority of the sacred records, none except Mœris was distinguished by any acts of magnificence or renown; and hence he prudently abstains from loading his pages with the appellations and titles of this catalogue of royal lumber. It may, however, serve to assist the recollection of the reader, on this obscure and intricate subject, if we exhibit an abridged list of the kings who occupy the space between the accession of the first mortal sovereign of Egypt and the death of Mœris.

বৎসর কহা যায় তবে ক্রমশঃ তিন শত ত্রিংশৎ রাজার রাজত্বের স্থিতি প্রায় একাদশ সহস্র বৎসর হইবে সুতরাং উক্ত যাজকদিগের কৃত্রিম ইতিহাসানুসারে মিনিস এবং শিসস্ত্রিসের মধ্যে এমত ব্যাপক কাল অবশ্য অতীত হইয়া থাকিবে। কিন্তু দাইওদোরস সিকুলসের বিবরণ এপ্রকার নিতান্ত অসম্ভব ও সত্যের বিরুদ্ধ নহে তিনিও হিরদতসের ন্যায় মিনিসকে দেবরাজারদের পর প্রথম নররাজা কহিয়াছেন বটে কিন্তু উত্তর কালীন নৃপতিরদের বিষয়ে কহেন মিনিসের পর দ্বিপঞ্চাশৎজন রাজা সর্ব্ব শুদ্ধ চতুর্দ্দশ শত বৎসর ব্যাপিয়া প্রভুত্ব করিয়াছিল অর্থাৎ প্রত্যেকের রাজত্ব স্থূল নিরূপণে সপ্ত বিংশতি বৎসর পর্য্যন্ত প্রবল ছিল, যদিও সাধারণ কালনিরূপণের সহিত এই বিবরণের ঐক্য না থাকে তথাপি ইহা নিতান্ত অসম্ভাব্য নহে ইহাকে প্রায় যথার্থ কহা যাইতে পারে। হিরদতস যাজকদিগের শাস্ত্র প্রমাণ যে তিন শত ত্রিংশৎ রাজার নামোল্লেখ করিয়াছেন তাহারদের মধ্যে মিরিস ব্যতীত অন্য কেহ কোন প্রকার বীরত্ব প্রকাশ করিয়া যশস্বী হইতে পারেন নাই একারণ উক্ত গ্রন্থকার ঐ অকর্ম্মণ্য রাজাদের নাম ধাম উপাধির প্রসঙ্গ করিয়া গ্রন্থের বাহুল্য করেন নাই। যাহা হউক ইজিপ্তের প্রথম নররাজের রাজ্যারম্ভাবধি মিরিসের মৃত্যুপর্য্যন্ত যে২ রাজার প্রসঙ্গ হইয়াছে তাহারদের নাম এস্থলে সংক্ষেপে লিখিলে পাঠকবর্গ এই গোলযোগময় অস্পষ্ট বিষয়ের স্থূল কথা স্মরণে রাখিতে পারিবেন।

First dynasty, Egyptians, 253 Years.

	Y.	B. C.
Menes and his successors, ending with Timaus,	253	2412
Second Dynasty, Shepherd Kings, 260 Years.		
1. Salatis, Silites, or Nirmaryada	19	2159
2. Baion, Byon, or Babya	44	2140
3. Apachnes, Pachman, or Ruchma	37	2096
First Pyramid begun about		2095
Abraham visits Egypt about		2077
4. Apophes	61	2059
5. Janias or Sethos	50	1998
6. Assis or Aseth	49	1948
Expulsion of the Shepherds	260	1899
Third Dynasty, Native Kings, 251 Years.		
Alisphragmuthosis, &c	27	1899
Joseph appointed governor or regent	9	1872
Jacob's family settle in Goshen	215	1863
Death of Joseph		1792
Queen Nitocris		1742
Exode of the Israelites	251	1648
Fourth Dynasty, 340 Years.		
1. Amosis, Thuthmosis, or Thummosis	25	1648
2. Chebron	13	1623
3. Amenophis I	20	1610
4. Amesses	21	1589

প্রথমতঃ ইজিপ্তীয় রাজবংশ, রাজত্ব স্থিতি ২৫৩ বৎসর।

বর্ষ, খ্রীষ্টের পূর্ব্ব।

মিনিস এবং তিমেয়স পর্য্যন্ত তাঁহার উত্তরাধিকারিরদের স্থিতি ২৫৩ ২৪১২

দ্বিতীয়তঃ গোপ রাজবংশ, স্থিতি ২৬০ বৎসর।

১ সালাতিস, সিলিতিস, অথবা নির্ম্মার্য্যদ ১৯ ২১৫৯
২ বাইয়ন, বিয়ন, অথবা বব্যা ৪৪ ২১৪০
৩ আপকিস, পকমান, অথবা রুক্ন ৩৭ ২০৯৬
প্রথম পিরামিডের আদ্যকৃতি ২০৯৫
আব্রাহামের ইজিপ্ত দেশে গমন ২০৭৭
৪ আপোফিস ৬১ ২০৫৯
৫ জনিয়া অথবা সিথস ৫০ ১৯৯৮
৬ অশিস অথবা অসেথ ৪৯ ১৯৪৮

গোপদিগের নিরাকরণ ২৬০ ১৮৯৯

তৃতীয়তঃ স্বদেশীয় রাজা, স্থিতি ২৫১ বৎসর।

অলিস্ফ্রগ্মুথোশিস প্রভৃতি ২৭ ১৮৯৯
যোসেফ রাজকর্ম্মকারি রূপে নিযুক্ত .. ৯ ১৮৭২
যাকোব বংশের গোশেনে বাস ২১৫ ১৮৬৩
যোসেফের মৃত্যু ১৭৯২
নাইতোক্রিস রাণী ১৭৪২

য়িহুদিদিগের প্রস্থান ২৫১ ১৬৪৮

চতুর্থ রাজবংশ, স্থিতি ৩৪০ বৎসর।

১ আমোশিস, থথমোশিস, অথবা থম্মোশিস ২৫ ১৬৪৮
২ কিব্রন ১৩ ১৬২৩
৩ প্রথম আসিনোফিস ২০ ১৬১০
৪ আমেশিস ২১ ১৫৮৯

5.	Mephres	12	1567
6.	Misphragmuthosis	25	1554
7.	Thmosis or Thothmosis	9	1528
8.	Amenophis II	30	1518
9.	Orus or Horus	36	1488
10.	Acenchris	12	1452
11.	Rathosis	9	1440
12.	Acencheres I	12	1431
13.	Acencheres II	20	1418
14.	Armais or Harmais	4	1398
15.	Ramesses	1	1394
16.	Ramesses Meiamun	66	1393
17.	Amenophis III. or Mœris	19	1327
	Death of Mœris	340	1308

During the long interval between the reign of Menes and the death of Mœris, the most remarkable event which occurred, and one, too, which forms the first distinct piece of history we meet with respecting Egypt, was the invasion of the Pastors or Shepherds, which, according to the chronology here adopted, took place more than two thousand years before the birth of Christ. This irruption, as related by Manetho, happened in the reign of Timaus king of Egypt, when God being displeased with the Egyptians, exposed them to a great revolution; for a multitude of men, of obscure origin, pouring from the East into Egypt, made war on the inhabitants

৫	মেফ্রিশ	১২	১৫৬৭
৬	মিস্ফ্রাগ্‌মুথোশিস	২৫	১৫৫৪
৭	থমোশিস অথবা থথমোশিস	৯	১৫২৮
৮	দ্বিতীয় আমিনোফিস	৩০	১৫১৮
৯	ওরস অথবা হোরস	৩৬	১৪৮৮
১০	আসেংক্রিশ	১২	১৪৫২
১১	রথোশিস	৯	১৪৪০
১২	প্রথম আসেংকিরিস	১২	১৪৩১
১৩	দ্বিতীয় অসেংকিরিস	২০	১৪১৪
১৪	আর্ম্মাইশ অথবা হার্ম্মাইশ	৪১	৩৯৮
১৫	রামেশিস	১	১৩৯৪
১৬	রামেশিস মাইএমন	৬৬	১৩৯৩
১৭	তৃতীয় আমিনোফিস অথবা মিরিস	১৯	১৩২৭
	মিরিসের মৃত্যু	৩৪০	১৩০৮

মিনিস রাজার রাজ্যারম্ভ অবধি মিরিসের মৃত্যু পর্য্যন্ত বহু কাল গত হইয়াছিল তন্মধ্যে গোপরাজ দিগের আক্রমণ ইজিপ্ত দেশীয় অন্যান্য ঘটনাপেক্ষা অতি বিচিত্র এবং তাহা পুরাবৃত্তে বিশেষ রূপে বর্ণিত আছে, আমরা এস্থলে যে প্রকার কাল নিরূপণের নিয়ম স্থাপন করিয়াছি তদনু-সারে বোধ হয় খ্রীষ্টের দুই সহস্র বৎসরের অধিক পূর্ব্বে ঐ আক্রমণ হইয়াছিল।

মানেথো কহেন যে তিমেয়স নামা ইজিপ্ত রাজের অধিকার কালে ঐ ঘটনা হইয়াছিল, পরমেশ্বর তৎকালে মিসর দেশীয় লোকদিগের উপর ক্রুদ্ধ হইয়া তাহারদের রাজ্য বিপর্য্যয় করিয়াছিলেন সুতরাং প্রাচ্য খণ্ড হইতে অনেকা-নেক অন্ত্যজ লোক ইজিপ্ত দেশে উৎপতিত হইয়া যুদ্ধারম্ভ

who, being apparently unwarlike, submitted almost without resistance. The Shepherds, however, behaved with the greatest cruelty; they burned the cities, threw down the temples of the gods, put to death the inhabitants, and carried the women and children into captivity. This people came from Arabia, and were called Hycsos, or King-Shepherds. They held Egypt in subjection for more than two centuries and a half, at the end of which period they were compelled by a king of Upper Egypt, named Amosis, or Thothmosis, to abandon the country. This prince's father had, it seems, gained great advantages over them, and shut them up in a place named Abaris or Avaris, that is, the Pass (afterwards called Pelusium), where they had collected all their cattle and plunder. Here they were closely besieged by Thothmosis with an army of 480,000 men; but at last the king, finding himself unable to reduce them by force, proposed a sort of capitulation, which was readily accepted: the Shepherds in consequence withdrew from Egypt with their families, to the number of 240,000 souls. Accordingly, they crossed the desert, and entered Syria; but fearing the Assyrians, who were then very powerful, and held Asia in subjection, they entered the land of Judæa, and built there a city capable of containing so great a multitude, which they called Jerusalem.

করিল প্রজারা তৎকালে রণ কুশল না থাকাতে ঐ বিদ্রোহ কারি গোপজাতীয় যোদ্ধারা অবাধে রাজ্য হরণ করিয়া অত্যন্ত অত্যাচার এবং নিষ্ঠুরাচরণ করিতে লাগিল, তাহারা নগর দাহ ও মন্দির ভগ্ন করিয়া প্রজারদিগকে সংহার করিল এবং অনাথা নারী ও শিশু গণকে বন্দি করিয়া লইল। ঐ আক্রমণ কারিরা আরবি দেশ হইতে আগমন করিয়া হিকশস অর্থাৎ গোপরাজ নামে বিখ্যাত হয়, তাহারা ইজিপ্তের মধ্যে সার্দ্ধ দুই শত বৎসরেরও অধিক কাল পর্য্যন্ত রাজ্য ভোগ করিয়া পরে উচ্চতর ইজিপ্তের রাজা আমোশিস অথবা থথমোশিস দ্বারা দূরীকৃত হয়, বোধ হয় আমোশিস রাজার পিতা তাহারদিগকে পরাস্ত করিয়া আবেরিস নামক সঙ্কীর্ণ পথে (অর্থাৎ পরে যাহার নাম পেলুসিয়ম হয় এবং যেস্থানে তাহারা পশ্বাদি ও লুণ্ঠিত দ্রব্য একত্র করিয়া রাখিয়াছিল সেই স্থলে) রুদ্ধ করিয়াছিলেন, অতএব থথমোশিস সুযোগ পাইয়া ৪৮০০০০ সৈন্য সমভিব্যাহারে সেই স্থলে তাহারদিগের উপর আক্রমণ করিলেন কিন্তু বলদ্বারা দমন করিতে অক্ষম হইয়া তাহারদিগকে কুশলে প্রস্থান করিতে দিতে স্বীকার করিলেন, গোপ জাতিরা তাঁহার কথায় সম্মত হইয়া স্ত্রী পুত্র সমেত সর্ব্ব শুদ্ধ ২৪০০০০ লোক ইজিপ্ত ত্যাগ করিয়া গেল পরে মরুভূমি পার হইয়া সিরিয়া দেশে প্রবেশ করিল কিন্তু আসিরিয়ান জাতি তৎকালে মহাবল পরাক্রান্ত হইয়া এস্যা খণ্ডে আধিপত্য করাতে তাহারা য়িহুদি ভূমির মধ্যে গমন করিয়া য়িরুশালেম নামে বহু সংখ্যক লোক সমন্বিত নগর স্থাপন করিল।

Such is the substance of Manetho's statement, as preserved by Josephus in his tract against Appion; and, with the exception of the concluding part, where he seems to identify the savage invaders of Egypt with the peaceful family of Jacob, its accuracy can scarcely be called in question. It appears, indeed, that these barbarians having established themselves in Egypt, tyrannized over it for several centuries; that the progress of civilization was arrested, and the inhabitants ruined, by exactions and rapine; that the barbarians having elected a chief, the latter took the name of Pharaoh; and that it was under the fourth of these foreign chiefs that Joseph the son of Jacob became the prime minister of Egypt, and afterwards brought thither the family of his father, which thus became the source of the Jewish nation. But in process of time different parts of Upper Egypt freed themselves from the yoke of the strangers; and at the head of this resistance appeared the princes descendants of the Egyptian line of kings whom the barbarians had dethroned. Of these the most distinguished was Amosis, who, having collected sufficient forces, drove them from Memphis, which they had made their capital; attacked them in Lower Egypt, where they were firmly established; and ultimately, by means of the capitulation of Avaris or Avara, delivered Egypt from their tyranny.

যোসিফস আপিয়নের বিপক্ষে পুস্তক রচনা করত মানেথোর যে বচন উদ্ধৃত করিয়াছেন তাহাতে উক্ত বিবরণ লিখিত আছে, গ্রন্থকার ঐ বিবরণের শেষ ভাগে ভ্রমবশতঃ ইজিপ্ত দেশের আক্রমণকারি অসভ্য গোপ জাতিদিগকে নির্ব্বিরোধি যাকোব বংশ হইতে অভিন্ন করিয়া বর্ণনা করিয়াছেন তদ্ব্যতীত তাঁহার লিখিত অন্যান্য বৃত্তান্ত সত্য বটে। অপর গোপ জাতিরা ইজিপ্ত দেশীয় রাজ্য হরণ করিয়া অনেক কাল পর্য্যন্ত প্রজা পীড়ন করিয়াছিল এবং নানা প্রকার অত্যাচার ও দ্রব্য লুঠ দ্বারা সভ্যতার প্রবাহ রোধ করত তথাকার লোক সমূহের সর্ব্বনাশ করিয়াছিল পরে আপনারদের এক জন অধ্যক্ষকে রাজ্যাভিষিক্ত করিযা তাহাকে ফারো উপাধি প্রদান করে। ঐ বিদেশীয় চতুর্থ ফারো রাজার অধিকার কালে যাকোবের পুত্র যোসেফ তথাকার প্রধান অমাত্য হইয়া পিতৃ ভ্রাতৃ প্রভৃতি আত্মীয় পরিজনকে ইজিপ্ত দেশে আনাইয়াছিলেন তাহাতেই তথায় য়িহুদি জাতির সূত্রপাত হয়, এসকল কথা অলীক নহে। অনন্তর কালক্রমে উচ্চতর ইজিপ্তের অনেক প্রদেশ বিদেশীয় ভূপাল দিগের হস্ত হইতে মুক্ত হইয়াছিল অপর অসভ্য গোপ রাজেরা তদ্দশীয় যেং নৃপতিদিগকে রাজ্যচ্যুত করিয়াছিল তাহারদের সন্তানেরা একত্র দলবদ্ধ হইয়া অগ্রসর হওত স্বদেশ রক্ষার্থ বিশেষ যত্ন করিয়াছিলেন তাঁহারদের মধ্যে আমোশিস সর্ব্বাপেক্ষা খ্যাত্যাপন্ন ছিলেন তিনি যথেষ্ট সৈন্য সংগ্রহ করিয়া মেম্ফিস রাজধানী হইতে গোপদিগকে দূরীকৃত করিয়া দেন পরে তাহারা নিম্ন ইজিপ্তে পলায়ন পর হইলে তথায় তাহার দিগের উপর আক্রমণ করেন এবং অবশেষে আবেরিস নামক সঙ্কীর্ণ স্থান হইতে তাহারদিগকে কুশলে প্রস্থান করিতে অনুমতি দিয়া দুর্দ্দান্ত অসভ্য রাজারদের হস্ত হইতে স্বদেশ উদ্ধার করেন।

Various opinions have been entertained as to the origin of the detested race which overthrew Thebes and tyrannized over all Egypt. According to Bruce the Shepherds who invaded Egypt were no other than the inhabitants of Barabara, and carriers to the Cushites, who lived farther to the south. The latter had built many stately temples in Thebes and other cities of Egypt; yet, according to him, they had no other dwelling-places than holes or caves in the rocks. Being a commercial people, they remained at home collecting and preparing their articles, which were dispersed by the Barabers or Shepherds already mentioned. These, from the nature of their employment, lived in moveable habitations, as the Tartars do at this day. By the Hebrews, he tells us, they were called Phut, but Shepherds by every other people; and from the name Barabar the word Barabra is derived. By their employment, which consisted in dispersing the Arabian and African goods all over the continent, they had become a great and powerful people; and, from their opposite dispositions and manners, were frequently enemies of the Egyptians. To Salatis Bruce ascribes the destruction of Thebes in Upper Egypt, so much celebrated by Homer for its grandeur and magnificence. In fact, he reckons three invasions of this people; the first being that of Salatis already mentioned, who overthrew the primary dynasty of Egyptian kings from Menes, and

ঐ অপকৃষ্ট গোপজাতি কোথা হইতে আসিয়া থিবিস নগর জয় পূর্ব্বক ইজিপ্ত দেশের সর্ব্বত্র অত্যাচার করিয়াছিল তদ্বিষয়ে গ্রন্থকারদিগের মতের ঐক্য নাই। ব্রূস সাহেবের মতে ইজিপ্ত রাজ্যহারক গোপেরদের জন্ম ভূমি বারাব্রা দেশ, এবং তাহারা আরও দক্ষিণাঞ্চলস্থ কুশ দেশীয় লোকদিগের দৌত্য কার্য্য করিত। কুশদেশীয় লোকেরা ইজিপ্তের অন্তঃপাতি থিবিসাদি নগরে অনেকানেক সুশোভিত দেবমন্দির নির্ম্মাণ করিয়াছিল কিন্তু গ্রন্থকার কহেন তাহারা স্বয়ং গিরি গহ্বর ব্যতীত অন্যত্র বাস করিত না তথাপি বাণিজ্য নিপুণতা প্রযুক্ত পর্ব্বতের গুহা মধ্যেই নানাবিধ পণ্য দ্রব্য প্রস্তুত ও সঞ্চিত করিয়া উক্ত বারাব্রা দেশীয় গোপদিগের দ্বারা সর্ব্বত্র প্রেরণ করিত, ঐ গোপেরা পশুপালন কার্য্যে ব্যাপৃত থাকাতে কুত্রাপি স্থায়ি হইয়া থাকিত না, তাতার জাতিরা যাদৃশ অদ্যাবধি দেশ দেশান্তর ভ্রমণ করে তাহারাও তাদৃশ সর্ব্বদা ভ্রমণকারির অবস্থায় কালযাপন করিত। ব্রূস সাহেব কহেন হিব্রিদিগের মধ্যে তাহারা ক্ষত নামে বিখ্যাত ছিল কিন্তু অন্যান্য লোকে তাহারদিগকে গোপ কহিত আর বারাবর অর্থাৎ গোপ নাম হইতে বারাব্রা শব্দের উৎপত্তি হইয়াছিল। অপর তাহারা আরবি এবং আফিকান সামগ্রী পৃথিবীর চতুর্দ্দিকে বিক্রয়ার্থে লইয়া যাওয়াতে মহাবল পরাক্রান্ত হইয়াছিল, এবং রীতি নীতি আচার ব্যবহারের বৈলক্ষণ্য প্রযুক্ত বারম্বার ইজিপ্তীয় লোকদিগের সহিত শত্রুতা করিত। উচ্চতর ইজিপ্তের থিবিস নাম্নী সুশোভিতা মহা নগরী যাহা সুচারুচ্ছন্দো বন্ধে কবিবর হোমরের বর্ণনায় অতি খ্যাত্যাপন্ন হইয়াছে তাহা ব্রূস সাহেবের কথা প্রমাণ সালাতিস রাজার দ্বারা বিনষ্ট হয়, উক্ত গ্রন্থকার কহেন ইজিপ্ত দেশে তিন বার সৈন্যসামন্তের সমারোহ ও যুদ্ধ সজ্জা হইয়াছিল, প্রথমতঃ সালাতিস রাজা তথাকার আদ্য রাজা মিজিসের

destroyed Thebes; the second that of Sabacon or So, a word which, according to him, was not the name of a single prince, but of a people, and signifies *Shepherd;* and the third, when, after the building of Memphis, 240,000 of these people were besieged as above mentioned. But this hypothesis is in the highest degree inconsistent; for how is it possible that the third invasion, antecedent to the building of Jerusalem, could be posterior to the second, if the latter happened only in the days of Hezekiah?

There is less doubt as to the destruction of these barbarians. When forced to evacuate Egypt in virtue of the capitulation entered into with Amosis, they appear to have thrown themselves upon Syria, where several of their tribes fixed themselves, and became the ancestors of the Philistines, who occupied the eastern shores of the Mediterranean, and occasionally extended their power as far as the banks of the Euphrates. It is not a little remarkable that a tradition of the conquest of the Shepherds is still preserved among the tribes of Central India. In one of the sacred books of the Hindus, a record is preserved of two migrations from the East in remote times; one of the Yadavas or Sacred race, and the other of the Pali or Shepherds, who were a powerful tribe, and governed the whole country

বংশীয় লোকদিগকে পরাস্ত করিয়া থিবিস নগর বিনষ্ট করেন, দ্বিতীয়তঃ সাবাকোন অথবা সো অর্থাৎ গোপজাতিরা আক্রমণ করে (গ্রন্থকারের মতে ঐ শব্দ ব্যষ্টিভাবে কোন বিশেষ রাজার প্রতিপাদক না হইয়া সমষ্টিভাবে জাতি বোধক সংজ্ঞা ছিল) তৃতীয়তঃ মেম্ফিস নগর নির্ম্মাণের পর পূর্ব্বতন রাজবংশীয় বীরেরা দুই লক্ষ চল্লিশ সহস্র জন গোপকে বেষ্টন করিয়াছিল। কিন্তু এই ত্রিবিধ যুদ্ধ বর্ণনায় অনেক অযুক্তির কথা আছে কেনন: তৃতীয় যুদ্ধ যদি যিরুশালেম নগর স্থাপনের পু র্ব্ব এবং দ্বিতীয় সংগ্রাম যদি ঐ নগর নির্ম্মাণের বহুকাল পরে হিজিকিয়া রাজার অধিকার সময়ে হইয়া থাকে তবে তৃতীয় যুদ্ধ কি প্রকারে দ্বিতীয়ের পর হইয়াছিল।

উক্ত অসভ্য গোপেরা পরে যে বিনষ্ট হইয়াছিল তাহাতে সন্দেহাভাব, আমোশিস রাজার নিয়মানুসারে তাহারা ইজিপ্ত দেশ ত্যাগ করিয়া সিরিয়া দেশে গমন করিয়াছিল সেখানে তাহারদের কোনং জাতি বসতি করাতে পরে তাহারদের বংশে ফিলিস্তিয়ান জাতি উৎপন্ন হইয়া ভূমধ্যস্থ সাগরের পূর্ব্বাঞ্চলস্থ ভূমি অধিকার করিয়াছিল এবং ইউফ্রেতিস নদী পর্য্যন্ত আপনারদের পরাক্রম বিস্তার করিয়াছিল। এস্থলে আশ্চর্য্যের বিষয় এই যে ভারতবর্ষীয় লোকদিগের মধ্যেও উক্ত গোপজাতির পরাজয়ের ইতিহাস লোক পরম্পরায় চলিত হইয়াছে, হিন্দুদিগের ধর্ম্ম শাস্ত্রে পূর্ব্বাঞ্চল হইতে দুই প্রাচীন জাতির আগমনের বৃত্তান্ত লিখিত আছে অর্থাৎ যদুবংশ এবং পাল অথবা গোপদিগের কথা বর্ণিত আছে। গোপেরা মহাবল পরাক্রান্ত হইয়া সিন্ধু নদী হইতে গঙ্গাসাগর পর্য্যন্ত

from the Indus to the mouth of the Ganges.* Having passed the shores of the Persian Gulf, they took possession of Arabia, then crossed or turned the Red Sea, and occupied the lands on its western shore. But to a legend so wholly unsupported as this is, no weight or value can be attached. Many circumstances, however, conspire to render it probable that this people, whose memory was held in the greatest

* The story of the emigrations spoken of in the text appears to be based on the authority of Colonel Wilford, (*Asiatic Researches, vol.* 3) : but as that distinguished oriental scholar subsequently discovered and ingenuously confessed (*Asiatic Researches, vol.* 8,) that his Pundit had deceived him by producing forged passages and garbled extracts from the Puranas, it is necessary to receive with great caution the facts contained in his celebrated essay on Egypt. The only trace, as far as we know, of a nomadic race resembling the shepherd kings of Egypt, is to be found in the *Mousal parva* of the *Mahabharat*. A race of pastoral robbers, called also *mletchas* or barbarians, is there mentioned as inhabiting a richly cultivated country near the *Panchanada* (*lit.* Punjab); and it is added that they captured the widowed females (escorted by Arjuna) of the Yadavas who had destroyed themselves in a fit of intoxication. But we are not aware of any record regarding the ingress or egress of those shepherds. And as to the *Pal* kings of Magadha, what evidence is there of their being *shepherds*, or of their emigration towards Persia? Besides, the word *Pal*, used only in composition, means nothing more than *keeper* or *Governor*; and may denote a king or *Governor of the world* (*Bhupal*) as naturally as a shepherd or herdsman (*Gopal*.) Of the *Abhira* or peasant kings, prophetically mentioned in some of the Puranas, nothing is known for certain.—*Ed. Encyclopædia Bengalensis.*

সমুদয় দেশ অধিকার করিয়াছিল,* পরে পারস্য সমুদ্রের কূলে উত্তীর্ণ হইয়া আরবি রাজ্য গ্রহণানন্তর লাল সমুদ্র পার হইয়া পশ্চিম তীরে বসতি করিয়াছিল। পরন্তু প্রমাণাভাব প্রযুক্ত এ উপাখ্যানে বিশ্বাস করা যাইতে পারে না তথাপি অনেকানেক কারণ বশতঃ এমত সম্ভাব্য হয় যে ইজিপ্ত দেশের ঘৃণিত গোপেরা তাতার অথবা অন্য দেশের

* যদুবংশ এবং গোপদিগের গমনাগমনের যে বিবরণ এস্থলে লিখিত আছে, বোধ হয় কর্ণেল উইলফর্ড সাহেবের বাক্যই তাহার মূল প্রমাণ, কিন্তু ঐ সাহেব পরে বিশেষ অবগত হইয়া সরলচিত্তে স্বীকার করিয়াছিলেন যে তাঁহার পণ্ডিত প্রতারণা পূর্ব্বক কৃত্রিম শ্লোককে পৌরাণিক বচন বলিয়া উদ্ধৃত করিয়া তাঁহার ভ্রান্তি জন্মাইয়াছিল অতএব উক্ত কর্ণেল সাহেব ইজিপ্ত দেশের বিষয়ে যাহা লিখিয়াছিলেন তাহা সহসা যথার্থ বলিয়া গ্রাহ্য করা যাইতে পারে না। ফলতঃ ইজিপ্তীয় গোপরাজদিগের ন্যায় গৃহশূন্য রাখাল জাতির প্রসঙ্গ মহাভারতান্তর্গত মৌসল পর্ব্ব ব্যতীত অন্যত্র আমাদের দৃষ্টিগোচর হয় নাই, মহাভারতে লিখিত আছে যে গোপজাতীয় এক দল ম্লেচ্ছ দস্যু পঞ্চ নদের অর্থাৎ পঞ্জাবের নিকটস্থ ধানাঢ্য দেশে বাস করিত এবং যদুবংশীয় পুরুষেরা সুরা পানে মত্ত হইয়া পরস্পরের আঘাতে বিনষ্ট হইলে তাহারা তাঁহারদের অনাথা নারীগণকে অর্জ্জুনের হস্তহইতে হরণ করিয়া লইয়া গিয়াছিল পরন্তু তাহারা কোথা হইতে আসিয়াছিল এবং কোথায় বা গমন করিয়াছিল আমরা তদ্বিষয়ের কোন লিপি দেখিতে পাই নাই। অপর পাল নামধারি মগধ দেশীয় রাজারা যে গোপজাতি ছিলেন এবং তাঁহারা যে পারস্য ভূমির নিকট গমন করিয়াছিলেন ইহার প্রমাণ কি? বস্তুতঃ পাল শব্দে নিতান্ত রাখালকেই বুঝায় এমত নহে এশব্দের প্রয়োগ কেবল উপপদ

abhorrence in Egypt, by reason of their tyranny, were a Tartar or nomadic horde, and that, when expelled from that country, they settled on the shores of Syria, in the country which from them was called Palesthan or Palestine. The exode of the Israelites must not therefore be confounded with the expulsion of the Shepherds.

Amenoph, the son of Amosis, and the first of that name, having assisted in the expulsion of the Shepherds, with whom he had concluded the capitulation above mentioned, united all Egypt under his dominion, and raised the throne of the Pharaohs, that is to say, of the kings of the Egyptian race. He was the chief or head of the eighteenth dynasty. His entire reign, and that of his three successors, Thothmosis I., Thothmosis II., and Mœris-Thothmosis III. were devoted to the object of re-establishing a regular government, and raising up the nation, which had been crushed by so many years of servitude under a foreign yoke. The barbarians had destroyed every thing; all therefore had to be reconstructed. These great kings spared no pains to raise up Egypt from its state of debasement; order was re-established throughout the whole kingdom; the canals, which

গৃহশূন্য বন্য জাতি ছিল অনন্তর উক্ত দেশ হইতে নিষ্কাসিত হইয়া সিরিয়া দেশের প্রান্তে বসতি করে, তাহারদের নিবাস স্থান পরে পালস্থান অর্থাৎ পালেস্তিন নাম প্রাপ্ত হয় অতএব ইজিপ্ত দেশ হইতে গোপদিগের নিরাকরণ এবং য়িহুদিদিগের প্রস্থান এ উভয়কে এক বিষয় জ্ঞান করা যাইতে পারে না।

আমোশিসের পুত্র প্রথম আমিনোফ গোপদিগের নিরাকরণে যত্নশালী হয়েন, এবং তাহারদের সহিত পূর্ব্বোক্ত সন্ধিপত্র ধার্য্য করিয়া তাহারদিগকে দেশ হইতে দূরীকৃত করিয়া দেন পরে সমস্ত ইজিপ্ত দেশ একচ্ছত্র করিয়া ফারোরদের অর্থাৎ ইজিপ্তীয় রাজবংশের রাজলক্ষ্মী দেদীপ্যমানা করেন। তিনি তথাকার অষ্টাদশ রাজ বংশের আদি পুরুষ হইয়া দেশের উপকার সাধনে সদা ব্যাপৃত থাকিতেন, প্রথম দ্বিতীয় এবং তৃতীয় থথমোশিস নামে তাঁহার তিন উত্তরাধিকারিরাও তাঁহার ন্যায় রাজনীতির সুনিয়ম সংস্থাপন পূর্ব্বক প্রজারদের সর্ব্বপ্রকার উন্নতি করণে অহরহ উৎসুক হইয়াছিলেন, প্রজারা অনেক কাল পর্য্যন্ত বিদেশীয় দুরাত্মাদের অধীন থাকিয়া নিতান্ত শ্রীভ্রষ্ট হইয়াছিল একারণ সকল বিষয়ের পুনঃস্থাপন আবশ্যক হওয়াতে উক্ত উদার [illegible] নৃপতিরা ইজিপ্ত জাতিকে পুনরুজ্জ্বল করণার্থ কোন প্রকার পরিশ্রম [illegible] কাতর হয়েন নাই, তাঁহারা

পূর্ব্বক হইয়া থাকে, ইহার অর্থ রক্ষক অথবা পালক, যেমন গো পূর্ব্বক প্রয়োগ হইলে গোপাল অর্থাৎ পশু রক্ষক রাখাল বুঝায়, তদ্রূপ ভূ পূর্ব্বক প্রয়োগ হইলে ভূপাল অর্থাৎ পৃথিবীপতি রাজাকে প্রতিপন্ন করে। আভীর রাজবংশ বিষয়ে পুরাণে যে বচন আছে তাহার কিছুই নিশ্চয় নাই। ইতি বিদ্যাকল্পদ্রুম সম্পাদকের উক্তি।

had been neglected or distroyed, were repaired or re-formed; whilst agriculture and the arts, encouraged and protected, soon brought back abundance, and at once increased and perpetuated the resources of the government. In a little time the towns were rebuilt; edifices consecrated to religion appeared on all sides; and several of the monuments which are admired on the banks of the Nile belong to this interesting epoch of the restoration of Egypt by the wisdom of its kings. Of this number are the monuments of Semneh and Amada in Nubia, and several of those of Karnak and Medinet-Abou, which are the works of Thothmosis I. or of Thothmosis III. who is also called Mœris. This king, under whom the two obelisks of Alexandria were erected, is the Pharaoh who achieved the greatest undertakings; it is to him that Egypt owes the existence of the great lake of Fayoum. By immense works which he caused to be executed, and by means of canals and sluices, this lake became a reservoir which served to maintain, in the lower country, a perpetual equilibrium between the inundations of the Nile; to supply water when these were insufficient, or to withdraw it when they were excessive. Formerly it bore the name of Lake Mœris; at present it is called Birket-el-Karoun. These kings, and several of their successors, appear to have preserved in all its plenitude the royal power which they had recovered from the Shepherd chiefs;

রাজ্য ব্যাপিয়া সুশাসনের ধারা স্থাপন করিয়া জলের সমস্ত প্রণালী শোধন অথবা পুনর্নির্ম্মাণ করিয়াছিলেন এবং কৃষিকার্য্যাদি সকল শিল্প ক্রিয়ার আদর ও আনুকূল্য করিয়া দেশীয় বিভব এবং রাজকীয় সম্পত্তি ও করবৃদ্ধি করিয়াছিলেন অতএব অল্পকালের মধ্যে বৃহৎ২ নগর নির্ম্মাণ ও ধর্ম্ম মন্দির স্থাপনের উপক্রম হয়, ফলতঃ নীল নদী তটে যে২ বিচিত্র স্মরণীয় দ্রব্য অদ্যাপি আছে তাহা ঐ কালের রাজারা স্বদেশীয় রাজ্য লাভানন্তর বুদ্ধি কৌশলে নির্ম্মাণ করাইয়াছিলেন। নুবিয়া দেশীয় সেম্নি এবং আসাদা নগরে যে২ স্মরণীয় বস্তু আছে তাহাও ঐ সময়ে প্রস্তুত হইয়াছিল এবং কার্ণাক ও মেদিনেৎ আবুর স্মরণীয় বস্তুর মধ্যেও কএকটী প্রথম থথমোশিস অথবা মিরিস উপাধি তৃতীয় থথমোশিসের আদেশে নির্ম্মিত হয়, এই শেষোক্ত রাজাই আলেগজন্দ্রিয়ার দুই ওবেলিঙ্ক স্থাপন করেন এবং তদ্ব্যতীত আরো অনেক মহৎ ক্রিয়া সম্পন্ন করিয়াছিলেন, ফেয়ুম্ নগরে যে বৃহৎ হ্রদ আছে তাহাও তাঁহার আদেশে প্রস্তুত হয়, এই হ্রদ সংলগ্ন প্রণালী ও কবাটাদি মহৎ২ কার্য্য থাকাতে লোকেরা স্বেচ্ছাক্রমে জল স্রোতঃ গমনাগমন করাইতে পারিত সুতরাং নিম্ন ভূমির মধ্যে নদী বৃদ্ধির ফলে কোন ব্যতিক্রম হইতে পারিত না কেননা নদীবৃদ্ধি অল্প পরিমাণে হইলে ঐ হ্রদ হইতে জল নির্গত হইয়া ভূমিকে সিক্ত করিত এবং অধিক পরিমাণে হইলে জল প্রবাহ হ্রদে গিয়া পতিত হইত। ঐ হ্রদ পূর্ব্বে মিরিস হ্রদ বলিয়া বিখ্যাত ছিল সম্প্রতি তাহাকে বির্কেত এল-কারুণ কহে। উক্ত রাজারা গোপদিগের হস্ত হইতে রাজকীয় শক্তি পুনশ্চ গ্রহণ করিয়া সম্পূর্ণ রূপে রক্ষা করিয়াছিলেন তাহারদের উত্তরাধিকারির মধ্যেও কেহ২ ঐরূপ দোর্দ্দণ্ড প্রতাপ ছিলেন কিন্তু তাহারা এমত পরাক্রম শালী হইলেও যুদ্ধাদি বিষয়ে কোন উদ্যম প্রকাশ

but they used it only for the advantage of the country, in correcting and reconstituting society, corrupted by slavery, and in restoring Egypt to the first political rank amongst surrounding nations.

At this period several nations of Asia had already attained a certain degree of civilization, and their power was believed to endanger the tranquillity of Egypt. Mœris and his successors often took arms, and carried the war into Asia and Africa, either to establish the dominion of Egypt, or to ravage and enfeeble those states, and thus to ensure the tranquillity of the Egyptian nation. Amongst these conquerors may be reckoned Amenoph II., the son of Mœris, who rendered tributary Syria and the ancient kingdom of Babylon; Thothmosis IV. who invaded Abyssinia and Sennaar; and, lastly, Amenoph III. who completed the conquest of Abyssinia, and undertook great expeditions into Asia. There still exist monuments of this king. It was he who caused to be built the palace of Sohleb in Upper Nubia, the magnificent palace of Luxor, and all that part south of the grand palace of Karnak at Thebes. The two colossal statues at Kourna are understood to represent this illustrious prince. His son Horus chastised a revolt of the Abyssinians, and continued the works of his father; but two of his children who succeeded him, having neither the firmness nor the courage of their ancestors, lost in a few years the influence

করেন নাই কেবল দেশের উপকারার্থই যত্ন করিতেন, প্রজারা অনেক কাল পর্য্যন্ত দাসত্বের ভার বহন করিয়া অত্যন্ত নিরুদ্যম হইয়াছিল একারণ তাহারদের অবস্থা শোধন এবং সভ্যতা বর্দ্ধনে নিরন্তর উৎসুক থাকিতেন এবং চতুষ্পার্শ্বস্থ লোকদিগের মধ্যে ইজিপ্ত রাজ্যের মাহাত্ম্য বিস্তার করিতে ও তজ্জাতীয় নাম পুনরুজ্জ্বল করিতে বিশেষ চেষ্টা করিতেন।

তৎকালে এস্যা খণ্ডের কোন২ জাতি জ্ঞানানুশীলনের দ্বারা যৎকিঞ্চিৎ সভ্যতা উপার্জ্জন করিয়াছিল সুতরাং তাহারদের পরাক্রম বৃদ্ধি হওয়াতে ইজিপ্ত দেশে যুদ্ধ উপস্থিত হইবার সম্ভাবনা ছিল একারণ মিরিস এবং তাঁহার উত্তরাধিকারিরা দিগ্বিজয় করণার্থ অথবা উক্ত জাতিরদের রাজ্য লুণ্ঠন এবং শক্তি নাশ পূর্ব্বক স্বজাতীয় দিগকে নিরুদ্বেগ করণার্থ বারম্বার রণসজ্জা করিয়া এস্যা অথবা আফ্রিকাতে যুদ্ধযাত্রা করেন এইং দিগ্বিজয়ী নৃপতিদের মধ্যে মিরিসের পুত্র দ্বিতীয় আমিনোফ সিরিয়া এবং প্রাচীন বাবিলনের রাজারদিগকে কর-প্রদ করিয়াছিলেন এবং চতুর্থ থথমোশিস আবিসিনিয়া এবং শিনার দেশ আক্রমণ করিয়াছিলেন। পরে তৃতীয় আমিনোফ আবিসিনিয়া দেশ সম্পূর্ণ রূপে জয় করিয়া এস্যা খণ্ডে মহতী যুদ্ধযাত্রা করেন, ঐ শেষোক্ত রাজার অনেক স্মরণীয় কার্য্য অদ্যাপি দেদীপ্যমান আছে, তিনি উচ্চতর নুবিয়াতে সোলেবস্থ রাজ সদন এবং লকসরস্থ বৃহৎ প্রাসাদ আর থিবিস নগরে কার্ণাকস্থ প্রকাণ্ড রাজ মন্দিরের দক্ষিণাংশ সমুদয় নির্ম্মাণ করাইয়া ছিলেন, কুর্ণাতে যে দুই প্রকাণ্ড মূর্ত্তি আছে বোধ হয় তাহা ঐ মহা যশস্বি মহীপালের প্রতিমা। অপর তাঁহার পুত্র হোরস আবিসিনি-য়ানেরা বিদ্রোহ করিলে তাহারদিগকে শাস্তি দিতে উৎসুক হইয়া মহৎ২ কার্য্য সম্পাদনে পিতার ন্যায় উৎসাহী হইয়া-ছিলেন কিন্তু ইহাঁর যে দুই পুত্র পরে রাজ্যাধিকারি হয়

which Egypt had exercised over neighbouring countries. King Menephtha I., however, restored the glory of the country, and carried his victorious arms into Syria, Babylonia, and even the north of Persia.

We come now to the era of his son Rhamses the Great, known also in history by the name of Sesostris. He was the first mighty warrior whose conquests are recorded with any degree of distinctness. Much diversity of opinion prevails as to the date of his reign. Some chronologers, among whom is Sir Isaac Newton, are of opinion that he is the Sesak or Shishak who took and plundered Jerusalem in the reign of Rehoboam the son of Solomon. Others, however, place him still earlier; and Mr. Whitson contends that he was the Pharaoh who refused to part with the Israelites, and was at last drowned in the Red sea. Larcher, who builds his calculation on Herodotus, asserts that Sesostris mounted the throne of Egypt 1356 years before Christ; Hales places his accession to the crown at the commencement of the thirteenth century before Christ, and Sir William Drummond, who contests the assertion of Larcher, fixes the commencement of his reign at a period still more recent, namely, about the beginning of the eleventh century anterior to our era. Mr. Bryant, again, endeavours to prove that no such person ever existed; but that in his history, as well as in that of many ancient heroes, we have an abridgment of that

তাঁহারা পূর্ব্ব পুরুষদিগের ন্যায় সাহস কিম্বা দৃঢ় প্রতিজ্ঞতা প্রকাশ করিতে পারেন নাই সুতরাং চতুষ্পার্শ্বস্থ লোকেরা আর ইজিপ্ত জাতিকে ভয় করিত না, কিয়ৎকালানন্তর প্রথম মেনেপ্তা রাজা সিরিয়া বাবিলন এবং পারস্য দেশের উত্তর সীমা পর্য্যন্ত নানা দেশ জয় করিয়া স্বজাতির নাম পুনরুজ্জ্বল করিয়াছিলেন।

অনন্তর মেনেপ্তা রাজার পুত্র মহান রামেশিস যিনি পুরাবৃত্ত গ্রন্থে শিসস্ত্রিস নামেও বিখ্যাত হইয়াছেন তিনি রাজ্য প্রাপ্ত হয়েন, অতীত রাজারদের উপাখ্যান সন্দেহ স্থল হইলেও ইঁহার প্রবল প্রতাপ এবং দেশ দেশান্তর জয় করণের বার্ত্তা স্পষ্ট রূপে লিখিত আছে কিন্তু তিনি কোন্ কালে রাজত্ব ভোগ করেন তদ্বিষয়ে সকলে এক মত নহেন, স্যার আইজেক নিউটন প্রভৃতি কাল নির্ণায়ক কোন২ পণ্ডিতেরা কহেন তাঁহার নামান্তর শিসাক এবং তিনি ধর্ম্মশাস্ত্রের বচনানুসারে শলমনের পুত্র রেহোবোম রাজার সময়ে যিরুশালেম জয় ও লুণ্ঠন করিয়াছিলেন, অপরে বলেন তিনি তদপেক্ষা আরও পূর্ব্বকালে রাজত্ব করিয়াছিলেন এবং হুইট্সন সাহেবের মতে তিনিই যিহুদিদিগকে ত্যাগ করিতে অনিচ্ছুক হইয়া অবশেষে সৈন্য সামন্ত সমেত লাল সমুদ্রে জলমগ্ন হইয়াছিলেন। লার্চ্চর হিরদতসের কথা প্রমাণ গণনা করত নির্ণয় করিয়াছেন যে তিনি খ্রীষ্টের ১৩৫৬ বর্ষ পূর্ব্বে ইজিপ্তীয় সিংহাসনে আরূঢ় হইয়াছিলেন কিন্তু হেলিসের মতে তিনি খ্রীষ্টের ত্রয়োদশ শত বৎসর পূর্ব্বে রাজ্যাভিষিক্ত হয়েন পরন্তু স্যার উলিএম ড্রমণ্ড সাহেব লার্চ্চরের বচনে দোষারোপ করত শিসস্ত্রিস রাজার রাজত্ব আরও আধুনিক কহিয়াছেন অর্থাৎ তাঁহার মতে ঐ রাজা খ্রীষ্টের একাদশ শত বৎসর পূর্ব্বে রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন। অপর ব্রায়ান্ট সাহেব অনেক প্রকার তর্ক করত কহিয়াছেন শিসস্ত্রিস রাজার সমস্ত বৃত্তান্তই অনু-

of the Cushites or Babylonians, who spread themselves over great part of the then known world, and everywhere brought the people in subjection to them. His reign is the most extraordinary portion of the Egyptian history. The father of Sesostris was told in a dream, by the god Ptha, that his son, who was then newly born, should be lord of the whole earth. Upon the credit of this vision, he got together all the males in the land of Egypt who were born on the same day with Sesostris, appointed nurses and proper persons to take care of them, and had them treated like his own child; being persuaded that they who were the constant companions of his youth would prove the most faithful ministers and soldiers in his riper years. As they grew up they were inured to laborious exercises, and, in particular, were never permitted to taste food till they had performed a journey of upwards of twenty-two of our miles. When the old king imagined they were sufficiently educated and trained in martial exercises, he sent them, by way of trial of their qualities, against the Arabians. In this expedition Sesostris proved successful, and in the end subdued that people, who had never before been conquered. He was then sent to the westward, where he conquered the greater part of Africa, and was only stopped in his career by the Atlantic Ocean. Whilst he was absent on this expedition his father died; and then Sesostris resolved to

লক, ঐ নামধারি রাজা বাস্তবিক কোন কালেই ভূমি মণ্ডলে প্রকাশ পায় নাই অন্যান্য অনেক প্রাচীন শূর বীরদিগের ইতিহাসের ন্যায় তাঁহার উপাখ্যানও কল্পিত এবং তাহাতে রূপক রূপে কুশীয় অর্থাৎ বাবিলন দেশীয় লোক দিগের সংক্ষিপ্ত ইতিহাস সমষ্টিভাবে ব্যক্ত হইয়া থাকে কেননা তাহারা ঐ কল্পিত রাজার ন্যায় ধরাতলের চতুর্দ্দিকে ব্যপ্ত হইয়া সর্ব্বত্র আপনারদের প্রভুত্ব স্থাপন করিয়াছিল। ফলতঃ শিসস্ত্রিস রাজার রাজত্ব বর্ণনা পুরাবৃত্তের মধ্যে মহা অদ্ভুত বিষয় বটে কথিত আছে প্তা নামক দেবতা তাঁহার পিতাকে স্বপ্নযোগে দর্শন দিয়া কহিয়াছিলেন যে তাঁহার সদ্যোজাত নব কুমার সমস্ত পৃথিবীকে একচ্ছত্রা করিবেন, উক্ত রাজা এই স্বপ্নে বিশ্বাস করিয়া ইজিপ্ত ভূমিতে যত কুমার শিসস্ত্রিসের সহিত এক দিনে জন্মগ্রহণ করিয়াছিল সকলকে একত্র করিয়া ধাত্রী ও অন্যান্য প্রতিপালক লোক নিযুক্ত করত নিজ সন্তানের ন্যায় পোষণ করিতে লাগিলেন, কারণ তাঁহার মনে নিশ্চয় বোধ হইয়াছিল যে উক্ত শিশুরা শৈশবাবস্থাবধি রাজকুমারের সহিত একত্র পালিত হইলে উত্তর কালে তাহার অতি বিশ্বস্ত পাত্র মিত্র ও সৈন্য সামন্ত হইবে। ঐ বালকদিগের ক্রমশঃ বয়ঃক্রম বৃদ্ধি হইলে সকলেই নিত্য পরিশ্রম পূর্ব্বক ব্যায়াম করিতে শিক্ষা করিত বিশেষতঃ একাদশ ক্রোশ পর্য্যন্ত ভ্রমণ না করিয়া কেহই কোন দিবস আহার করিতে পাইত না। অনন্তর বৃদ্ধ রাজা তাহারদিগকে অস্ত্র বিদ্যায় উত্তম রূপে শিক্ষিত এবং অন্যান্য বিষয়ে নিপুণ দেখিয়া তাহারদের শৌর্য্য বীর্য্য পরীক্ষার্থ আরবি জাতিরদের সহিত সংগ্রাম করিতে প্রেরণ করিলেন, শিসস্ত্রিস তাহারদের সমভিব্যাহারে যুদ্ধযাত্রা করিয়া সর্ব্বতোভাবে জয়লাভ পূর্ব্বক কৃতকার্য্য হইলেন এবং অবশেষে ঐ দুর্জ্জেয় আরবি লোক যাহারা পূর্ব্বে কখন কোন যুদ্ধে পরাস্ত হয় নাই তাহারদিগকেও পরাজিত করিলেন,

fulfil the prediction of Ptha at his birth, by actually conquering the whole world. With this view he divided the kingdom into thirty-six provinces, and endeavoured to secure the affections of the people by gifts both of money and land. He forgave all those who had been guilty of offences, and discharged the debts of his soldiers. He then constituted his brother Armais or Harmais regent, but forbade him to use the diadem, and commanded him to offer no injury to the queen or her children, and to abstain from the royal concubines. His army consisted of 600,000 infantry, 24,000 cavalry, and 27,000 chariots. Besides these land forces, he had two fleets; one of them according to Diodorus, of four hundred vessels. Of these fleets, one was designed to kame conquests in the west, and the other in the east; and, therefore, the former was built on the Mediterranean, and the latter on the Red Sea. The first of these conquered Cyprus, the coast of Phœnicia, and several of the islands called Cyclades; and the second subdued all the coasts of the Red Sea; but its progress was stopped by shoals and other difficulties which the navigators of those days were unable to pass, so that he

পরে পশ্চিমাঞ্চলে বীরত্ব প্রকাশ করিতে প্রেরিত হইয়া আফ্রি-কার অধিকাংশ জয় করিলেন, সেখানে কেবল আৎলান্তিক সমুদ্রের ব্যাঘাতে তাঁহার জয় পদবী সীমা বদ্ধ হইয়াছিল। ঐ যুদ্ধে ব্যাপৃত থাকিবার কালে তাঁহার পিতৃবিয়োগ হয় তখন তিনি সমুদয় ধরণী মণ্ডল জয় করিয়া প্তা দেবের দৈব-বাণী পূর্ণ করিতে প্রতিজ্ঞা করিলেন এবং সেই অভিপ্রায়ে ইজিপ্ত রাজ্য ষট্‌ত্রিংশৎ প্রদেশে বিভক্ত করিয়া প্রজার-দিগকে বিপুল অর্থ ও স্থাবরাদি বিষয় দান করত আপনার অনুগত করিতে যত্ন করিলেন ও সমস্ত দোষি লোকের অপরাধ মার্জ্জনা করিয়া আপনি সেনারদের ঋণ পরিশোধ করিলেন, অনন্তর রাজকীয় কর্ম্ম নির্ব্বাহার্থ অর্গাইস কিম্বা হর্ম্মা-ইস নামক সহোদরকে প্রতিনিধি রূপে নিযুক্ত করিয়া পৃথিবী জয়ার্থ যুদ্ধের উদ্যোগ করিতে লাগিলেন, এবং প্রতিনিধিকে কহিলেন আমার অনুপস্থিতে রাজটীকা ধারণ অথবা রাজম-হিষী কিম্বা রাজকুমার দিগের প্রতি অত্যাচার কিম্বা আমার অপরিণীতা নারীগণকে গ্রহণ করিও না। তিনি অভিপ্রেত যুদ্ধের নিমিত্ত ৬০০০০০ পদাতিক ২৪০০০ অশ্বারোহি এবং ২৭০০০ রথ সংগ্রহ করিয়াছিলেন এবং স্থল পথগামি সৈন্য ব্যতীত দুই বহরও প্রস্তুত করিয়াছিলেন তন্মধ্যে দাইওদোর-সের কথা প্রমাণ এক বহরে চারি শত জাহাজ ছিল, প্রথম বহর পশ্চিমাঞ্চল জয় করিবার অভিপ্রায়ে ভূমধ্যস্থ সাগরের উপরে প্রস্তুত হইয়াছিল আর দ্বিতীয় বহর পূর্ব্বাঞ্চল জয় করণার্থ লাল সমুদ্রের উপর সংগৃহীত হয় অতএব প্রথম বহরের দ্বারা ফিনিসিয়া কূলস্থ দেশ এবং সাইপ্রস ও সাই-ক্লেদিস নামক উপদ্বীপ জয় করিয়াছিলেন এবং দ্বিতীয় বহরের দ্বারা লাল সমুদ্রের তটস্থ দেশ সকল পরাজিত করেন কিন্তু সমুদ্রের মধ্যে সৈকত পুলিনাদি ব্যাঘাত থাকাতে তৎকালীন

seems not to have made many conquests by sea.

With the land forces Sesostris marched against the Ethiopians and Troglodytes, whom he overcame, obliging them to pay him a tribute of gold, ebony, and ivory. He then proceeded as far as the promontory of Dira, which lay near the Straits of Babelmandeb, where he set up a pillar with an inscription in sacred characters or hieroglyphics. He then marched on to the country where cinnamon grows, or at least to a country whence cinnamon at that time was brought, probably some place in India; and here he in like manner set up pillars, which were to be seen many ages afterwards. As to his further conquests, it is agreed by almost all authors of antiquity that he over-ran the greater part of the continent of Asia, and some part of that of Europe. Having crossed the Ganges, he erected pillars on its banks; and thence marching northward, he ascended the plateau of Central Asia, subdued the Assyrians and Medes, directed his course towards the Caspian and the Black Sea, and invaded the Scythians and Thracians. Authors are not agreed that he conquered the nations last mentioned. Some even affirm that he was overthrown with great slaughter on the banks of the Phasis, by Timaus, prince of the Scythians, and obliged to abandon a great part of his booty and military stores; but whether he was successful or the reverse

নাবিকেরা সহজে জাহাজ চালাইতে পারে নাই সুতরাং রাজা সমুদ্র পথে অনেক দেশ জয় করিতে পারেন নাই।

শিসস্ত্রিস রাজা স্থল পথগামি সৈন্য সামন্ত লইয়া ইথিওপিয়ান এবং ত্রগ্লদিতিস জাতিরদের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করিয়া তাহার দিগকে পরাস্ত করত স্বর্ণ কাকেন্দু (আবলুশ) গজদন্তাদি কর স্বরূপে প্রদান করিতে বাধিত করিয়াছিলেন পরে বাবেলমাণ্ডেব নামক মোহনার সন্নিহিত দীরা প্রস্থ পর্য্যন্ত যাত্রা করিয়া তথায় এক স্তম্ভ নির্ম্মাণ করাইয়া তদুপরি হাইরোগ্লিফিক নামক নিগূঢ় পবিত্র অক্ষরে এক লিপি লেখাইয়াছিলেন, অনন্তর গুড়ত্বচ উৎপাদক অথবা গুড়ত্বচ সমন্বিত দেশে (অর্থাৎ বোধ হয় ভারতবর্ষের কোন অংশে) গমন করিয়া সেখানেও ঐ রূপ স্তম্ভ নির্ম্মাণ করেন সে স্তম্ভ বহুকাল পর্য্যন্ত তথায় দৃষ্ট হইত। প্রাচীন ইতিহাস বেত্তারা প্রায় সকলেই লিখিয়াছেন যে শিসস্ত্রিস তদনন্তর এস্যাখণ্ডের অধিকাংশে এবং ইউরোপের কএক প্রদেশে আক্রমণ করিয়াছিলেন, তিনি. গঙ্গাপার হইয়া তীরস্থ ভূমিতে স্তম্ভ স্থাপন করিয়াছিলেন এবং উত্তরাস্যে গমন করিয়া এস্যার মধ্যস্থলে উপনীত হয়েন পরে আসিরিয়ান এবং মিদ জাতিরদিগকে পরাস্ত করিয়া কাস্পিয়ান এবং ইউক্সিন অর্থাৎ ব্লাক সাগরের অঞ্চলে যাত্রা করত সিদিয়ান এবং থ্রেসিয়ান জাতির দিগের উপরে আক্রমণ করেন কিন্তু এই শেষোক্ত জাতির দিগকে পরাজয় করিতে সক্ষম হইয়াছিলেন কি না তদ্বিষয়ে সকলের মত এক প্রকার নহে, কেহ২ কহেন সিদিয়ান রাজ তিমেয়স ফেসিস নদীতীরে তাঁহার অনেক সৈন্য নষ্ট করিয়া তাঁহাকে পরাস্ত করিয়াছিল এবং তাঁহার লুণ্ঠিত দ্রব্য ও অস্ত্র শস্ত্রাদি যুদ্ধ সম্বন্ধীয় সামগ্রীর অধিকাংশ হরণ করিয়াছিল। কিন্তু শিসস্ত্রিস সে স্থলে জয় লাভ করেন অথবা পরাস্ত

in these parts, it is a common opinion that he settled a colony in Colchis. Herodotus, however, does not say whether the colony was designedly planted by Sesostris, or whether part of his army, having refused to accompany him further, settled in that region. From his own knowledge he asserts that the inhabitants of the country were undoubtedly of Egyptian descent. This was, indeed, evident from the personal resemblance they bore to the Egyptians, who were of swarthy complexions, with frizzled hair; but more especially from the conformity of their customs, particularly that of circumcision. The utmost limit of this monarch's conquests, however, was in Thrace or Rumelia; for beyond this country his pillars were nowhere to be seen. These pillars he was accustomed to set up in every region which he conquered, with the following inscription, or one to the same purpose: "*Sesostris, King of Kings and Lord of Lords, subdued this country by the power of his arms.*" Besides these, he left also statues of himself, two of which, according to Herodotus, were to be seen in his time; the one on the road between Ephesus and Phocæa, and the other between Smyrna and Sardis. They were armed after the Ethiopian and Egyptian manner, with a javelin in one hand and a bow in the other; whilst across the breast a line was drawn from one shoulder to the other, with the following inscription: "*This region I obtained by these my*

হয়েন এবিষয় সন্দিগ্ধ হইলেও প্রায় সকলেই ইহা স্বীকার করেন যে তিনি কল্‌চিশ দেশে একদল স্বদেশীয় লোককে বসতি করাইয়াছিলেন, পরন্তু আপনি স্বেচ্ছাপূর্ব্বক তাহারদের বাস স্থান স্থাপন করিয়া দেন অথবা তাঁহার শাসনাধীন সৈন্যের-দের মধ্যে কেহ২ যুদ্ধ যাত্রায় বিরত হইয়া তাঁহার অমতে সে স্থলে বসতি করে হিরদতস এবিষয় নিশ্চয় করিয়া কহেন নাই, উক্ত গ্রন্থকার প্রত্যক্ষ দর্শন পূর্ব্বক এই মাত্র নির্ণয় করিয়া-ছেন যে তথাকার লোকেরা অবশ্য ইজিপ্ত জাতি হইতে উৎপন্ন হইয়া থাকিবে কেননা তাহারা ইজিপ্তীয় জাতির ন্যায় শ্যাম-বর্ণ এবং কুঞ্চিতকেশ ধারি হওয়াতে এবং তাহারদের মধ্যে সুন্নৎ করণাদি মিসর দেশীয় আচার ব্যবহার চলিত থাকাতে উক্ত প্রকার অনুমান যথার্থ বোধ হয়। যাহা হউক থ্রেস কিম্বা রুমিলিয়া দেশকেই শিসস্ত্রিস রাজার জয় পদবীর সীমা কহিতে হইবে কেননা তদপেক্ষা অধিক দূরে তাঁহার আর কোন স্তম্ভ দৃষ্ট হয় না, তিনি কোন দেশ জয় করিলেই তথায় স্তম্ভ নির্ম্মাণ করিয়া তদুপরি এই প্রকার লিপি লেখাইতেন যথা "মহারাজাধিরাজ সার্ব্বভৌম শিসস্ত্রিস আপন দোর্দ্দণ্ড প্রতাপে এই দেশ জয় করিলেন"। তিনি পরাজিত দেশ সকলে আপনার প্রতিমূর্ত্তিও স্থাপন করিতেন, হিরদতস কহেন তিনি ঐ প্রকার দুই মূর্ত্তি প্রত্যক্ষ দেখিয়াছিলেন, তাহার মধ্যে একটা ইফিশস এবং ফোসিয়ার মধ্যে এবং দ্বিতীয়টা স্মির্ণা ও সার্দিসের মধ্যস্থ রাজ মার্গে স্থাপিত হয়, দুই প্রতিমাই ইথিওপিয় এবং ইজিপ্তীয় রীত্যনুসারে সজ্জিত ছিল অর্থাৎ তাহারদের এক২ হস্তে কার্ম্মুক অন্যান্য হস্তে শঙ্কু ছিল এবং বক্ষঃস্থল হইতে স্কন্ধের উপর পর্য্যন্ত এই লিপি শ্রেণী ছিল যথা "আমি এই দেশ এই স্কন্ধবলে

shoulders." They were mistaken for images of Memnon.

The reasons assigned by this warlike prince for returning into Egypt from Thrace and, thus leaving the conquest of the world unfinished, were the want of provisions for his army, and the difficulty of the passes. Most probably, however, his return was hastened by the intelligence he received from the high priest of Egypt, concerning the rebellious proceedings of his brother, who, encouraged by his long absence, had assumed the diadem, violated the queen, and appropriated the royal concubines. On receiving this news, Sesostris hastened from Thrace, and, nine years after he had set out on his expedition, arrived at Pelusium in Egypt, attended by an innumerable multitude of captives taken from many different nations and loaded with the spoils of Asia. His brother met him at this city, where it is said, though with but little probability, Sesostris accepted from the traitorous regent an invitation to an entertainment. On this occasion he drank freely, as old soldiers are wont to do, whilst the queen and the rest of the royal family joined in the compotation; but during the entertainment Armais caused a quantity of dried reeds to be laid round the apartment where they were to sleep; and as soon as the party, filled with wine and wassail, had retired to rest, he set fire to the reeds. Sesostris, however, perceived the

জয় করিয়াছি” লোকে কখন২ ভ্রম বশতঃ ঐ দুই মূর্ত্তিকে মেম্ননের বিগ্রহ জ্ঞান করিত।

ঐ যুদ্ধোৎসাহি রাজা স্বদেশে প্রত্যাবৃত্ত হইয়া কহিয়াছিলেন সেনারদের খাদ্য সামগ্রীর অপ্রতুল এবং পথের দুর্গমতা প্রযুক্ত থ্রেস দেশ অবধি যুদ্ধ করিয়া আর যাত্রা করিতে পারিলাম না সুতরাং সমস্ত মহা মণ্ডল জয় হইল না কিন্তু বোধ হয় তিনি আর এক কারণে অতি ত্বরায় প্রত্যাগমন করিয়াছিলেন, ইজিপ্তের প্রধান যাজক দূত দ্বারা তাঁহার প্রতিনিধি সহোদরের অত্যাচারের বার্ত্তা প্রেরণ করিয়া কহিয়াছিলেন যে রাজা বহুকাল পর্য্যন্ত অনুপস্থিত থাকাতে ঐ প্রতিনিধি সাহস পূর্ব্বক রাজাজ্ঞা অমান্য করিয়া রাজটীকা ধারণ করত রাজমহিষীকে বলাৎকার এবং রাজার অপরিণীতা উপপত্নীকে গ্রহণ করিয়াছে। শিসস্ত্রিস এ সংবাদ শুনিবামাত্র থ্রেস ত্যাগ করিয়া ত্বরায় স্বদেশে প্রস্থান করত এস্যা খণ্ড হইতে রাশি২ লুঠিত দ্রব্য সঙ্গে লইয়া দেশ দেশান্তরের অসংখ্য বন্দি সমভিব্যাহারে যুদ্ধযাত্রার নয় বৎসর পরে পেলুসিয়ম নগরে উপস্থিত হয়েন, তাঁহার সহোদর তথায় অগ্রসর হইয়া অভ্যর্থনা করিয়াছিলেন। কথিত আছে (কিন্তু তাহা অসম্ভব বোধ হয়) ঐ বিশ্বাসঘাতক প্রতিনিধি তাঁহাকে ভোজনোৎসবে নিমন্ত্রণ করিলে রাজা তাহা স্বীকার করেন পরে রাজমহিষী প্রভৃতি সমুদয় পরিজনের সহিত ঐ উৎসবে উপস্থিত হইয়া সকলেই প্রাচীন যোদ্ধাদের ন্যায় বহুল পরিমাণে সুরাপানে প্রবৃত্ত হয়েন ইতিমধ্যে তাঁহার সহোদর অর্মাইস তাঁহার শয়নাগারের চতুষ্পার্শ্বে কতিপয় শুষ্ক নল রাখাইয়াছিলেন, রাজা প্রভৃতি সকলে সুরাপানে মত্ত হইয়া স্ব২ স্থানে শয়ন করিলে তিনি ঐ শুষ্ক নলে অগ্নিসংযোগ করেন, কিন্তু শিসস্ত্রিস শীঘ্র জাগ্রৎ হও-

danger, and finding that his guards, overcharged with liquor, were incapable of assisting him, he rushed through the flames, and was followed by his wife and children. For this wonderful deliverance he made several donations to the gods, particularly to the god of fire; and he then took vengeance on his brother Armais, who is said to be the Danaus of the Greeks, and who, being now driven out of Egypt, withdrew into Greece, where, under his new name, he acquired great renown.

This illustrious conqueror, the history of whose achievements is so dashed and brewed with fable and romance, is generally supposed to have been one of the best of princes, as well as bravest of warriors. He employed all the riches taken from the conquered nations, and the tributes he received from them, in the execution of immense works of public utility. He founded new cities, endeavoured to elevate the ground of some, and surrounded others with strong embankments of earth, to protect them from the inundation of the river; he dug new canals, and to him is attributed the first idea of a canal for connecting the Nile with the Red Sea; and he covered Egypt with a great number of magnificent structures, many of which are still in existence. These are the monuments of Ibsambul, Derri, Guircheh-Hanan, and Wady-Essebouah, in Nubia; and in Egypt those of Kournah, of El Medineh near Kournah, a portion of

য়াতে মহা বিপদ উপস্থিত দেখিয়া রক্ষক সেনারা সুরাপানে অচেতন প্রযুক্ত সাহায্য করণে অক্ষম হইলেও স্ত্রী পুত্র সমেত মহাবেগে অগ্নি মধ্য দিয়া নির্গত হইয়া আপনার প্রাণ রক্ষা করেন। ঐ রাজা অগ্নি হইতে অদ্ভুত রূপে রক্ষা পাওয়াতে পরে দেব গণের উদ্দেশে বিশেষতঃ অনলাধিষ্ঠাত্রী দেবতার তুষ্ট্যর্থ বহুবিধ দান ধ্যান করিয়া অবশেষে বিশ্বাসঘাতক সহোদরের দণ্ড করেন। কথিত আছে তাঁহার সহোদর ইজিপ্ত দেশ হইতে নিরাকৃত হইয়া গ্রীক দেশে পলায়ন করিয়াছিল সেখানে সে ব্যক্তি দানেয়স নামে প্রসিদ্ধ হইয়া মহা যশো-ভাজন হয়।

শিসস্ত্রিস রাজার শৌর্য্য বীর্য্য এবং কর্ম্ম দক্ষতার বৃত্তান্তে অদ্ভুত রস ঘটিত অনেক সত্যাসত্য বর্ণনা আছে বটে কিন্তু প্রায় সকলেই তাঁহাকে সদাশয় রাজা এবং মহা বিক্রমশালি যুদ্ধবীর বলিয়া গণ্য করিয়া থাকেন। তিনি পরাজিত জাতিদিগের যে বিপুল ধন লুণ্ঠন ও করগ্রহণ করিয়াছিলেন দেশের মঙ্গলার্থ কার্য্যে সে সমস্ত ব্যয় করেন অর্থাৎ নূতন২ পুরী নির্ম্মাণ করেন এবং নদীর জলপ্লাবন নিবারণার্থ কোন২ নগরের ভূমি উন্নত করেন ও কোন২ জনপদের চতুষ্পার্শ্বে মৃত্তিকাময় উচ্চ আলি স্থাপন করেন। তিনি নূতন২ প্রণালীও খনন করাইয়াছিলেন, কথিত আছে তিনিই প্রথমতঃ নীল নদীকে লাল সমুদ্রের সহিত সংযুক্ত করিবার কল্পনা করেন। অপর তিনি ইজিপ্ত দেশ ব্যাপিয়া যে বৃহৎ২ অট্টালিকা নির্ম্মাণ করিয়াছিলেন নুবিয়াস্থ ইবসাম্বল, দেরী, গাইর্ক-হানান, এবং ওয়াদি-এসিবোয়া নামক স্থানেতে আর ইজিপ্তস্থ কুর্ণা এবং তৎসন্নিহিত এল মেদীনা নামক নগরে অদ্যাপি তাহার অধিকাংশ দৃষ্ট হয়

the palace of Luxor, and the grand hall with columns in the palace of Karnak, which had been commenced by his father. This last monument is the most magnificent structure ever reared by the hand of man. But Sesostris did not confine himself to these more than Herculean labours. Not content with adorning Egypt with sumptuous edifices, and desirous to promote the real welfare of the people, he published a body of new laws, the most important of which was that which gave to all classes of his subjects the right of property in its fullest extent. By this he divested himself of that absolute and unlimited power which his ancestors had preserved after the expulsion of the Shepherds; and immortalized his name, which, in fact, was always venerated as long as there existed in the country a man of Egypt acquainted with ancient hstory. Hence it was under the reign of Rhamses the Great, or Sesostris, that Egypt arrived at the highest pitch of political power and internal splendour.

Amongst the countries which were either subject or tributary to him, this great monarch reckoned Egypt, the whole of Nubia, Abyssinia, Sennaar, several countries of the south of Africa; all the wandering tribes of the deserts east and west of the Nile; Syria, Arabia, in which the most ancient kings had establishments, near the valley of Pharaoh; and also in the places now called Djebbel-el Mokatteb, El Magara, and Sabouth-el-Kadim, where there appear

তিনি তদ্ব্যতীত লক্সুরের রাজসদন এবং কার্ণেকস্থ রাজসদনের স্তম্ভ বিশিষ্ট দালান সমাপ্ত করেন তাঁহার পিতা যাহার সূত্রপাত করিয়াছিলেন, ঐ শেষোক্ত অট্টালিকা মনুষ্যকৃত সকল প্রাসাদ অপেক্ষা মহৎ। শিসস্ত্রিস রাজা ইকুলিশ নামক মহাবীরের ন্যায় দৃঢ় প্রতিজ্ঞতা প্রকাশ করত অদ্ভুত শিল্প ক্রিয়া করিয়াও নিশ্চিন্ত হয়েন নাই, তিনি ইজিপ্ত দেশকে বৃহৎ২ অট্টালিকায় সুশোভিত করিয়া পরে যথার্থ প্রজা হিতৈষী হইয়া রাজনীতির নূতন ব্যবস্থাও সংগ্রহ করিয়াছিলেন, তাহার মধ্যে সর্ব্বোৎকৃষ্ট ব্যবস্থা এই যে সকল প্রজারদিগকে ভূম্যধিকারি হইবার শক্তি দেন সুতরাং তাঁহার পূর্ব্ব পুরুষেরা গোপদিগকে নিরাকরণ করণাবধি যে সর্ব্বাধিপত্য ও অপরিমিত পরাক্রম গ্রহণ করিয়াছিলেন ঐ ব্যবস্থা দ্বারা তাহার সঙ্কোচ হইয়াছিল একারণ শিসস্ত্রিস রাজার নাম চির উজ্জ্বল হইয়াছে সে দেশে যতকাল পুরাবৃত্ত বিদ্যায় নিপুণ ইজিপ্ত জাতীয় লোক একান্ত লোপ পায় নাই ততকাল ঐ রাজার নাম সাধারণের অবিশ্রান্ত পূজ্য ছিল অতএব মহান্ রামেশিস অর্থাৎ শিসস্ত্রিস রাজার অধিকার কালেই ইজিপ্ত জাতির সর্ব্বাপেক্ষা অধিক উন্নতি হইয়াছিল তখন বিদেশে যেমন তাহারদের প্রভাব বিস্তৃত হয় তেমনি স্বদেশেও শ্রীবৃদ্ধি হইয়াছিল।

যে২ দেশের লোকেরা উক্ত রাজাকে করদান করিত অথবা সার্ব্বভৌম বলিয়া স্বীকার করিত ইজিপ্ত এবং সমুদস্থ নুবিয়া তথা আবিসিনিয়া, সেনার এবং আফ্রিকার দক্ষিণ কএক দেশ তাহার মধ্যে গণ্য ছিল, নীল নদীর পূর্ব্ব পশ্চিম তটস্থ মরুভূমি বাসি বন্য জাতিরাও তাঁহার কিঙ্কর স্বরূপ হইয়াছিল আরবি দেশে যেখানে ফারোরদের উপত্যকা সন্নিহিত অতি প্রাচীন রাজসদন ছিল এবং জেবেল-এল-মোকাতেব, এল মেগারা, সাবুত-এল-কাদিম নামে সম্প্রতি প্রসিদ্ধ যে২

to have existed brass-founderies; the kingdoms of Babylon and Nineveh, now called Mossul; a great part of Anatolia, or Asia Minor; the Isle of Cyprus, and several islands of the Archipelago; and a considerable portion of the country now known by the name of Persia. At this period, when the star of the Pharaohs had reached its zenith, there existed regular and frequent communications between the Egyptian empire and that of India. The intercourse between these countries, indeed, appears to have been carried on with much activity; and the discoveries which are daily made in the tombs of Thebes, of stuffs of Indian fabric, of articles in wood the growth of India, and of hard-cut stones which certainly came from that country, leave no manner of doubt as to the commerce which ancient Egypt carried on with India, at a period when the European tribes and a great portion of the Asiatics were still in a state of barbarism. It is impossible, indeed, to explain the number and magnificence of the ancient monuments of Egypt, except on the supposition that the principal source of the immense wealth expended in producing them consisted in the ancient commercial prosperity of the country. Hence it is well ascertained that Memphis and Thebes were the first centre of that commerce, before Babylon, Tyre, Sidon, Alexandria, Tadmor (Palmyra), and Bagdhad, all cities in the vicinage, as

দেশে পূর্ব্বে পিত্তলময় বস্তু নির্ম্মাণের যন্ত্র ছিল আর এক্ষণে মুসল নামে বিখ্যাত বাবিলন এবং নিনিবি রাজ্য তথা আনে টোলিয়া অর্থাৎ ক্ষুদ্রতর এস্যা, সাইপ্রস ও তৎসন্নিহিত অন্যান্য কএক উপদ্বীপ এবং পারস্য দেশের অধিকাংশ এসমস্ত দেশ তাঁহার শাসনাধীন হইয়াছিল। ফারোদিগের রাজলক্ষ্মীর প্রভাব কালে ইজিপ্ত এবং ভারতবর্ষের লোকেরা পরস্পরের দেশে পুনঃ২ যাতায়াত করিত, অনুমান হয় তাহারদের ঐ রূপ গমনাগমনে অত্যন্ত উৎসাহ ছিল কেননা থিবিস নগরস্থ সমাধি মন্দিরে ভারতবর্ষীয় কাষ্ঠ প্রস্তরাদি নির্ম্মিত ভূরি২ দ্রব্য বারম্বার প্রকাশ হইয়াছে এবং অদ্যাপি হইতেছে অতএব নিঃসন্দেহ বোধ হয় যে যৎকালে ইউরোপের তাবৎ জাতিরা এবং ভূরি২ এস্যা খণ্ডস্থ লোকেরা ঘোর অসভ্যতা ও অজ্ঞান তিমিরাচ্ছন্ন ছিল তৎকালে মিসর দেশীয় লোকেরা ভারতবর্ষীয় লোকদিগের সহিত বাণিজ্য এবং দ্রব্যাদির বিনিময় করিত। অপর ইজিপ্ত দেশে যে২ অসংখ্য মহামূল্য অট্টালিকাদির চিহ্ন আছে তাহা বিবেচনা করিলে অবশ্য বোধ হইবে যে তথাকার লোকেরা অতি প্রাচীন কালাবধি বাণিজ্য ব্যবসায়াদি দ্বারা বিপুল ধনাঢ্য হইয়া ঐ সকল মহার্ঘ বস্তু সমন্বিত প্রাসাদ নির্ম্মাণের সঙ্গতি করিয়াছিল অতএব সকলেই এক্ষণে স্থির করিয়াছেন যে তায়ার, সাইদন, আলেগজন্দ্রিয়া, তাদমর (অর্থাৎ পালমিরা) এবং বাগদাদ প্রভৃতি ইজিপ্তের সন্নিহিত

it were, of Egypt, enjoyed that advantage and distinction.

With regard to the internal condition of Egypt at this period, it appears that the arts and the sciences, as well as what may be denominated police, were then carried to a high degree of advancement. The country was divided into thirty-six provinces or governments, administered by functionaries of different grades, according to a complete code of written laws. The population amounted in all to between five and seven millions. Of this a part specially devoted to the study of the sciences, and to promote the advancement of the arts, was charged, besides the ceremonies of worship, with the administration of justice, the assessment and collection of the imposts invariably fixed according to the nature and extent of each portion of property measured beforehand, and with all the branches of the civil administration. This was the instructed and learned part of the nation, and it was called the *Sacerdotal Caste*. The principal functions of this caste were exercised or directed by members of the royal family. Another portion of the Egyptian nation was specially intrusted with watching over the external defence, and guarding the internal tranquillity of the country. It was in the numerous families endowed and supported at the expence of the state, and which formed the *Military Caste*, that all the conscriptions and levies of soldiers

নগর সমূহ বাণিজ্য ঘটিত সম্পত্তি এবং সুখ্যাতি প্রাপ্ত হই-
বার পূর্ব্বে মেম্ফিস এবং থিবিস নগর মহীমণ্ডল মধ্যে সর্ব্ব
প্রধান বাণিজ্য স্থান হইয়াছিল।

ইজিপ্ত দেশে তৎকালে পদার্থ ও শিল্প বিদ্যা এবং রাজনীতি
ও শান্তি রক্ষার্থ নিয়মের বিলক্ষণ অনুশীলন হইয়াছিল,
ঐ রাজ্য মধ্যে ষটত্রিংশৎ প্রদেশ ছিল এবং প্রত্যেক প্রদেশে
উত্তম মধ্যম নানা শ্রেণীস্থ রাজপুরুষেরা লিখিত ব্যবস্থানু-
সারে রাজকীয় কার্য্য নির্ব্বাহ করিতেন। তথাকার লোক সংখ্যা
সর্ব্বশুদ্ধ ন্যূনাধিক প্রায় পঞ্চাশৎ অথবা সপ্ততি লক্ষ হইবে
তাহার মধ্যে কতক লোক বিদ্যানুশীলন এবংশিল্প ক্রিয়ার উন্ন-
তির নিমিত্ত বিশেষ মনোযোগ করিত, তাহারদের প্রতি দেবা-
র্চ্চনা ব্যতীত বিচার নিষ্পত্তি এবং স্থাবরাদি বিষয়ের পরি-
মাণানুযায়ি কর শুল্কাদি রাজস্ব নিরূপণ ও সংগ্রহ করণ
প্রভৃতি রাজকীয় সমস্ত কার্য্যেরও ভার অর্পিত হইয়াছিল। ঐ
সম্ভ্রান্ত লোকেরা বিদ্যা ও পাণ্ডিত্যে সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট ছিলেন
এবং যাজক শ্রেণী বলিয়া মান্য হইতেন রাজবংশীয় পুরুষেরা
তাঁহারদের কর্ত্তব্য বিষয় আদেশ করিতেন। ইজিপ্ত জাতির
মধ্যে বহুতর লোক বিশিষ্ট আর এক দল ছিল তাহারা
সপরিবারে রাজবৃত্তি ভোগ করত রাজ্য রক্ষার্থ জাগরূক থাকিত
এবং বিদেশীয় অথবা স্বদেশীয় উপদ্রোহি গণের দমন কর-
ণার্থ নিযুক্ত হইয়াছিল, তাহারদিগকে রাজন্য অর্থাৎ যোদ্ধৃ
বর্গ কহা যাইত আর তাহারদের শ্রেণী হইতে সৈন্য সংগ্রহ

took effect. They regularly maintained the Egyptian army on the footing of a war establishment, at the total strength of about 180,000 men. The third class of the population formed the *Agricultural Caste.* Its members devoted all their labour and attention to the cultivation of the soil, whether as proprietors or as farmers; and the products belonged to them *en propre*, subject only to the deduction of a portion destined for the support of the king, and also for that of the sacerdotal and military castes, which formed the principal, and indeed the most certain, revenues of the state. According to the statements of ancient historians, the annual revenue of the Pharaohs, including the tributes paid by foreign nations, may be estimated at not less than from £27,000,000 to £28,000,000 sterling. The artizans, the workmen of all kinds, and the merchants, composed the fourth class of the nation, or the *Industrious Caste,* which was subjected to a proportional impost, and thus contributed by its labours to defray the expence, as well as to augment the wealth of the state. The productions of this caste raised Egypt to its highest pitch of prosperity. All kinds of industry were in fact practised by the ancient Egyptians; and their commerce with other nations more or less advanced, who formed the political world of that period, had experienced great development.

হইত একারণ ইজিপ্তের মধ্যে কখন সৈন্যের অভাব হয় নাই সর্ব্বদাই প্রায় ১৮০০০০ লোক যুদ্ধার্থ প্রস্তুত থাকিত। উক্ত দেশে কৃষিজীবি লোকেরা তৃতীয় শ্রেণী ভুক্ত ছিল তাহারা স্বয়ং ভূম্যধিকারি অথবা ইজারদার হইয়া ভূমি কর্ষণ বৃত্তিতে নিরন্তর ব্যাপৃত থাকিত সুতরাং ভূম্যুৎপন্ন সমস্ত ফল তাহারদের নিজস্ব ছিল কেবল রাজার এবং যাজক ও রাজন্য বর্গের প্রতিপালনার্থ কিয়দংশ রাজস্ব রূপে প্রদান করিতে হইত ফলতঃ রাজকীয় করের মধ্যে তাহাই প্রধান নৃপাংশ ছিল আর তাহা সংগ্রহ করণেও কোন ব্যাঘাত হইত না। প্রাচীন ইতিহাস বেত্তারা কহেন ফারোরাজেরা বাৎসরিক যে রাজস্ব প্রাপ্ত হইতেন বিদেশীয় জাতিরদের দত্ত কর সমেত তাহার সংখ্যা ন্যূনাধিক ২৭০০০০০০০ অথবা ২৮০০০০০০০ টাকা। ঐ দেশের বণিক শিল্পি এবং অন্যান্য কর্ম্মকারি লোকেরা চতুর্থ অর্থাৎ পরিশ্রম জীবি বর্গ বলিয়া গণিত হইত, তাহারদিগকে পণ্য দ্রব্যের নির্দ্দিষ্ট পরিমাণানু-সারে শুল্ক প্রদান করিতে হইত সুতরাং তাহারা নিজ পরিশ্রমে দেশের সম্পত্তি বৃদ্ধি করিয়া রাজকীয় ব্যয়েরও কিয়-দংশ ভার বহন করিত। এই শ্রেণীস্থ লোকদিগের হস্ত নির্ম্মিত দ্রব্যাদিতে ইজিপ্ত রাজ্যের অত্যন্ত ঐশ্বর্য্য বৃদ্ধি হইয়াছিল ফলতঃ তাহারদের মধ্যে সকল প্রকার কারিকর থাকাতে তাহারা তৎকালের প্রভাবশালি সর্ব্বদেশীয় লোকের সহিত উত্তম রূপে বাণিজ্য ও দ্রব্যাদির বিনিময় করিত।

Egypt carried on a regular and extensive commerce in the grain which remained after supplying its own consumption. It derived great profit from its herds, and also from its horses. It supplied the world with its linen fabrics and with its cotton tissues, equalling in perfection and in fineness any thing which India or Europe has yet produced. The metals, of which Egypt contained no mine, but which it derived from the tributary countries, or by advantageous exchanges with independent nations, came out of its workshops manufactured into various forms, and changed either into arms, instruments, utensils, or into articles of luxury and dress, which were eagerly sought after by all the neighbouring nations. It exported annually a considerable quantity of pottery of every kind, as well as innumerable products wrought in glass and in enamel; arts which the Egyptians had carried to the highest pitch of perfection. Lastly, it provided the neighbouring nations with *papyrus* or *paper*, formed from the interior pellicles of a plant which several centuries ago ceased to exist in Egypt. The Egyptians had no monetary system at all similar to ours. For small commerce they had a money of convention; but in considerable transactions payments were made in rings of pure gold of a certain weight and diameter, or in rings of silver of a denomination and weight equally fixed. With them silver was a legal tender as well as gold. In regard to the state of the

ইজিপ্তীয় লোকেরা স্বজাতীয়দের ভরণ পোষণাবশিষ্ট শস্য অন্যান্য দেশে বিক্রয়ার্থ প্রেরণ করিত তাহাতে বাণিজ্যের অতিশয় উন্নতি হইয়াছিল। এতদ্ভিন্ন তাহারদের অশ্ব এবং অন্যান্য পশু হইতেও প্রচুর অর্থ উৎপন্ন হইত এবং তাহারা ক্ষৌম ও কার্পাস বস্ত্র বিচিত্র রূপে প্রস্তুত করিয়া অন্যান্য দেশে বাণিজ্যার্থ প্রেরণ করিত সে সকল বস্ত্র এমত উত্তম এবং সূক্ষ্ম যে ইউরোপ অথবা ভারতবর্ষে তদপেক্ষা উৎকৃষ্ট বসন কখন প্রস্তুত হয় নাই। ইজিপ্তের মধ্যে কোন ধাতুর আকর না থাকিলেও তথাকার লোকেরা করপ্রদ রাজারদের দেশ হইতে অথবা পণ্য দ্রব্যাদি বিনিময়ে অন্যত্র হইতে অনেক ধাতু সংগ্রহ করিয়া পরিণামে অস্ত্র শস্ত্র যন্ত্র ও পাত্র এবং মহামূল্য বেশভূষণাদি ঐশ্বর্য্য সূচক বিবিধাকৃতি বস্তু নির্ম্মাণ করিত তাহাতে চতুষ্পার্শ্বস্থ লোকেরা সেসকল দ্রব্য ক্রয় করণার্থ অতিশয় ব্যগ্র হইত সুতরাং ইজিপ্ত দেশীয় লোকেরা প্রতি বৎসর নানা প্রকার ঘট কলশ ভাণ্ড প্রভৃতি বিবিধ পাত্র এবং অসংখ্য কাচময় বিচিত্র দ্রব্য প্রস্তুত করিয়া দেশ দেশান্তরে বিক্রয়ার্থ প্রেরণ করিত, ঐ সকল শিল্প ক্রিয়াতে তাহারা সম্পূর্ণ পারদর্শি হইয়াছিল। অধিকন্তু তাহারদের দেশ হইতে কাগজও সর্ব্বত্র আনীত হইত সে কাগজ পাপিরস বৃক্ষের সূক্ষ্ম ত্বক্‌ প্রস্তুত হইত কিন্তু সে বৃক্ষ শতং বৎসরাবধি তথায় আর উৎপন্ন হয় না। সম্প্রতি অর্থ দানাদানের যে প্রকার প্রথা আছে ইজিপ্ত দেশে এরূপ ছিল না, ক্ষুদ্র দ্রব্যের ক্রয় বিক্রয় হইলে কোন চলিত মুদ্রা ব্যবহৃত হইত কিন্তু অধিক বিষয়ের বাণিজ্য হইলে নির্দ্দিষ্ট গুরুত্বাদি পরিমাণ বিশিষ্ট এক প্রকার শুদ্ধ সুবর্ণময় অথবা রৌপ্যময় চক্রের ব্যবহার হইত, ঐ প্রকার রজত কাঞ্চন চলিত মুদ্রার ন্যায় গৃহীত হইত। প্রাচীন

marine at this early period, we have not sufficient information to enable us to speak with confidence. It appears, however, that Egypt had a navy composed of large galleys, propelled both by oars and sails; and it may be presumed that the mercantile marine had also made considerable advances, although it is not improbable that commerce and navigation on an extended scale were carried on, in quality of brokers or agents, by a small tributary people of Egypt, whose principal cities were Sour, Said, Beirout, and Acre. In short, the internal prosperity of Egypt was founded on the great development of its agriculture and its industry. In the tombs of Thebes and of Sakkara are discovered at every step objects of improved and elaborate workmanship, showing that this people were acquainted with all the comforts of life, and all the enjoyments of luxury. No nation, ancient or modern, has in truth carried further than the old Egyptians the grandeur and richness of their edifices, or taste and *recherche* in furniture, utensils, costume, and decoration.

Such was Egypt at the period of its greatest known splendour. This prosperity dates from the epoch of the last kings of the eighteenth dynasty, to which belonged Rhamses the Great or Sesostris; a sovereign terrible to his enemies, but the benefactor of the nation, which he governed with prudence, and improved by his wise institutions. His successors enjoyed

কালে ইজিপ্ত দেশের জাহাজাদি কিরূপ ছিল সম্প্রতি তদ্বিষয়ের নিশ্চয় নির্ণয় হইতে পারে না কিন্তু বোধ হয় তথাকার লোকে বৃহদাকার অর্ণব যান প্রস্তুত করিতে পারিত এবং তাহা দণ্ড এবং পালির যোগে চলিত, অতএব সেখানকার বাণিজ্যকরেরাও নাবিক বিদ্যায় বিলক্ষণ নিপুণ হইয়া থাকিবেক আর ইজিপ্তরাজ্যাধীন সৌর, সাইদ, বাইরোট, এবং একর নামক নগরস্থ ক্ষুদ্র জাতিরা ক্রয় বিক্রয় কার্য্যের নায়ক এবং প্রতিনিধি হইয়া বিস্তারিতরূপে বাণিজ্য এবং নাবিক বৃত্তি করিত ইহাও অসম্ভব নহে, বস্তুতঃ ইজিপ্ত দেশের বিভব এবং ঐশ্বর্য্য কেবল কৃষিকার্য্যের উন্নতি এবং প্রজারদের পরিশ্রমেই হইয়াছিল। থিবিস এবং সক্কর নগরস্থ কবরের মধ্যে দুরূহ শিল্প ক্রিয়ার অনেক চিহ্ন অদ্যাপি পুনঃ২ প্রকাশ পাইয়া থাকে তাহাতে বোধ হয় প্রাচীন ইজিপ্তীয়েরা সাংসারিক সুখ সম্পত্তি এবং ঐশ্বর্য্য ভোগের সংস্থান করণে অত্যন্ত নিপুণ ছিল, ফলতঃ তাহারা সুশোভিত বৃহৎ অট্টালিকা স্থাপনে নির্ম্মাণ দক্ষতা এবং শরীর ও গৃহের শোভার্থ বেশ ভূষণ আসন পাত্র যন্ত্রাদি প্রস্তুত করণে চমৎকার ভাব প্রকাশ করিয়াছে, কি প্রাচীন কি নব্য কোন জাতি অদ্যাপি তদপেক্ষা অধিক পারদর্শিতার লক্ষণ দর্শাইতে পারে নাই।

যৎকালে ইজিপ্তদেশ অত্যন্ত ঐশ্বর্য্যশালী হয় তখন তথাকার রাজনীতি জাত্যাদি বিষয়ে উক্ত প্রকার নিয়ম ছিল, অষ্টাদশ রাজবংশীয় শেষ রাজারদের অধিকার কালে ঐ প্রকার ঐশ্বর্য্য ছিল, মহান্ রামেশিস অর্থাৎ শিসস্ত্রিসও ঐ রাজবংশে উৎপন্ন হয়েন, তিনি শত্রুবর্গের মহা ভয়স্থান অথচ প্রজারদের হিতকারী হইয়া বিচক্ষণতা পূর্ব্বক রাজ্যশাসন করিয়াছিলেন এবং সদ্বিবেচনা ও রাজনীতির সুধারা দ্বারা রাজ্যের মহোন্নতি করিয়াছিলেন। তাঁহার মরণান্তে তাঁহার উত্ত-

in peace the fruits of his labours, and preserved the greater part of his conquests, which the fourth of these in order, called *Rhamses-Meiammon*, a warlike and ambitious prince, still further extended, his entire reign being occupied with a series of successful enterprises against the most powerful nations of Asia. This king built the beautiful palace of Medinet-Abou at Thebes, on the walls of which may still be seen sculptured and painted all the campaigns of this Pharaoh in Asia, the battles which he fought on land and on sea, the siege and capture of several cities, and the ceremonies of his triumph on his return from his distant expeditions. This conqueror appears also to have improved the navy of Egypt, which had been neglected by his immediate predecessors.

Under the Pharaohs who reigned after Rhamses surnamed Meiammon, or Beloved of Ammon, Egypt enjoyed a long tranquillity. During this period of profound repose, although the warlike and conquering spirit with which the country had been animated during the preceding dynasties declined, Egypt must necessarily have improved its internal government, and advanced progressively in art and industry; but its external dominion became contracted from age to age, by reason of the increasing civilization of the countries, which thus scarcely owned its sway, and which, improved by their very connection with Egypt,

রাধিকারিরা অনেক দিবস পর্য্যন্ত কুশলে তাঁহার পরিশ্রমের ফল ভোগ করত তাঁহার জিত প্রায় সকল দেশ আপনারদের অধীনে রাখিয়াছিল, এবং রামশেস-মাইএমন নামক তাঁহার চতুর্থ উত্তরাধিকারী যুদ্ধোৎসাহী এবং যশোভিলাষী হইয়া আরো অনেক দেশ জয় করিয়া রাজ্য বিস্তার করিয়াছিলেন ইনি এস্যাখণ্ডস্থ অতি পরাক্রম শালি লোকদিগের সহিত অহরহ যুদ্ধে ব্যাপৃত থাকিয়া কৃতকার্য্য হইয়াছিলেন এবং তাঁহা হইতে থিবিস নগরে মেদিনেত আবুস্থ সুচারু রাজসদন নির্ম্মিত হয় যাহার ভিত্তিতে তাঁহার এস্যাখণ্ডস্থ রণ চেষ্টা খোদিত এবং বিচিত্র বর্ণে বর্ণিত আছে, সুতরাং তিনি জলে ও স্থলে যে২ সম্মুখ যুদ্ধ করিয়াছিলেন এবং যে২ প্রকার আক্রমণে অনেক২ নগর গ্রহণ করিয়াছিলেন আর দূর দেশস্থ সমরান্তে যে রূপ সমারোহ পূর্ব্বক স্বদেশে প্রত্যাবৃত্ত হইয়া জয় যাত্রা করিয়াছিলেন সে সকলের চিত্র পট অদ্যাপি ঐ অট্টালিকার ভিত্তিতে দৃষ্ট হয়। বোধ হয় ঐ জয়বীর ইজিপ্ত দেশের নাবিক বৃত্তিরও উন্নতি করিয়াছিলেন তাঁহার অব্যহিত পূর্ব্ববর্ত্তি রাজারদের অযত্নে যাহার উচ্ছেদের উপক্রম হইয়াছিল।

মাইএমন অর্থাৎ আমন দেবপ্রিয় উপাধিধারি রামশেস রাজার উত্তরাধিকারি ফারোরদের সময়ে ইজিপ্ত দেশ বহুকাল ব্যাপিয়া নির্ব্বিরোধ অবস্থায় থাকে এবং অনেক দিবস পর্য্যন্ত যুদ্ধশান্তি হওয়াতে প্রজারা পূর্ব্বগত রাজারদের কালে যে প্রকার যুদ্ধোদ্যম এবং জয়োৎসাহ প্রকাশ করিয়াছিল তাহার শমতা হয় ইহাতে যদিও দেশের রাজনীতি এবং কুশলের অন্যথা না হইয়া বরং প্রজারদের শিল্পবিদ্যা এবং কর্ম্ম তৎপরতা উত্তরোত্তর বৃদ্ধিশীল হইয়াছিল তথাপি তাহারদের দেশ দেশান্তরে যে রাজত্ব ছিল তাহা কালক্রমে হ্রাস পাইতে লাগিল কেননা সে সকল দেশে সভ্যতা ও সম্পত্তির

fled to Ptolemais or St. Jean d'Acre, where her daughter the queen of Syria at that time resided. Physcon was then restored to the throne of Egypt, which he enjoyed without further molestation till his death, which happened at Alexandria, in the twenty-ninth year of his reign, and sixty-seventh of his age.

Physcon was succeeded by Ptolemy Lathyrus, about a hundred and twenty-two years before Christ; but the latter had not reigned long when his mother, finding that he would not be entirely governed by her, stirred up the Alexandrians, who drove him from the throne, and placed on it his youngest brother Alexander. After this Lathyrus was obliged to content himself with the government of Cyprus, which he was still permitted to hold. But Ptolemy Alexander, finding that he was to have only the shadow of sovereignty, whilst his mother Cleopatra possessed all the power, stole away privately from Alexandria. The queen knowing well that the Alexandrians would never suffer her to reign alone, employed every artifice to bring back her son, who at last yielded to her entreaties; but soon afterwards understanding that she had hired assassins to dispatch him he caused her to be murdered. The death of the queen was no sooner made known to the Alexandrians

বাধিত হইলেন সুতরাং ক্লিওপাত্রা ফিস্কনকে বাধা দিতে অক্ষম হইয়া তলমাইস অর্থাৎ সেন্টজিন একর নগরে সিরিয়া দেশের রাজমহিষী নিজ কন্যার ভবনে আশ্রয়ার্থ পলায়ন করিলেন। অতএব ফিস্কন ইজিপ্তদেশের রাজপদে পুনশ্চ স্থাপিত হইয়া জীবদ্দশা পর্য্যন্ত নিষ্কণ্টকে রাজ্যভোগ করিলেন এবং ঊন ত্রিংশৎ বর্ষ রাজ্যশাসন করিয়া অবশেষে সপ্ত ষষ্টি বৎসর বয়ঃক্রমে আলেগজন্দ্রিয়া নগরে পঞ্চত্ব প্রাপ্ত হইলেন।

খ্রীষ্টের ১২২ বর্ষ পূর্ব্বে ফিস্কনের মরণানন্তর তলমি লেথাইরস রাজা হইলেন কিন্তু তিনি মাতৃ আজ্ঞানুসারে রাজকীয় তাবৎকার্য্য নির্ব্বাহ করিতে অস্বীকার করাতে রাজ্যারম্ভের অল্পকাল পরেই তাঁহার জননী আলেগজন্দ্রিয়া নগরস্থ লোকদিগকে তাঁহার প্রাতিকূল্য করিতে মন্ত্রণা দিল তাহাতে তাহারা তাঁহাকে পদচ্যুত করিয়া তাঁহার অনুজ আলেগজন্দরকে রাজ্যাভিষিক্ত করিল। লেথাইরস রাজ্যচ্যুত হইয়া কেবল সাইপ্রস উপদ্বীপের আধিপত্য প্রাপ্ত হইলেন। তলমি আলেগজন্দর রাজা হইয়া দেখিলেন তাঁহার মাতাই সকল বিষয়ে কর্ত্তৃত্ব করেন অতএব আপনি কেবল নাম মাত্রে রাজা থাকিতে অনিচ্ছু হইয়া গোপনে রাজধানী পরিত্যাগ পূর্ব্বক অন্যত্র প্রস্থান করিলেন তাহাতে ক্লিওপাত্রা উৎকণ্ঠিতা হইয়া মনে২ ভাবিলেন যে প্রজারা তাঁহাকে একাকিনী রাজ্যশাসন করিতে কখনই দিবেক না অতএব পুত্রকে সান্ত্বনা করিয়া আনিবার নিমিত্ত নানা প্রকার ছল ও কৌশল করিতে লাগিলেন, আলেগজন্দরও তাঁহার মায়াবিদ্যায় মুগ্ধ হইয়া রাজধানীতে প্রত্যাগমন করিলেন কিন্তু পরে মাতা তাঁহাকে নষ্ট করণার্থ গোপনে ঘাতুক লোক নিযুক্ত করিয়াছেন এই সংবাদ শুনিয়া আপনি কৌশলক্রমে তাঁহাকেই বধ করিলেন। অনন্তর রাজ্ঞীর মৃত্যু সংবাদ প্রচার হওয়াতে প্রজারা মাতৃহন্তার শাসনে থাকিতে বিরত হইয়া আলেগ-

than, disdaining to be governed by a parricide, they drove out Alexander, and recalled Lathyrus.

The deposed prince for some time led a rambling life in the island of Cos; but having got together a few ships, he the next year attempted to return into Egypt, when, being met by Tyrrhus, admiral of Lathyrus, he was defeated, and obliged to fly to Myra in Lycia. From this place he steered his course towards Cyprus, hoping that the inhabitants would place him on the throne instead of his brother; but Chareas, another admiral of Lathyrus, having come up with him just as he was about to disembark, an engagement ensued, in which Alexander's fleet was dispersed, and he himself killed. During these disturbances, Appion king of Cyrenaica, the son of Ptolemy Physcon by a concubine, having maintained tranquillity in his dominions during a reign of twenty-one years, died and by his will left his kingdom to the Romans; a bequest by which the Egyptian empire was still further reduced and circumscribed.

Lathyrus being now freed from all competitors, turned his arms against the city of Thebes, which had revolted against him, and declared itself independent. The king marched in person against the insurgents, and, having defeated them in a pitched battle, laid siege to the ancient metropolis of Egypt. The inhabitants, however, defended themselves with

জন্দরকে দূর করিয়া লেথাইরসকে পুনশ্চ রাজত্ব গ্রহণার্থ আহ্বান করিল।

আলেগজন্দর রাজ্যচ্যুত হইয়া কিয়ৎকাল পর্য্যন্ত কশ উপদ্বীপে উদাসীনের ন্যায় স্থানে২ ভ্রমণ করিতে লাগিলেন অনন্তর কএক খান জাহাজ সংগ্রহ করিয়া পর বৎসরে ইজিপ্ত দেশে প্রত্যাগমন করিতে যত্ন করিলেন কিন্তু লেথাইরসের নাবিক সেনানী তিরসের সহিত সম্মুখ যুদ্ধ উপস্থিত হওয়াতে পরাস্ত হইয়া লিসিয়ার অন্তঃপাত মাইরা নগরে পলায়ন করিলেন পরে সাইপ্রস উপদ্বীপস্থ লোকেরা যদি তাঁহার ভ্রাতাকে ত্যাগ করিয়া তাঁহাকে আধিপত্য প্রদান করে এই প্রত্যাশায় জাহাজ যোগে তথায় প্রস্থান করিলেন কিন্তু সেখানে অবরোহণ করিবার কিঞ্চিৎ পূর্ব্বে কেরিয়াস নামক লেথাইরসের আর এক নাবিক সেনানীর সহিত সাক্ষাৎ হওয়াতে যুদ্ধ উপস্থিত হইল তাহাতে আলেগজন্দরের জাহাজ সকল শ্রেণীভঙ্গ হইয়া গেল এবং তিনি স্বয়ং হত হইলেন। এই সকল গোলযোগের কালে ফিস্কনের অবরুদ্ধা পুত্র আপিওন সিরিনিকা দেশে এক বিংশতি বৎসর পর্য্যন্ত নির্ব্বিরোধে রাজ্য ভোগ করিয়া পঞ্চত্ব প্রাপ্ত হইয়াছিলেন তিনি মরণকালে রোমান দিগকে আপনার রাজ্যাধিকারি করিয়া যান সুতরাং তাঁহার দানপত্র প্রযুক্ত ইজিপ্ত রাজ্য আরও খর্ব্ব হইয়া গেল।

লেথাইরস নিঃসপত্নে রাজ্যভোগ করিতে পাইয়া থিবিস নগর জয় করণার্থ সসজ্জ হইলেন কেননা সে নগরের লোকেরা তাঁহার শাসন অমান্য করিয়া স্বাধীনতার অভিমান করিয়াছিল। রাজা ঐ বিদ্রোহকারিদের প্রতিকুলে স্বয়ং যাত্রা করিয়া তাহারদিগকে সম্মুখ যুদ্ধে পরাস্ত করত ইজিপ্তের প্রাচীন রাজধানী আক্রমণ করিলেন। তথাকার লোকেরা তিন বৎসর পর্য্যন্ত মহাবিক্রম প্রকাশ করিয়া নগর রক্ষা করিয়াছিল কিন্তু অবশেষে তাহারদিগকে রাজার নিকট শরণাগত

great resolution for three years; but at last they were obliged to submit, and the city was given up to be plundered by the soldiery, who everywhere left the most melancholy traces of their rapine and cruelty. This calamity completed the destruction of Thebes, which until that time, notwithstanding all it had suffered under the Persians, was a place of wealth and consequence; but by the barbarous and vindictive policy of Lathyrus, the venerable city was reduced to a heap of ruins. Its fate was indeed peculiarly hard. First Memphis, and then Alexandria, had arisen to obscure its ancient splendour, and to attract each into its own bosom the wealth and population of the country; nor is it to be wondered that the citizens of Thebes should have evinced a desire to recover some share of the distinction of which they had been gradually deprived, and to secure to the Egyptians a seat of government at a greater distance from the arms and intrigues of warlike neighbours. But they paid dear for the attempt to establish their independence, and the overthrow of Thebes, begun by the Persian, was completed by the Greek.

About eight-one years before Christ, Ptolemy Lathyrus was succeeded by Alexander II., the son of the Ptolemy Alexander for whom Lathyrus had been expelled. This prince had met with many adventures. He was first sent by Cleopatra into

হইতে হইল। রাজা সেনাগণকে নগর লুণ্ঠন করিতে অনু-মতি দেওয়াতে তাহারা সর্ব্বপ্রকার নিষ্ঠুরতা ও দৌরাত্ম্য করিতে লাগিল সুতরাং থিবিস নগর এই দুর্ঘটনায় সম্পূর্ণরূপে বিনষ্ট হইল। পূর্ব্বে পারস্য জাতিরা তথায় দারুণ অত্যাচার করিয়া ছিল বটে কিন্তু তাহাতে ঐ সুশোভিত এবং ধনাঢ্য প্রাচীন জন-পদ নিতান্ত নির্ধন ও সম্পত্তিহীন হয় নাই পরন্তু লেথাইরসের অসভ্য রাগেতে এক্ষণে একেবারে ভূমিসাৎ হইয়া গেল। থিবিস নগরের দুর্গতি মনে করিলে অন্তঃকরণে মহাক্ষোভ জন্মে, ঐ নগর সর্ব্বাদ্য রাজধানী ছিল কিন্তু মেম্ফিস এবং আলেগজ্জ-ন্দ্রিয়া নগরী নির্ম্মিত হওয়াতে তাহার পূর্ব্বতন শোভা ক্রমশঃ মলিন হইয়াছিল কেননা ঐ দুই নূতন নগর স্থাপিত হইলে ইজিপ্ত রাজ্যের প্রধান২ ধনাঢ্য লোকেরা থিবিস ত্যাগ করিয়া তথায় গিয়া বাস করিয়াছিল অতএব থিবিস নগরস্থ লোকেরা ক্রমশঃ মর্য্যাদায় বঞ্চিত হইয়া প্রাচীন সম্ভ্রম পুনঃপ্রাপ্ত হইবার নিমিত্ত যে অভিলাষ করে তাহা আশ্চ-র্য্যের বিষয় নহে বিশেষতঃ তাহারা মনে২ বাঞ্ছা করিয়াছিল যে বিদেশীয় রণোৎসাহি লোকেরদের হইতে কিয়ৎদূরে ইজিপ্ত দেশের এক রাজধানী স্থাপন হয়। যাহা হউক তাহারা স্বাধীন হইবার মানস করাতে দারুণ দণ্ড প্রাপ্ত হইল, পারস্য রাজেরা থিবিস নগর ধ্বংস করিবার উপক্রম মাত্র করিয়াছি-লেন কিন্তু অবশেষে গ্রীকেরা তাহা সমুদয় বিনষ্ট করিল।

খ্রীষ্টের ৮১ বৎসর পূর্ব্বে লেথাইরস রাজার পঞ্চত্ব হওয়াতে তাহার ভ্রাতুষ্পুত্র দ্বিতীয় আলেগজেন্দর রাজ্যা-ভিষিক্ত হইলেন। ইনি পূর্ব্বোক্ত তলমি আলেগজেন্দরের পুত্র যাহার নিমিত্ত লেথাইরস কিয়দ্দিবস পর্য্যন্ত রাজ্যচ্যুত হই-য়াছিলেন। তিনি বাল্যাবস্থায় অনেক আপদ বিপদে পতিত হইয়া দেশ দেশান্তরে ভ্রমণ করিয়াছিলেন, প্রথমতঃ ক্রিও-

the island of Cos, with a great sum of money, and all her jewels. But when Mithridates king of Pontus made himself master of that island, the inhabitants delivered up to him the young Egyptian prince, together with all the treasures. Mithridates gave him an education suitable to his birth; but Alexander, not thinking himself safe with a prince who had shed the blood of his own children, fled to the camp of Sylla the Roman dictator, who was then making war in Asia Minor. From that time he lived in the family of the Roman general, till the news of the death of Lathyrus reached Rome. Sylla then sent him to Egypt in order to take possession of the throne. But as the Alexandrians had before his arrival chosen Cleopatra as their sovereign, it was agreed, by way of compromise, that Ptolemy should marry this queen, and admit her as his partner in the throne. This was accordingly done; but it proved a fatal marriage to Cleopatra, for nineteen days thereafter, the unhappy queen was murdered by her husband. Nor did the cruelty of the royal barbarian cease with the commission of this horrid crime. During the fifteen subsequent years he showed himself such a monster of wickedness, that a general insurrection at length broke out amongst his subjects, and he was obliged to fly to Pompey the Great, who was then carrying on the war against Mithridates king of Pontus.

পাত্রা রাণী তাঁহাকে আপনার সমস্ত অলঙ্কার এবং যথেষ্ট ধন দান করিয়া কশ উপদ্বীপে প্রেরণ করিয়াছিলেন পরে পন্তসরাজ মিথ্রিদেতিস ঐ উপদ্বীপ জয় করিলে তত্রস্থ লোকেরা ইজিপ্তীয় রাজকুমারকে সমস্ত অর্থের সহিত তাঁহার হস্তে সমর্পণ করিয়াছিল, তাহাতে তিনি মিথ্রিদেতিস হইতে রাজকুলের উপযুক্ত শিক্ষা প্রাপ্ত হইয়াছিলেন কিন্তু পুত্র হন্তা মিথ্রিদেতিস রাজার নিকট নির্ভয়ে বাস করিতে না পারিয়া ক্ষুদ্রতর এস্যাতে রণোদ্যত রোমান দিক্তেভর সিলার নিকট আশ্রয়ার্থ পলায়ন করিলেন সুতরাং সেই সময়াবধি তিনি ঐ রোমান সেনানীর গৃহে বাস করিতে লাগিলেন। অনন্তর লেথাইরস রাজার মৃত্যু সংবাদ প্রচার হইলে সিলা তাঁহাকে ইজিপ্ত রাজ্যাধিকার করিতে প্রেরণ করিলেন। ইতি মধ্যে আলেগজন্দ্রিয়াস্থ পৌরজনেরা ক্লিওপাত্রাকে রাজ্যাভিষিক্ত করিয়াছিল অতএব আলেগজন্দর ঐ নগরে উপস্থিত হইলে বিবাদ ভঞ্জনের নিমিত্ত সকলে এই ধার্য্য করিল যে তিনি ঐ রাজ্ঞীকে বিবাহ করিয়া তাঁহার সহিত একত্র রাজ্য ভোগ করুন। পৌরজনেরদের ইচ্ছানুসারে রাজবিবাহ সম্পন্ন হইল কিন্তু তাহাতে রাণীর পক্ষে ঘোরতর অমঙ্গল ঘটিল, কেননা বিবাহের পর ঊনবিংশতি দিবস গতে রাজমহিষী স্বীয় পাণিগ্রাহের হস্তেই হত হইলেন, ঐ নিষ্ঠুর রাজকুলপাংসন স্ত্রীহত্যা রূপ মহা পাপ করিয়াও ক্ষান্ত হয় নাই, পরে পঞ্চদশ বৎসর পর্য্যন্ত রাজ্য শাসন করত এমত দুর্বৃত্ত পশুর ন্যায় ব্যবহার করিয়াছিল যে প্রজারা আর ক্রোধ সম্বরণ করিতে না পারিয়া বিদ্রোহি হইয়া উঠিল তাহাতে ঐ দুরাত্মাকে মহান্ পম্পি নামে রোমীয় সেনানীর নিকট আশ্রয়ার্থ পলায়ন করিতে হইল। পম্পি তৎকালে পন্তসরাজ মিথ্রিদেতিসের সহিত সংগ্রামে প্রবৃত্ত ছিলেন অতএব শরণ প্রার্থি নৃপতির বিষয়ে

But Pompey having refused to concern himself in the matter, he retired to the city of Tyre, where he died some months afterwards.

While he remained at Tyre a sort of prisoner, Alexander sent ambassadors to Rome, in order, if possible, to move the senate in his favour. But having been seized with the illness of which he died, before the negotiation was concluded, he, by his last will, made over all his rights to the Roman people, declaring them heirs to his kingdom; not out of any affection to the republic, but with the view of raising disputes between the Romans and his rival Auletes, a son of Ptolemy Lathyrus, whom the Egyptians had placed on the throne. The will was brought to Rome, where it occasioned warm debates, some being for taking immediate possession of the kingdom, whilst others thought that no notice whatever should be taken of such a will, because Alexander had not the right to dispose of his dominions in prejudice of his successor, and to exclude from the crown those who were of the royal family of Egypt. Cicero, in particular, represented that such a notorious imposition would debase the majesty of the Roman people, and involve them in endless wars and disputes; that the fruitful fields of Egypt would be a strong temptation to the avarice of the people, who would insist on their being divided; and that by this means the sanguinary

মনোযোগ করিতে অস্বীকার করিলেন সুতরাং ইজিপ্তরাজ নিরুপায় হইয়া তায়ার নগরে প্রস্থান করিলেন সেখানে কিয়ৎ মাস বিলম্বে তাঁহার পঞ্চত্ব হইল।

আলেগ্‌জন্দর তায়ার নগরে কারারুদ্ধ হইয়া বাস করত সেনেটর দিগকে আপনার সহায় করিবার প্রত্যাশায় রোম-নগরে দূত প্রেরণ করিয়াছিলেন, কিন্তু সেনেটর দিগের প্রতিজ্ঞার সংবাদ প্রাপ্ত না হইতে২ মরণান্তিক রোগগ্রস্ত হয়েন অতএব আসন্নকাল উপস্থিত দেখিয়া দানপত্র দ্বারা রোমান দিগকে আপন রাজ্যের উত্তরাধিকারি ধার্য্য করিয়া তাহার দিগকে সকল বিষয় দান করিলেন। তিনি রোমান দিগের প্রতি বিশেষ স্নেহ করিতেন এমত নহে তবে যে তাহার-দের নামে দানপত্র লিখিয়াছিলেন তাহার তাৎপর্য্য এই যেন লেথাইরসের পুত্র অলিতিস এবং রোমান জাতির মধ্যে বিবাদ উপস্থিত হয় কেননা ইজিপ্তীয় লোকেরা তাঁহাকে পদচ্যুত করিয়া ঐ অলিতিসকে রাজ্যাভিষিক্ত করিয়াছিল। আলেগ্‌জন্দরের দানপত্র রোমনগরে আনীত হইলে সেনেট স-মাজে মহা বাদানুবাদ উপস্থিত হইল, কোন২ সভ্যের মতে অবি-লম্বে ইজিপ্তরাজ্যের অধিকার গ্রহণ কর্ত্তব্য বোধ হইল, কেহ২ বলিলেন ঐ দানপত্র গ্রাহ্য হইতে পারে না কেননা আলেগ-জন্দর আত্মীয় জনকে উপেক্ষা অথবা ইজিপ্ত রাজ বংশকে বঞ্চ-না করিয়া স্বেচ্ছানুসারে রাজ্য দান করণে অধিকারী নহেন বিশেষতঃ সিসিরো অনেক বক্তৃতা করত কহিলেন যে দানপত্রের ছলে ইজিপ্ত রাজ্য গ্রহণ করিলে রোমানদিগের মহিমার লাঘব হইবে এবং যুদ্ধ ও বিরোধের পরিসীমা থাকিবে না, আর ইজিপ্তের উর্ব্বর ক্ষেত্র অধিকার করিলে ইতর লোকেরা লোভ সম্বরণে অক্ষম হইয়া ভূমি বিভাগের নিমিত্ত অস্থির হইবে সুতরাং ভূমিবিভাগ বিষয়ক ব্যবস্থার সম্বন্ধে, পূর্ব্বে যে রক্তা-

quarrels about the agrarian laws would be revived. These reasons had some weight with the senate; but what chiefly prevented them at this time from seizing on Egypt was, that they had lately taken possession of the kingdom of Bithynia in virtue of the will of Nicomedes, and of Cyrene and Libya in consequence of that made by Appion. They perceived that if they should, on a similar pretence, take possession of the kingdom of Egypt, this might expose their design of setting up a kind of universal monarchy, and cause a formidable combination to be formed against them.

Auletes, who now assumed and disgraced the title of Ptolemy, surpassed all the princes who went before him in the effeminacy of his manners. The surname of Auletes was given him because he valued himself on his skill in performing upon the flute, and was not ashamed even to contend for the prize in the pulic games. He took great pleasure in imitating the manners of the Bacchanals; he danced in a female dress, in the same measures which were used during the festivals of Bacchus; and he acquired a second surname descriptive of this particular accomplishment. As his title to the crown was disputable, the first care of Auletes was to get himself acknowledged by the Romans, and declared their ally; and this was obtained by applying to Julius Cæsar, who was then consul, and immensely

রুক্তি ও কোলাহল ইইয়াছিল তাহা পুনশ্চ উপস্থিত হইবে। সিসিরোর হেতুবাদ শ্রবণে সেনেটরদিগের মনে তদনুযায়ি প্রবৃত্তি জন্মিল বটে কিন্তু তাঁহারা সে নিমিত্ত ইজিপ্ত রাজ্য গ্রহণে নিবৃত্ত না হইয়া বরং অন্য এক প্রধান কারণে দান পত্র অগ্রাহ্য করিলেন, কিয়দ্দিবস পূর্ব্বে তাঁহারা নিকমি-দিস রাজার দান পত্রানুসারে বিথিনিয়া রাজ্য অধিকার করিয়াছিলেন এবং আপিওন রাজার দান পত্রানুসারে সি-রিন এবং লিবিয়া রাজ্য গ্রহণ করিয়াছিলেন সুতরাং মনেহ আশঙ্কা করিতে লাগিলেন যে ইজিপ্ত রাজ্যও ঐ ছলে অধি-কার করিলে তাঁহারদের সার্ব্বভৌম হইবার বাসনা স্পষ্ট রূপে প্রকাশ পাইবে তাহাতে দেশ দেশান্তরের লোকেরা একত্র মিলিয়া তাঁহারদের বিপক্ষতা করিতে উদ্যত হইবে।

অলিতিস অত্যন্ত স্ত্রৈণ ও রঙ্গ রসাসক্ত প্রযুক্ত পূর্ব্ববর্ত্তি রাজারদের সর্ব্বাপেক্ষা অধম হইয়া উঠিল সুতরাং তলমি নাম ধারণ করাতে সে আখ্যায় কলঙ্ক স্পর্শিল। তিনি আপনাকে বীণাবাদ্যে নিপুণ জ্ঞান করিয়া অত্যন্ত অভিমান করিতেন এবং পারিতোষিক প্রাপ্ত হইবার মানসে সামান্য বাদ্যকরের সহিত সাধারণ নাট্য শালায় প্রবেশ করিতে লজ্জা বোধ করিতেন না একারণ লোকেরা তাঁহাকে অলিতিস অর্থাৎ বীণাবাদক উপাধি দিয়াছিল। তিনি মদ্যাধিষ্ঠাত্রী বাকস দেবতার ভক্ত গণের ন্যায় আচার ব্যবহার করণে অত্যন্ত আমোদ করিতেন এবং ঐ দেবের উৎসবে যে রাগ রাগিণীর চলন ছিল সেই রাগে নারীর বেশ ধারণ করিয়া নৃত্য করিতে ভাল বাসিতেন একা-রণ তাঁহা[illegible] আর এক উপাধি হইয়াছিল। রাজ্যাধিকার বিষয়ে বিবাদ থাকাতে তিনি প্রথমতঃ রোমানদিগের সহিত মিত্রতা করিয়া তাহারদিগকে আপনার রাজত্ব স্বীকার করাইতে যত্ন করিয়াছিলেন, তৎকালে সিজর রোমদেশে কনসল ছিলেন তাঁহার অনেক ঋণ থাকাতে ইজিপ্তরাজ

in debt. Cæsar, glad of such an opportunity of raising money, made the Egyptian king pay dear for his alliance. Six thousand talents, a sum equal to about £1,162,500 sterling, were paid partly to Cæsar himself, and partly to Pompey, whose interest was necessary for obtaining the consent of the people. Though the revenues of Egypt amounted to twice this sum, yet it was raised with great difficulty, and occasioned general discontent; and whilst the people were almost ready to take up arms, a decree passed at Rome for seizing the island of Cyprus. When the Alexandrians heard of the intentions of the republic, they pressed Auletes to demand that island as an ancient appendage of Egypt; and, in case of a refusal, to declare war against that haughty and imperious people, who, they now saw, though too late, aimed at nothing less than the sovereignty of the world. But the king having refused to comply with this request, his subject, already provoked beyond measure at the taxes with which they were loaded, flew to arms, and surrounded the palace. The king, however, had the good fortune to escape their fury, and having immediately quitted Alexandria, set sail for Rome.

But on his arrival in the metropolis of the world he found that Cæsar, in whom he placed his greatest confidence, was then in Gaul. He was, however,

সহজে মনোবাঞ্ছা পূর্ণ করিলেন, কেননা সিজর অর্থসঞ্চয়ের উত্তম সুযোগ দেখিয়া অনেক ধন লইয়া তাঁহার আনুকূল্য করিযাছিলেন। ইজিপ্তরাজ ছয় সহস্র তালন্ত অর্থাৎ ১১৬২৫০০০ টাকা দানকরিতে বাধিত হইয়াছিল সিজর পম্পির সহিত তাহা বিভাগ করিয়া লইলেন কেননা পম্পির সাহায্য ব্যতীত সাধারণ লোকদিগকে সম্মত করা অসাধ্য ছিল আর তাহারা সম্মত না হইলে ইজিপ্ত রাজের অভীষ্ট সিদ্ধি হইতে পারিত না, ঐ বিপুল অর্থ ইজিপ্ত দেশের বার্ষিক রাজস্বের অর্দ্ধ মাত্র ছিল তথাচ বহুকষ্টে তাহা সংগৃহীত হয় এবং প্রজারাও তাহাতে অত্যন্ত রুষ্ট হইয়াছিল। অনন্তর ইজিপ্ত দেশীয় লোকেরা রাজার প্রতি ক্রুদ্ধ হইয়া অস্ত্র ধারণের উদ্যোগ করিতেছে এমত সময়ে রোমানেরা সাইপ্রস উপদ্বীপ গ্রহণ করিতে প্রতিজ্ঞা করিল, আলেগ্‌জন্দ্রিয়াস্থ পৌরজনেরা রোমানেরদের ঐ প্রতিজ্ঞার সূচনা শুনিয়া অলিতিসকে নিবেদন করিল যে ঐ উপদ্বীপ বহুকাল পর্য্যন্ত ইজিপ্ত রাজ্যাধীন আছে অতএব রোমানদিগকে তাহা গ্রহণ করিতে নিষেধ কর যদি তাহারা নিষেধ না মানে তবে তাহারদিগের সহিত যুদ্ধ বিস্তার কর। প্রজারদের এই রূপ উক্তি করিবার তাৎপর্য্য এই, তাহারা তখন নিশ্চয় অনুভব করিয়াছিল যে রোমানেরা সার্ব্বভৌম না হইয়া ক্ষান্ত হইবে না। পরন্তু রাজা প্রজারদের নিবেদন অগ্রাহ্য করিলেন সুতরাং তাহারা একে কর শুল্কাদির ভারে অত্যন্ত বিরক্ত হইয়াছিল তাহাতে আবার রাজার শৈথিল্য দেখিয়া আরো কুপিত হইয়া অস্ত্র ধারণ পূর্ব্বক রাজসদন বেষ্টন করিল। রাজা সৌভাগ্যক্রমে তাহারদের ক্রোধোন্মাদ হইতে পরিত্রাণ পাইয়া তৎক্ষণাৎ রাজধানী পরিত্যাগ পূর্ব্বক জাহাজ যোগে রোম নগরে প্রস্থান করিলেন।

তিনি রোম নগরে উপনীত হইয়া দেখিলেন যে তাঁহার পরম বিশ্বাস্য সুহৃৎ সিজর তৎকালে গালদেশে যাত্রা করিয়া

received with great kindness by Pompey, who assigned him an apartment in his own house, and omitted nothing in his power to serve him. But notwithstanding the protection of so powerful a man, Auletes was forced to go from house to house soliciting the votes of the senators; and after he had spent immense treasures in procuring, or rather in purchasing, a strong party in the city, he was at last permitted to lay his complaints before the senate. It would have cost him less, and reflected more honour on his character, had he followed the advice given him by Cato, who, having met the fugitive prince at Cyprus, advised him to return to Egypt, and endeavour by more equitable conduct to regain the affections of his people, instead of repairing to Rome, where all the riches of Egypt would not be sufficient to satisfy the rapacity of the leading men. At the same time there arrived an embassy from the Alexandrians, consisting of a hundred citizens, who had been deputed to make the senate acquainted with the reason of their revolt

When Auletes first set out for Rome, the Alexandrians, not knowing what had become of him, placed on the throne his daughter Berenice, and sent an embassy into Syria, to Antiochus Asiaticus, inviting him to come into Egypt to marry the queen, and to reign in partnership with her. Before the arrival of the ambassadors, however, Antiochus had

ছেন তথাপি পম্পি যথেষ্ট অনুগ্রহ প্রকাশ করিয়া তাঁহাকে আপনার বাটীতে আশ্রয় দিয়া যথাসাধ্য সাপক্ষ্য করিতে লাগিলেন। অলিতিস এমত প্রধান লোকের শরণাপন্ন হইলেও নিজ বিষয়ে সেনেটর গণের পোষকতা নিশ্চয় করণার্থ তাঁহাকে দ্বারে২ ভ্রমণ করিতে হইল। তিনি বিপুল অর্থ ব্যয়ে সভাসদ দিগের মধ্যে অনেককে স্বপক্ষে আনিয়া অবশেষে সেনেট সমাজে আপন বিষয়ের প্রসঙ্গ করিতে অনুমতি প্রাপ্ত হইলেন। কেটো তাঁহাকে সাইপ্রস উপদ্বীপে পলায়নপর দেখিয়া পূর্ব্বেই এই হিতবাক্য কহিয়াছিলেন যে "রোম নগরে আশ্রয়ার্থ না গিয়া বরং স্বদেশে প্রত্যাবৃত্ত হইয়া ন্যায়াচরণ দ্বারা প্রজাগণকে অনুগত কর কেননা রোম নগরে গেলে ইজিপ্ত দেশের সমুদয় সম্পত্তি দিয়াও তথাকার ধনলোলুপ প্রধান লোকদিগকে তৃপ্ত করিতে পারিবা না" অলিতিস যদি ঐ পরামর্শ গ্রাহ্য করিতেন তবে তাঁহার এতাদৃশ অর্থব্যয় ও মর্য্যাদার লাঘব হইত না। যৎকালে তিনি রোম নগরে আপনার অভীষ্ট সিদ্ধির চেষ্টায় ব্যাপৃত ছিলেন সেই সময়ে আলেগজন্দ্রিয়া হইতে এক শত লোক দূত স্বরূপে আসিয়া সেনেট সমাজে আপনারদের রাজদ্রোহের কারণ বর্ণনা করিতে উদ্যত হইয়াছিল।

অলিতিস প্রথমতঃ রোম নগরে প্রস্থান করিলে আলেগজন্দ্রিয়ার লোকেরা তাঁহার উদ্দেশ না পাইয়া তাঁহার কন্যা বেরীনিশীকে রাজ্যাভিষিক্ত করিয়া সিরিয়ারাজ আন্তিওকস এস্যাতিকসকে দূতদ্বারা এই নিবেদন করিয়াছিল যে আপনি ইজিপ্তে আসিয়া আমারদের রাজকুমারীকে বিবাহ করিয়া তাঁহার সহিত রাজ্য ভোগ করুণ। পরন্তু দূত উপস্থিত হইবার পূর্ব্বেই আন্তিওকস পঞ্চত্ব প্রাপ্ত হয়েন তাহাতে তাহারা তাঁহার ভ্রাতা সেলুকসকে ঐ রূপ নিবেদন করিলে তিনি অবিলম্বে সে নিবেদন গ্রাহ্য করিলেন। রাজ্ঞী উক্ত সেলুকসের

died, upon which the same proposal was made to his brother Seleucus, who readily accepted it. This Seleucus is described by Strabo as monstrously deformed in body, and still more so in mind. The Egyptians nicknamed him Kybiosactes, or the Scullion; a sobriquet which seems to have fitted him entirely. Scarcely was he seated on the throne when he gave a signal instance of his sordid and avaricious temper. Ptolemy Lagus had caused the body of Alexander the Great to be deposited in a sarcophagus of massive gold. This the royal Scullion seized upon; and thereby so provoked his wife Berenice that she caused him to be murdered. She then married Archelaus, high priest of Comana, in Pontus, who pretended to be the son of Mithridates the Great, but was, in fact only the son of a general in the service of that illustrious monarch.

On hearing of these transactions, Auletes was not a little alarmed, especially when the ambassadors arrived, which he feared would overturn all the schemes in favour of which he had laboured and expended so much. The embassy was headed by Dion, a celebrated Academic philosopher, who had many powerful friends at Rome. But Ptolemy found means to get both him and most of his followers assassinated; and thus intimidated the rest to such a degree that they durst not execute their

বিষয়ে এইরূপ বর্ণনা করেন যথা-তিনি অত্যন্ত কুৎসিতাকৃতি ও বিকট মূর্ত্তি ছিলেন এবং তাঁহার অন্তঃকরণের সংস্কার ততোধিক জঘন্য ছিল। ইজিপ্তীয় লোকেরা তাঁহার পামরত্ব দেখিয়া তাহাকে "কিবিয় শাক্তিস" অর্থাৎ "অপরিষ্কৃত পাত্র মার্জ্জক" বলিয়া অযশস্কর উপাধি দিয়াছিল, তিনিও সর্ব্বতোভাবে ঐ উপাধির উপযুক্ত পাত্র ছিলেন কেননা রাজ্যারম্ভের অব্যবহিত পরেই ধন লোলুপতা ও অধমত্বের সুস্পষ্ট লক্ষণ প্রকাশ করিয়াছিলেন। মহান্ আলেগজ্জন্দরের মরণান্তে তলমি লেগস রাজা সুবর্ণময় বৃহৎ শবাধারে তাঁহার দেহের সমাধি করিয়াছিলেন, ঐ "অপরিষ্কৃত পাত্র মার্জ্জক" রাজা লোভ সম্বরণে অক্ষম হইয়া সে সুবর্ণময় শবাধার হরণ করিয়াছিল। বেরীনিশা রাজ্ঞী রাজাকে মৃতদেহের আধার হরণ করিতে দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধা হইয়া ঘাতুক পুরুষ নিযুক্ত করত তাহার প্রাণহত্যা করিলেন। রাণী তাহার পর পন্তস দেশস্থ কোমানা দেবের প্রধান আচার্য্য আর্কিলেয়সকে বিবাহ করিলেন, ইনি মহান্ মিথ্রিদেতিসের পুত্র বলিয়া অভিমান করিতেন পরন্তু বাস্তবিক ঐ যশস্বি নৃপতির এক সেনানী তনয় ছিলেন।

ইতিমধ্যে অলিতিস রোম নগরে থাকিয়া ইজিপ্তের ঐ সকল ব্যাপার শ্রবণ করিয়া অত্যন্ত ভীত হইলেন বিশেষতঃ পূর্ব্বোক্ত দূতদিগকে আগত দেখিয়া শঙ্কা করিতে লাগিলেন যে সমস্ত ক্লেশ ও বিপুল অর্থ ব্যয় নিষ্ফল হইল। দূতগণের মধ্যে দাইওন নামে এক জন একাদিমিক পণ্ডিত সর্ব্ব প্রধান ছিলেন, রোম নগরস্থ অনেক পরাক্রম শালি লোক তাঁহার প্রতি সৌহার্দ্য করিত। কিন্তু অলিতিস কৌশল ক্রমে তাঁহাকে ও তাঁহার সমভিব্যাহারি অনেক লোককে গোপনে বধ করাইলেন তাহাতে অবশিষ্ট দূতেরা অত্যন্ত ভীত হইয়া সেনেট সমাজে আপনারদের বিষয়ের প্রসঙ্গ করিতে সাহস করিল

commission, nor, for some time, even demand justice for the murder of their colleagues. The report of so many murders, however, at last spread a general alarm. But Auletes, certain of the protection of Pompey, did not scruple to own himself the perpetrator of them; and though a prosecution was commenced against Ascitius, one of the assassins who had stabbed Dion, the chief of the embassy, and the crime was fully proved, yet the ruffian was acquitted by venal judges, who had all been bribed by Ptolemy. In a short time the senate decreed that the king of Egypt should be restored by force of arms; and all the great men in Rome were ambitious of this commission, which, they expected, would be attended with immense profit. Their contests on this occasion occupied a considerable time; and at last there was discovered a prophecy of the Sybil, which forbade the assisting an Egyptian monarch with an army. Ptolemy, therefore, wearied out with so long a delay, retired from Rome, where he had made himself generally odious, to the temple of Diana at Ephesus, there to await the decision of his fate. At this place he remained for a considerable time; but as he found that the senate came to no resolution, though he had solicited them by letters so to do, he at last, by Pompey's advice, applied to Gabinius, the proconsul of Syria, a man of most infamous character, and

না এবং কিয়দ্দিবস পর্য্যন্ত সহকারি জনগণের হত্যা কারির প্রতিকূলে বিচার প্রার্থনা করিতেও সঙ্কুচিত হইয়া রহিল। এমত বহু সংখ্যক প্রাণি হত্যার সংবাদে পৌর জনেরা অতিশয় রোষান্বিত ইহয়াছিল তথাচ অলিতিস পম্পির সাহায্যের উপর নির্ভর করিয়া আপনাকে ঐ হত্যার মূল কারণ বলিয়া স্বীকার করিতে ভয় করেন নাই। এসিশিয়স নামক এক ব্যক্তি প্রধান দূত দাইওনকে অস্ত্রাঘাতে বধ করিয়াছিল একারণ বিচারাগারে তাহার নামে অভিযোগ হইলেও এবং তাহার দোষ স্পষ্ট রূপে সপ্রমাণ হইলেও ধনলোলুপ বিচার পতিরা তলমির নিকট উৎকোচ গ্রহণ করিয়া তাহাকে নির্দ্দোষি বলিয়া মুক্ত করিল। কিয়ৎকাল পরে সেনেটরেরা এই আদেশ করিলেন যে ইজিপ্তরাজকে সৈন্য দ্বারা সাহায্য করিয়া নিজ রাজ্যে স্থাপিত করিতে হইবে তাহাতে রোম নগরের প্রধান২ লোকেরা অনেক অর্থলাভের আশ্বাসে ঐ কর্ম্ম নির্ব্বাহের ভার প্রাপণের প্রার্থনা করিতে লাগিল কিন্তু সকলেই প্রার্থক হওয়াতে অনেক দিবস পর্য্যন্ত তদ্বিষয়ের বাদানুবাদ হইল অব শেষে তাঁহারা আপনারদের সিবিল নামক ধর্ম্মশাস্ত্রে দেখিলেন যে ইজিপ্ত দেশীয় কোন রাজাকে সৈন্য দিয়া সাহায্য করা তাঁহারদের পক্ষে বিহিত নহে সুতরাং সে কার্য্য হইল না। তলমি রোম নগরে অনেক কাল বিলম্ব হওয়াতে বিরক্ত হইয়াছিলেন এবং সাধারণ লোকেরাও তাঁহাকে অত্যন্ত ঘৃণা করিতে লাগিল অতএব তিনি তথা হইতে প্রস্থান করিয়া এফিশস নগরস্থ দায়ানা দেবীর মন্দিরে আসিয়া পরে কি ঘটনা হয় তাহার প্রতীক্ষায় রহিলেন কিন্তু অনেক দিবস পর্য্যন্ত বিলম্ব করিয়া দেখিলেন যে তিনি বারম্বার লিপিযোগে সাহায্য প্রার্থনা করিলেও সেনেটরেরা তাঁহার বিষয়ে কিছুই ধার্য্য করিলেন না সুতরাং অবশেষে পম্পির পরামর্শ গ্রাহ্য করিয়া সিরিয়া দেশের প্রতিনিধি কন্সল গেবিনিয়সকে আনুকূল্য করি

ready to undertake any thing for money. The application was successful; and, though it was contrary to an express law for any governor to go out of his province without positive orders from the senate and people of Rome, yet Gabinius ventured to transgress this law, upon condition of being well paid for his pains. As a recompense for his trouble, however, he demanded ten thousand talents; that is, about £1,937,500 sterling. Glad to be restored on any terms, Ptolemy agreed to pay the sum demanded; but Gabinius refused to stir until he had received one half of it. This obliged the king to borrow it from a Roman knight called Caius Rabirius Posthumius, Pompey interposing his credit and authority for the payment of the principal sum and interest.

Gabinius now set out for Egypt, attended by the famous Mark Antony, who at this time served in the army under him. He was met by Archelaus, who since the departure of Auletes had reigned in Egypt jointly with Berenice, at the head of a numerous army; but the Egyptians were utterly defeated, and Archelaus taken prisoner in the first engagement. Gabinius might now have put an end to the war, but his avarice prompted him to dismiss Archelaus, on the latter paying a considerable ransom; after which, pretending that the captive had made his escape, fresh sums were demanded from

অনুরোধ করিলেন। গেবিনিয়স অত্যন্ত পামর স্বভাব ছিল অর্থলোভে কোন কার্য্য করিতে সঙ্কুচিত হইত না সুতরাং ইজিপ্ত রাজের নিবেদন তৎক্ষণাৎ গ্রাহ্য করিল আর রোম নগরস্থ সেনেটর এবং সাধারণ লোকের অনুমতি ব্যতীত প্রদেশাধিপতিদের প্রতি স্ব২ অধিকার ত্যাগ করিয়া অন্যত্র যাত্রা করণের স্পষ্ট নিষেধ থাকিলেও বিপুল অর্থ প্রাপ্তির পণে সাহস পূর্ব্বক রাজকীয় ব্যবস্থা লঙ্ঘন করিয়া যাত্রা করিল। গেবিনিয়স স্বীয় পরিশ্রমের পুরস্কারার্থ ইজিপ্ত রাজের নিকট দশ সহস্র তালন্ত অর্থাৎ প্রায় ১৯৩৭৫০০০ টাকা পারিতোষিক চাহিল, তলমি যত অর্থব্যয়ে হউক রাজ্য লাভ করিলেই অভীষ্ট সিদ্ধি হইবেক এই ভাবিয়া তাহার যাচিত পণ প্রদান করিতে স্বীকার করিলেন, কিন্তু গেবিনিয়স কহিল অর্দ্ধেক পণ হস্তগত না করিয়া যুদ্ধ যাত্রা করিব না অতএব ইজিপ্ত রাজকে ঋণ করিতে হইল, এবং পম্পি সবৃদ্ধিক ঋণোদ্ধারার্থ এক প্রকার প্রতিভূ হওয়াতে কাইয়স রেবিরিয়স পস্থুমস নামক এক জন সম্ভ্রান্ত রোমান তাঁহাকে টাকা কর্জ্জ দিলেন।

অনন্তর গেবিনিয়স ইজিপ্ত দেশে রণযাত্রা করিলেন মার্ক আন্তোনি নামে প্রসিদ্ধ রোমান সেনানী তৎকালে তাঁহার অধীনে যুদ্ধ কার্য্য করিতেন তিনিও তাঁহার সমভিব্যাহারে যাত্রা করিলেন। রোমান সেনারা উপস্থিত হইলে আর্কিলেয়স যিনি অলিতিসের স্বদেশ ত্যাগের পর বেরীনিশী রাণীর সহিত নিরন্তর রাজ্যভোগ করিতেছিলেন তিনি অনেক সৈন্য সামন্ত লইয়া শত্রু পক্ষের সহিত সংগ্রাম করিতে অগ্রসর হইলেন কিন্তু একবার সম্মুখ যুদ্ধ হওয়াতেই ইজিপ্তীয় লোকেরা পরাভূত হইল এবং আর্কিলেয়স স্বয়ং শত্রু হস্তে পতিত হইলেন। গেবিনিয়স ইচ্ছা করিলে যুদ্ধের শেষ করিয়া তলমিকে একেবারে রাজ্যাভিষিক্ত করিতে পারিতেন কিন্তু আরো অর্থ আকর্ষণের লোভে আর্কিলেয়সের নিকট যথেষ্ট ধন

Ptolemy for defraying the expenses of the war. For these sums Ptolemy was again obliged to apply to Rabirius, who lent him what money he wanted, on exorbitant interest; but at last Archelaus was defeated and killed and thus Ptolemy again became master of all Egypt.

No sooner had Auletes regained possession of the throne, than he put to death his daughter Berenice, and oppressed his people by the most cruel exactions, in order to raise the money he had been obliged to borrow whilst in a state of exile. These oppressions and exactions the Egyptians bore patiently, being intimidated by the garrison which Gabinius had left in Alexandria. But notwithstanding the heavy taxes which Ptolemy laid on his people, it does not appear that he had any serious intention of paying his debts. Rabirius, who, as we have already observed, had lent him immense sums, finding that the king affected delays, undertook a voyage to Egypt in order to expostulate with him in person. But Ptolemy paid little regard to his expostulations, and excused himself on account of the bad state of his finances, at the same time offering to make Rabirius collector-general of his revenues, in order that, whilst thus employed, he might indemnify himself. The unfortunate creditor accepted the employment, in the hope of recovering his debt; but soon afterwards, upon some frivolous

লইয়া তাহার বন্ধন মোচন করিলেন পরে দৈবাৎ শত্রু বন্ধন ছেদ করিয়া পলায়ন করিয়াছে এই বলিয়া যুদ্ধ প্রবল রাখিবার ব্যয়ার্থ তলমির নিকট আরও মুদ্রা চাহিলেন। অতএব তলমিকে পুনশ্চ রেবিরিয়সের নিকট ঋণগ্রহণ করিতে হইল তাহাতে রেবিরিয়স যথেষ্ট লাভের পণে তাহার প্রয়োজন মত টাকা কর্জ্জ দিলেন। অবশেষে আর্কিলেয়স যুদ্ধে পরাস্ত ও হত হওয়াতে তলমি পুনশ্চ ইজিপ্ত দেশের রাজ্য লাভ করিলেন।

তলমি রাজ্য লাভ করিবা মাত্র আপন কন্যা বেরিনিশীকে বধ করিলেন এবং দেশ ত্যাগি অবস্থায় যে বিপুল অর্থ ঋণ স্বরূপে গ্রহণ করিয়াছিলেন তৎপরিশোধার্থ প্রজারদের সম্পত্তি হরণ করত সকলের প্রতি নিষ্ঠুরতাচরণ করিতে লাগিলেন। গেবিনিয়স আলেগজন্দ্রিয়া নগর রক্ষার্থ যে রোমান সৈন্য রাখিয়া গিয়াছিলেন তাহারদের ভয়ে প্রজারদিগকে ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক রাজকৃত অত্যাচার ও সম্পত্তি হরণ সহিষ্ণুতা করিতে হইল। পরন্তু তলমি বল পূর্ব্বক প্রজারদের বিভব হরণ করিলেও বোধ হয় তাহার ঋণ পরিশোধ করিবার মানস ছিল না। রেবিরিয়স যিনি তাঁহাকে রাশিং অর্থ কর্জ্জ দিয়াছিলেন তিনি ইজিপ্ত রাজের ঋণ শোধে বিলম্ব দেখিয়া বাদানুবাদ করণার্থ জাহাজ যোগে তথায় স্বয়ং যাত্রা করিলেন, তলমি তাঁহার হেতুবাদে কিঞ্চিন্মাত্র মনোযোগ করিলেন না এবং ছল করিয়া কহিলেন রাজকোষ শূন্য একারণ আমি ঋণোদ্ধার করিতে অক্ষম, পরে রেবিরিয়সকে কর সংগ্রহণ কার্য্যের অধ্যক্ষ রূপে নিযুক্ত করিতে চাহিয়া কহিলেন তুমি কর সংগ্রহ করত আপনার প্রাপ্তব্য ধন গ্রহণ করিতে পারিবা, রেবিরিয়স আপনার প্রাপ্য ধন আদায় করিবার প্রত্যাশায় ঐ কর্ম্ম গ্রাহ্য করিলেন কিন্তু কিয়দ্দিবস পরেই তলমি কোন তুচ্ছ বিষয়ে তাঁহার প্রতি অন্যায় পূর্ব্বক

pretence or other, Ptolemy caused him and all his servants to be closely confined. This base conduct exasperated Pompey as much as Rabirius; for the former had been in a manner security for the debt, as the money had been lent at his request, and the business transacted at his country house near Alba. However, as Rabirius had reason to fear the worst, he seized the first opportunity of making his escape, glad to escape with life from a debtor at once so faithless and cruel. To complete his misfortunes, he was prosecuted at Rome as soon as he returned, first, for having enabled Ptolemy to corrupt the senate with sums lent him for that purpose; secondly, for having debased and dishonoured the character of a Roman knight, by farming the revenues, and becoming the servant of a foreign prince; and, thirdly, for having been an accomplice with Gabinius, and sharing with him the ten thousand talents which that proconsul had received for his Egyptian expedition. But, by the eloquence of Cicero, Rabirius was acquitted; and one of the best orations to be found in the writings of that illustrious Roman was composed on this occasion. Gabinius was also prosecuted; and, as Cicero spoke against him, he very narrowly escaped death. He was, however, condemned to perpetual banishment, after having been stripped of all he was worth; and he lived in exile until the time of

দোষারোপ করিয়া তাঁহাকে তাঁহার সকল ভৃত্যের সহিত কারা-
রুদ্ধ করিলেন। ইজিপ্ত রাজের ঐ কুৎসিত আচরণের সংবাদ
শুনিয়া পম্পি ও রেবিরিয়সের ন্যায় ক্রুদ্ধ হইলেন কেননা তলমি
যখন আল্‌বা সন্নিহিত তাঁহার উদ্যানে অবস্থিতি করেন তখন
তাঁহার কথাতেই রেবিরিয়স টাকা কর্জ্জ দিয়াছিল সুতরাং
তিনি ঋণ পরিশোধার্থ এক প্রকার প্রতিভূ হইয়াছিলেন। রেবি-
রিয়স এমত নিষ্ঠুর এবং অবিশ্বাসি অধমর্ণের নিকট নিস্তার
নাই এই ভাবিয়া সুযোগ পাইবামাত্র আত্ম জীবন লইয়া
ইজিপ্ত হইতে পলায়ন করিলেন, কিন্তু ধনে বঞ্চিত হইয়াও
শান্তি ভোগ করিতে পাইলেন না, রোম নগরে প্রত্যাগমনের
অব্যবহিত পরেই বিচারাগারে তাঁহার নামে অভিযোগ হইল
কেননা প্রথমতঃ তিনি সেনেটর গণকে উৎকোচ দিবার নিমিত্ত
টাকা কর্জ্জ দিয়া তলমির যথেষ্ট অর্থানুকুল্য করিয়াছিলেন,
দ্বিতীয়তঃ বিদেশীয় রাজার দাসত্ব স্বীকার করত রাজস্ব শুল্কা-
দির ইজারা লইয়া রোম দেশীয় মর্য্যাদার লাঘব ও অযশঃ
করিয়াছিলেন, তৃতীয়তঃ গেবিনিয়সের সহিত মন্ত্রণা করিয়া
সে ব্যক্তি ইজিপ্তীয় যুদ্ধের ব্যয় নির্ব্বাহার্থ যে দশ সহস্র তালন্ত
পাইয়াছিল তাহার অংশ লইয়াছিলেন। রেবিরিয়স বিচারা-
গারে এই রূপে অপবাদিত হইলে সিসিরো তাঁহার দোষ
খণ্ডনার্থ বক্তৃতা করিয়াছিলেন তাহাতে ঐ উত্তমর্ণ
নির্দ্দোষি রূপে গণিত হইলেন। সিসিরো নানাবিষয়ে বক্তৃ-
তা করিয়াছিলেন কিন্তু রেবিরিয়সের দোষ খণ্ডনার্থ উক্তি
সর্ব্বাপেক্ষা উত্তমরূপে রচিত হইয়াছিল। পরে গেবিনিয়-
সের নামেও ঐ রূপ অভিযোগ হইল এবং সিসিরো তাহার
বিপক্ষে বক্তৃতা করাতে তিনি প্রাণ সংশয়ে পতিত হই-
লেন এবং মৃত্যু দণ্ড হইতে রক্ষা পাইলেও সমস্ত বিভব
হারাইয়া যাবজ্জীবন বিদেশে প্রবাস করিতে বাধ্য হইলেন,
কিন্তু তিনি রোম দেশীয় গৃহ বিবাদ পর্য্যন্তই দেশ ত্যাগী

the civil wars, when he was recalled by Cæsar, in whose service he lost his life.

Auletes enjoyed the throne of Egypt about four years after his restoration, and at his death left his children under the tuition of the Roman people. Among the infants thus left to the protection of the republic were Cleopatra, who afterwards became so famous, and her brother Ptolemy Dionysius. As soon as these princes became of age, they were placed on the throne, and associated in the government; but their union was of short continuance, and each being supported by a numerous party, their dissensions soon terminated in a civil war. In this contest the queen was beaten, and compelled to seek refuge in Syria. But not long after her misfortune Julius Cæsar appeared in Egypt: his victory at Pharsalia had given him Rome, he was now undisputed master of the republic, and he had come to Egypt to complete his conquest by quelling the intestine commotions which had distracted that kingdom. Celopatra lost no time in repairing to Alexandria, and having managed to obtain a secret interview with the Roman general, speedily secured his powerful favour by her arts and caresses. This able but profligate soldier immediately restored her to power, and issued a decree in the name of the senate, which in fact existed only in his own person, ordaining that Ptolemy Dionysius and his sister Cleopatra should be acknow-

হইয়া থাকেন পরে সিজরের আহ্বানে পুনশ্চ স্বদেশে আসিয়া তাঁহার দশসহ সৈন্য শ্রেণীর মধ্যে যুদ্ধ করিতে২ রণশায়ী হয়েন।

অলিতিস রাজ্য লাভের পর চারি বৎসর পর্য্যন্ত প্রজা পালন করিয়া পঞ্চত্ব প্রাপ্ত হয়েন, তিনি আসন্ন কালে আপনার সন্তান সন্ততি গণকে রোমান জাতির অধীনে শিক্ষা গ্রহণ করিতে আজ্ঞা করিয়া যান। রক্ষণাবেক্ষণ নিমিত্ত রোমান জাতির হস্তে সমর্পিত ঐ রাজ সন্তানাদির মধ্যে ক্লিওপাত্রা নামে এক কুমারী ছিল তিনি পরে অত্যন্ত বিখ্যাতা হয়েন, আর তৎসহ দাইওনিসিয়স নামে এক কুমারও ছিল। এই নৃপনন্দন এবং রাজ নন্দনী দুই জনে বয়ঃপ্রাপ্ত হইলে উভয়েই রাজ্যাভিষিক্ত হইয়া একত্র রাজ্য ভোগ করিতে লাগিলেন কিন্তু তাঁহারা অবিলম্বে পরস্পরের প্রতিকূল হইয়া উঠিলেন আর প্রত্যেকের পক্ষে ভূরি২ অনুগত লোক থাকাতে তাহারদের বাগযুদ্ধে শীঘ্র গৃহ বিচ্ছেদ উপস্থিত হইল, ক্লিওপাত্রা রণে পরাভূতা হইয়া সিরিয়া দেশে পলায়ন করিতে বাধিত হইলেন। কিয়ৎকালানন্তর জুলিয়স সিজর ইজিপ্ত দেশে উপস্থিত হইলেন, তিনি ফার্সেলিয়ার যুদ্ধে কৃতকার্য্য হইয়া রোম নগর অধিকার পূর্ব্বক রাজ্যাধিপতি হইয়াছিলেন অতএব সম্পূর্ণ জয়লাভার্থ ইজিপ্ত দেশের গৃহবিচ্ছেদ উচ্ছেদ করিতে মানস করিলেন। ক্লিওপাত্রা সিজরের আগমন সংবাদ শ্রবণ মাত্রে আলেগজন্দ্রিয়া নগরে ত্বরায় প্রত্যাবৃত্ত হইয়া কৌশল পূর্ব্বক ঐ রোমান সেনানীর সহিত বিরলে সাক্ষাৎ করিয়া তাঁহাকে আপনার মোহন রূপ লাবণ্যে মুগ্ধ করত তাঁহার অনুরাগ ভাজন হইলেন, সিজর শৌর্য্যবীর্য্যে প্রধান হইলেও স্ত্রৈণতা দোষে ক্লিওপাত্রার অনুকূল হইয়া তৎক্ষণাৎ তাঁহাকে রাজপদ প্রদান করিলেন এবং স্বয়ং সর্ব্বাধ্যক্ষ হইয়া সেনেটরের দিগেক্ষনামে এই আজ্ঞা পত্র প্রকাশ করিলেন যে দাইও-

ledged as joint sovereigns of Egypt. This arrangement, however, displeased the partizans of the young king, who had recourse to a stratagem, by which Cæsar and his attendants narrowly escaped destruction. A war soon afterwards ensued; Ptolemy was defeated and killed; and the power of the Romans was established by the right of conquest, no less than by the title of guardianship.

In order to satisfy the prejudices of the Egyptians, Cleopatra was now provided with a colleague; and her youngest brother, then not more than eleven years of age, was placed beside her on the throne. Such an appointment could not possibly serve as any real restraint on the authority of the queen, or as a limitation of her power, although this was no doubt the object of the people in requiring it; but notwithstanding that the control thus established was in a great measure nominal, the apparent check was removed by the murder of the unhappy boy, who fell a victim to the remorseless jealousy which at the period in question inflamed, whilst it dishonoured, the descendants of Ptolemy Lagus. But the term of the dynasty which this great man had founded was now approaching. The murder of Julius Cæsar, and the subsequent defeat of Mark Antony, raised the fortune of Octavianus above all rivalry or competition, and at length invested him with the purple, as the acknowledged head of the Roman empire. Cleopatra,

নিসিয়স এবং ক্লিওপাত্রা উভয়েই একত্র রাজ্য ভোগ করি-
বেন। দাইওনিসিয়সের দলস্থ লোকেরা ঐ আজ্ঞা পত্রে
অসন্তুষ্ট হইয়া কৌশল পূর্ব্বক সিজরকে সংহার করিতে চেষ্টা
করিল তাহাতে সিজর সমভিব্যাহারি জন গণের সহিত অতি-
কষ্টে আত্ম প্রাণ রক্ষা করিয়াছিলেন। অনন্তর বিগ্রহ উপ-
স্থিত হওয়াতে তলমি পরাভূত ও হত হইলেন সুতরাং
রোমানেরা পূর্ব্বে যে রাজবংশের রক্ষক মাত্র থাকিয়া ইজিপ্ত
দেশে প্রভুত্ব করিতেন এক্ষণে তাহারদিগকে যুদ্ধে জয় করিয়া
সে দেশ সম্পূর্ণ রূপে আপনারদের অধীন করিলেন।

কোন রাজ্ঞী একাকিনী রাজত্ব করিলে ইজিপ্তীয় লোকেরা
অত্যন্ত বিরক্ত হইত অতএব ক্লিওপাত্রা রাণী হইয়া প্রজা-
রদের সান্ত্বনার্থে কনিষ্ঠ ভ্রাতাকে সিংহাসনারূঢ় করিয়া
রাজ্যাংশী করিলেন কিন্তু তৎকালে সেই কুমারের বয়ঃক্রম
একাদশ বর্ষ মাত্র ছিল সুতরাং তাহাতে প্রজারদের অভি-
প্রায় সিদ্ধ হইল না কেননা তিনি ভগিনীর একাধিপত্যে
কোন প্রকার ব্যাঘাত করিতে অথবা তাঁহার পরাক্রম কোন
রূপে খর্ব্ব করিতে সক্ষম ছিলেন না। রাজ্ঞী অনুজকে রা-
জ্যাংশী করাতে তাঁহার স্বেচ্ছাচারিত্বে কেবল নাম মাত্র বাধা
জন্মিয়াছিল তথাচ তিনি ঐ সহায় হীন কুমারকে বধ করিয়া
আপনাকে সর্ব্বতোভাবে নিষ্কণ্টক করিলেন। তৎকালে তল-
মি লেগসের বংশীয় সকলেই কুলপাংসন হইয়া নির্দ্দয়
চিত্তে পরস্পরের হিংসায় মত্ত হইত তাহাতেই ঐ নৃপতি
তনয় হত হয়েন তাহার পরে লেগস রাজার বংশ আর অধিক
কাল রাজ্য ভোগ করিতে পায় নাই। জুলিয়স সিজরের হত্যা
এবং তৎপরে আন্তোনির পরাভব হওয়াতে অক্তেবিএনস
নিঃসপত্নে ও নিষ্কণ্টকে প্রভুত্ব প্রাপ্ত হইয়াছিলেন এবং
অবশেষে রাজচিহ্ন স্বরূপ লোহিত পরিচ্ছদে ভূষিত হও-
য়াতে রোমান সাম্রাজ্যে সর্ব্বাধিপতি বলিয়া গ্রাহ্য হইয়া-

whose charms had enslaved the triumvir to his ruin, escaped by a voluntary death from the vengeance of the conqueror. Suspecting that he intended to degrade her, by assigning her a place in the train of captives who were to adorn his triumphal ascent to the capitol, the favorite of Cæsar and of Antony spared herself this ignominy by means of the friendly poison of an asp. With Cleopatra ended the line of the Greek sovereigns, and the descendants of Ptolemy Lagus, the founder of the Greek dynasty of Egypt, after having governed that country for the space of two hundred and ninety years.

From this time Egypt became a province of the Roman empire, and its history merged in that of the mighty people by whose lieutenants it was henceforth governed. Occasionally disturbed by intestine insurrections, and sometimes a prey to foreign war, it was nevertheless maintained against both domestic and external foes, until the decline of the Roman power under the successors of Augustus rendered it necessary to abandon the extremities in order to defend the heart of the empire, and to withdraw the legions from distant provinces in order to protect from the inroads of barbarians the countries situated on the Danube and the Tiber. In the beginning of the second century, the indefatigable Hadrain, spent two years in Egypt, and during his stay laboured with his accustomed perseverance to

ছিলেন। ক্লিওপাত্রা নিজ রূপ লাবণ্য বিস্তার করিয়া আন্তোনিকে অনুগত করাতেই সেই সেনানীর প্রভাব ক্ষয় হয় তিনি এক্ষণে বিজয়ি বীরের কোপ দেখিয়া ভীতা হইয়া আত্ম হত্যা করিলেন, তাঁহার মনে এই আশঙ্কা জন্মিয়াছিল যে তিনি জীবিতা থাকিলে অক্তেবিএনস রোম নগরে প্রত্যাগমন পূর্ব্বক জয় যাত্রার সমারোহ কালে তাঁহাকে বন্দি শ্রেণীর মধ্যে ভুক্ত করিয়া অপমান পুরঃসর সঙ্গে লইয়া কাপিতলে আরোহণ করিবেন। সিজর এবং আন্তোনি যে রাজ মহিষীর সহিত ক্রমশঃ প্রণয় করিয়াছিলেন তাঁহার পক্ষে ঐ প্রকার অপমান শঙ্কা অবশ্য দুঃসহ বোধ হইয়া থাকিবে অতএব ক্লিওপাত্রা বক্ষঃস্থলে কালসর্প সংযোগ করিয়া আপনাকে ঐ ভয় হইতে মুক্ত করিলেন। ক্লিওপাত্রার মরণান্তে ইজিপ্ত দেশে আর কোন গ্রীক নরপতি রাজ্য প্রাপ্ত হয়েন নাই সুতরাং তথাকার প্রথম গ্রীক রাজ তলমি লেগসের বংশ দুই শত নবতি বৎসর পর্য্যন্ত রাজ্য ভোগ করিয়া অবসন্ন হইল।

ঐ সময়াবধি ইজিপ্ত দেশ রোম রাজ্যাধীন হইয়া রোমান অধ্যক্ষ দ্বারা শাসিত হইতে লাগিল সুতরাং তদ্দেশীয় পুরাবৃত্তও রোম রাজ্যের ইতিহাসের সহিত মিশ্রিত হইয়া গেল। রোমানেরা ইজিপ্ত রাজ্যেশ্বর হইলে তথাকার প্রজারা মধ্যে২ বিদ্রোহ করিয়াছিল আর বিদেশীয় লোকেরাও কখন২ যুদ্ধ করিয়াছিল কিন্তু রোমানেরা দেশীয় বা বিদেশীয় সকল প্রকার শত্রু দমন করিয়া ঐ দেশ আপনারদের অধীনে রাখিয়াছিল। অবশেষে অগস্তস রাজার উত্তরাধিকারিদের কালে রোম রাজ্যের প্রভাব ক্ষয় হওয়াতে প্রান্তস্থিত প্রদেশ ত্যাগ করিয়া মধ্যবর্ত্তি দেশ রক্ষার প্রয়োজন হইয়াছিল সুতরাং রোমানেরা দেনিউব এবং রাইবর নদী তীর স্থিত দেশ রক্ষা করিবার মানসে অসভ্য জাতিরদের আক্রমণ নিরাকরণ করণার্থ সমস্ত সৈন্যকে ইজিপ্ত প্রভৃতি দূরস্থ প্রদেশ হইতে প্রত্যা-

revive among the natives a love of letters, and a taste for the beauties of architecture. At a somewhat later period, Severus made a similar visit to the land of the Pharaohs and Ptolemies, and, like his illustrious but eccentric predecessor, exerted himself to relieve the burdens and ameliorate the condition of the people; at the same time encouraging every attempt made to repair the ancient monuments, to replenish the libraries of Alexandria with books, and the museums with instruments and works of art, and above all, to withdraw studious or contemplative minds from the dangerous and absurd pursuits of magic and judicial astrology. During the reigns of Claudius and Aurelian, Egypt was slightly agitated in consequence of the pretensions of Zenobia, queen of Tadmor or Palmyra, who, as a descendant of the Ptolemies, declared herself sovereign of Egypt, marched her armies to the frontiers of that country, and even gained some advantages over the Romans; but her troops being firmly opposed by the legions, at length sustained a total defeat, when the queen herself was taken prisoner and carried captive to Rome. At a subsequent period the Emperor Probus visited Egypt, where, under his auspices, many considerable works were executed; the navigation of the Nile was improved; and temples, bridges, porticos, and palaces were constructed, chiefly by the hands of the soldiers, who

বৃত্ত করাইয়াছিল। খ্রীষ্টাব্দের এক শত বর্ষ গতে হেড্রিয়ান রাজা দুই বৎসর পর্য্যন্ত ইজিপ্ত দেশে বাস করিয়াছিলেন এবং স্বয়ং স্বভাবতঃ পরিশ্রমী প্রযুক্ত বহুতর যত্নে তথাকার প্রজারদিগকে পূর্ব্ববৎ বিদ্যানুরাগি এবং শিল্প বিশারদ করিতে চেষ্টা করিয়াছিলেন। তদনন্তর কিয়ৎকাল পরে সিবিরস রাজাও ঐরূপে ইজিপ্তে গমন করিয়া পূর্ব্বোক্ত যশস্বি অথচ অস্থিরচিত্ত মহীপালের ন্যায় প্রজারদের ক্লেশ শান্তি এবং অবস্থা শোধন করিতে যত্ন করিয়াছিলেন এবং প্রাচীন প্রাসাদাদির পুনঃসংস্কার করিতে ও আলেগজন্দ্রিয়া নগরস্থ পুস্তক মন্দির এবং মুজিয়ম অর্থাৎ বিচিত্র দ্রব্যাদির আধার স্থানকে নানাবিধ গ্রন্থে ও উত্তমং শিল্প কার্য্যে পরিপূর্ণ করিতে উৎসাহ দিয়াছিলেন বিশেষতঃ বিদ্যার্থি স্থিরধী যোগি পুরুষদিগকে গ্রহনক্ষত্রের শুভাশুভ ফল গণনা এবং ইন্দ্রজাল প্রভৃতি কুসংস্কার উৎপাদক অসঙ্গত পদার্থ চিন্তা হইতে নিবৃত্ত করিতে চেষ্টা করিয়াছিলেন। ক্লদিয়স এবং আরিলিয়ন রাজারদের অধিকার কালে জিনোবিয়া নাম্নী তাদমর অর্থাৎ পালমিরা দেশের রাজ্ঞী তলমি রাজাদিগের বংশে উৎপন্না প্রযুক্ত ইজিপ্ত রাজ্যেশ্বরী বলিয়া অভিমান করিয়াছিলেন এবং তদ্দেশের প্রান্ত পর্য্যন্ত সসৈন্যে যাত্রা পূর্ব্বক রোমান দিগের প্রতিকূলে সংগ্রাম করিয়া কিয়ৎ পরিমাণে কৃত কার্য্যা হইয়াছিলেন তাহাতে ইজিপ্ত দেশে গোলযোগ উপস্থিত হইয়াছিল কিন্তু রোমান সেনারা পরে দৃঢ় প্রতিজ্ঞ হইয়া যুদ্ধ করাতে ঐ রাজমহিষীর সৈন্য অবশেষে সম্পূর্ণ রূপে পরাভূত হইল এবং রাণী স্বয়ং ধৃতা হইয়া বন্দিস্বরূপে রোম নগরে নীতা হইলেন। অপর প্রোবস রাজাও কিছু কাল পরে ইজিপ্ত দেশ দর্শন করিতে গিয়াছিলেন তাঁহার আদেশে অনেক মহৎ২ কার্য্য সম্পন্ন হইয়াছিল অর্থাৎ তিনি নীল নদীর উপর নৌকাদির গমনাগমনের উত্তম উপায় এবং সেতু-

acted as engineers, architects, and common labourers. But on the division of the empire by Diocletian, Egypt fell into a very distracted state; Achilleus at Alexandria, and the Blemmyes, a savage race of Ethiopians, having defied the arms of Rome. Resolved to punish the insurgents, the emperor opened the campaign with the siege of Alexandria; he cut off the aqueducts which supplied the city with water, and, notwithstanding a vigorous resistance, pushed his attack with so much steadiness and effect, that at the end of eight months the besieged submitted to the mercy of the conqueror. Busiris and Coptos were even more unfortunate than Alexandria. These proud cities, one distinguished for its great antiquity, and the other remarkable for its riches, acquired by the transit of the commerce of India, having continued their resistance to the last, were carried by assault and utterly destroyed.

The introduction of Christianity into Egypt was attended by many excesses on the part of the people, and even by some commotions which endangered the stability of the government. The adherents of the ancient faith, the worshippers of Ammon, of Knouphis, and of Phtha, naturally resisted the exposure of their idols, the desecration of their temples, and the destruction of their most sacred monuments; whilst, on the other hand, the ministers of Christianity, with a zeal which far outran the limits of